

# বালি থেকে প্যারিস জলবায়ু সম্মেলন

জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক ১৩ থেকে ২১তম সম্মেলনে
REDD+ সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাংলা অনুবাদ

**The Road from Bali to Paris: Collection of COP Decisions on REDD+**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

UN-REDD PROGRAMME

Food and Agriculture Organization of the United Nations
UNDP
UN environment

**প্রকাশনায়ঃ**
বাংলাদেশ বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এই অনূদিত প্রকাশনাটি “UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি” এর আওতায় প্রকাশ করা হয়েছে। কর্মসূচিটি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের দিক নির্দেশনায়, বাংলাদেশ বন বিভাগের নেতৃত্বে UNDP এবং FAO এর কারিগরি সহায়তার মাধ্যমে বাস্তবায়িত হয়ে আসছে।

এই প্রকাশনাটিতে অনুবাদ সংক্রান্ত কোন ভুলের দায় দায়িত্ব বন অধিদপ্তর অথবা UN-REDD কর্মসূচির এর উপর বর্তাবে না।

**প্রকাশকালঃ** সেপ্টেম্বর ২০১৮, ঢাকা, বাংলাদেশ।

**উদ্ধৃতিঃ** UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি, ২০১৮। বালি থেকে প্যারিস জলবায়ু সম্মেলনঃ জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক ১৩ থেকে ২১ তম সম্মেলনে REDD+ সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাংলা অনুবাদ। UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি, বাংলাদেশ বন বিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ। ৬০ পৃষ্ঠা

**ISBN**: ৯৭৮-৯৮৪-৩৪-৪৮০৫-৭

**প্রচ্ছদ ছবিঃ** বাংলাদেশ বন বিভাগ থেকে সংগৃহীত
**পিছনের প্রচ্ছদ ছবিঃ** মোঃ মনিরুজ্জামান

**অলঙ্করণ এবং মুদ্রণেঃ** মোঃ ইনামুল শাহরিয়ার এবং প্রোগ্রেসিভ প্রিন্টার্স প্রাইভেট লিমিটেড

# বালি থেকে প্যারিস জলবায়ু সম্মেলন:

## জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক ১৩ থেকে ২১তম সম্মেলনে REDD+ সংক্রান্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাংলা অনুবাদ

*এই পুস্তিকাটির ইংরেজি সংস্করণে কাজ করেছেন*

**The Road from Bali to Paris: Collection of COP Decisions on REDD+**


Heang Thy, Knowledge Management Specialist, UN-REDD Programme
Peter Iversen, UN-REDD Start-up Advisor/Myanmar
Tim Boyle, Regional Technical Advisor, UN-REDD Programme
Thomas Enters, Regional Technical Advisor, UN-REDD Programme


*প্রথম বাংলা সংস্করণের কাজ করেছেন*


জনাব শামছুদ্দোহা
এবং
জনাব নাসিম আজিজ



UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি
২০১৮


বন অধিদপ্তর

# ভূমিকা

বাংলাদেশের জাতীয় REDD+ কর্ম কৌশল বা কর্ম পরিকল্পনা তৈরী করতে এবং তা বাস্তবায়নের জন্য এ দেশের নীতি নির্ধারক এবং অন্যান্য অংশীদারদের REDD+ সম্পর্কিত UNFCCC'র গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সম্পর্কে অবহিত হওয়া দরকার। এই প্রয়োজন থেকেই এই পুস্তিকাটি প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছে।

পুস্তিকাটির প্রথম ইংরেজি সংস্করণ ২০১৪ সালে কম্বোডিয়ার REDD+ কর্মসূচির জন্য প্রকাশিত হলেও মায়ানমারের REDD+ কর্মসূচির আওতায় পরিবর্ধিত রূপে দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। পরবর্তিতে বাংলাদেশের জাতীয় UN-REDD কর্মসূচির আওতায় প্রথম বাংলা সংস্করণ প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়। এই পুস্তিকায় ২০০৭ এর বালি সম্মেলন (COP-১৩) থেকে ২০১৫ এর প্যারিস সম্মেলন (COP-২১) পর্যন্ত REDD+ সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ এখানে সন্নিবেশীত হয়েছে। প্রতিটি সিদ্ধান্তের জন্য UNFCCC'র এর মূলপাঠ বা টেক্সট এর পাশাপাশি একটি করে সংক্ষিপ্ত ব্যাখ্যাও তুলে ধরা হয়েছে, যা কনভেনশনের (সমঝোতার) মূলপাঠ বা টেক্সট এর ধারণাকে সহজতর করতে সহায়ক। অবশ্য যারা UNFCCC'র আলোচনার মধ্যে ঘনিষ্টভাবে জড়িত নন তাদের জন্য এটি কিছুটা দুর্বোধ্য মনে হতে পারে।

এই সংক্ষিপ্ত ব্যাখ্যা বা সার-সংক্ষেপগুলো শুধুমাত্র সিদ্ধান্তসমূহের সেই অংশগুলোতেই আলোকপাত করেছে যেখানে দেশসমূহকে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ অথবা সুনির্দিষ্ট নির্দেশনা অনুসরণের আহ্বান জানানো হয়েছিল। সেই কারণেই সিদ্ধান্তসমূহের সকল অংশ এই সার-সংক্ষেপগুলোতে তুলে ধরা সম্ভব হয়নি। উদাহরণস্বরূপ, অনেকগুলো সিদ্ধান্তে প্রশমন বা মিটিগেশনের সহায়ক হিসেবে REDD+ এর ভূমিকা বা গুরুত্ব, বনের সম্ভাব্য বহুবিধ উপকার (co-benefits) সমূহ এবং REDD+ খাতে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তা প্রদানের প্রয়োজনীয়তার কথা বিশদভাবে এসেছে। বিষয়গুলো প্রয়োজনীয় হলেও REDD+ বাস্তবায়নে গাইডলাইন বা সুনির্দিষ্ট অনুরোধ উল্লিখিত না হবার কারণে সেগুলো এই সার-সংক্ষেপে অন্তর্ভুক্ত হয়নি। এ কারণে REDD+ সংক্রান্ত পুর্ণাঙ্গ ধারণা পেতে মূল সিদ্ধান্তসমূহের (English texts) সাহায্য নেওয়াটাই সঠিক হবে।

আইন সংক্রান্ত দলিলের অনুবাদ কঠিন বিশেষত যেখানে বিজ্ঞান, কারিগরি, সামাজিক, নীতিগত সহ বিভিন্ন বিষয় একসাথে মিশেছে। ইংরেজি শব্দের বাংলা প্রতিরূপ থাকা সত্বেও বহুল প্রচলিত না হবার কারণে মূল ভাব বোঝানো কঠিন হয়ে পড়ে। তাই অনুবাদটি সহজ করার জন্য কিছু পন্থার অনুসরণ করা হয়েছে। যেমন: কিছু কিছু সংক্ষিপ্ত শব্দসমূহের অনুবাদ করা হয়নি, যেমন UNFCCC বা REDD+। আবার FREL/FRL এর অনুবাদ ব্যবহার করা হয়েছে। National Communication এর হুবহু বাংলা অনুবাদ "জাতীয় যোগাযোগ" ব্যবহার না করে মূল বিষয়টি অর্থাৎ "গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদন" ব্যবহার করা হয়েছে। এরূপ ইংরেজি শব্দের বাংলা যে প্রতিরূপ ব্যবহার করা হয়েছে তার একটি তালিকা সংযোজন করা হয়েছে।

আশা করা যাচ্ছে অনুবাদটি কিছুটা হলেও বিষয়বস্তু সহজতর করতে সহায়ক হবে।

**- জনাব শামছুদ্দোহা**
**- জনাব নাসিম অজিজ**



ছবি: রেমা-কালেঙ্গা, আইপ্যাক প্রকল্প

# কৃতজ্ঞতা

এই পুস্তিকাটির ইংরেজি সংস্করণ সংকলন করেছেন জাতিসংঘের আঞ্চলিক UN-REDD কর্মসূচি টিমের Knowledge Management Specialist হেং থাই (Heang Thy)। কম্বোডিয়াতে REDD+ এর প্রথম সংকলনের পরে মায়ানমারে UN-REDD উপদেষ্টা পিটার ইভারসন (Peter Iversen) সারসংক্ষেপগুলো তৈরি এবং পরে হালনাগাদ করেছিলেন। আর আঞ্চলিক UN-REDD কর্মসূচির Regional Technical Advisor টিম বয়লে (Tim Boyle) এবং থমাস এনটারস (Thomas Enters) পুস্তিকাটি সম্পাদন করেছেন। প্রথম বাংলা সংস্করণের কাজ করছেন জনাব শামছুদ্দোহা এবং জনাব নাসিম আজিজ। বাংলা বানান সংশোধন, ছবি সংগ্রহ এবং সার্বিক সহযোগিতায় জনাব মোঃ মনিরুজ্জামান অবদান রাখেন।

এই পুস্তিকাটির ভবিষ্যৎ সংস্করণের বিষয়ে কোন ত্রুটি, পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন কিংবা বিয়োজনের মত বিষয় পরিলক্ষিত হলে তা জানানোর জন্য বিনীত অনুরোধ করা হচ্ছে।

**মোঃ রকিবুল হাসান মুকুল**
বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল
ও
জাতীয় প্রকল্প পরিচালক
UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি



# সূচিপত্র


| | | |
|---|---|---|
| | ভূমিকা | ২ |
| | কৃতজ্ঞতা স্বীকার | ৩ |
| | বহুল ব্যবহৃত ইংরেজি শব্দের বাংলা প্রতিশব্দ সমুহ | ৬ |
| ১। সিদ্ধান্তঃ বালি | উন্নয়নশীল দেশসমূহে বন উজাড় রোধের মাধ্যমে কার্বনের নিঃসরণ হ্রাসের কার্যক্রমকে উৎসাহিতকরণের কৌশলসমূহ। | |
| | সারসংক্ষেপ | ৮ |
| | বিশদ অনুবাদ | ৯ |
| ২। সিদ্ধান্তঃ কোপেন হেগেন | ৪/কপ.১৫ঃ উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এবং সংরক্ষণের ভূমিকা, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির জন্য গৃহীত কার্যক্রমের পদ্ধতিগত দিক নির্দেশনা | |
| | সারসংক্ষেপ | ১২ |
| | বিশদ অনুবাদ | ১৩ |
| ৩। সিদ্ধান্তঃ কানকুন | ১/কপ.১৬ কানকুন চুক্তিঃ সমঝোতার আওতায় দীর্ঘমেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের ওপর এডহক ওয়ার্কিং গ্রুপের কাজের ফলাফল। | |
| | সারসংক্ষেপ | ১৬ |
| | বিশদ অনুবাদ | ১৭ |
| ৪। সিদ্ধান্তঃ ডারবান | সিদ্ধান্ত ২/কপ.১৭ ডারবান থেকে ঃ দীর্ঘমেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের ওপর এডহক ওয়ার্কিং গ্রুপের কাজের ফলাফল। | |
| | সারসংক্ষেপ | ২০ |
| | বিশদ অনুবাদ | ২১ |
| ৫। সিদ্ধান্তঃ ডারবান | ডারবান সিদ্ধান্ত ১২/কপ.১৭ঃ ১/কপ.১৬ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার লক্ষ্যে এবং বনের কার্বন নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ ও অপসারণ মাত্রার উপর দিকনির্দেশনা | |
| | সারসংক্ষেপ | ২৪ |
| | বিশদ অনুবাদ | ২৫ |
| ৬। সিদ্ধান্তঃ দোহা | দোহা সিদ্ধান্ত ১/কপ.১৮ বালি এ্যাকশন প্ল্যান এর উপর মতৈক্য | |
| | সারসংক্ষেপ | ২৮ |
| | বিশদ অনুবাদ | ২৯ |
| ৭। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ৯/কপ.১৯ঃ সিদ্ধান্ত ১/কপ.১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের লক্ষ্যে ফলাফল ভিত্তিক অর্থায়নের ওপর কর্মপরিকল্পনা | |
| | সারসংক্ষেপ | ৩২ |
| | বিশদ অনুবাদ | ৩৩ |
| ৮। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১০/কপ.১৯ "ওয়ারশো ফ্রেমওয়ার্ক ফর REDD+" থেকে উন্নয়নশীল দেশগুলোতে বনখাতে প্রশমন কর্মকাণ্ডসমূহের বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাসহ সহায়তার সমন্বয় সাধন | |
| | সারসংক্ষেপ | ৩৬ |
| | বিশদ অনুবাদ | ৩৭ |
| ৯। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১১/কপ.১৯, "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি সংক্রান্ত কার্যবিধিসমূহ | |
| | সারসংক্ষেপ | ৪০ |
| | বিশদ অনুবাদ | ৪১ |

| | | |
|---|---|---|
| ১০। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১২/কপ.১৯ REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো থেকে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর পরিশিষ্ট-১ এ উল্লিখিত সকল সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলার বিষয়ে সারসংক্ষেপ তথ্য উপস্থাপনের সময় এবং আবর্তনের হার | |
| | সারসংক্ষেপ | ৪২ |
| | বিশদ অনুবাদ | ৪৩ |
| ১১। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১৩/কপ.১৯ REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো থেকে দেশসমূহের প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ে কারিগরি সমীক্ষার নির্দেশিকা এবং কার্যবিধি | |
| | সারসংক্ষেপ | ৪৪ |
| | বিশদ অনুবাদ | ৪৫ |
| ১২। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১৪/কপ.১৯ REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো থেকে পরিমাপ, প্রতিবেদন এবং যাচাইয়ের জন্য কার্যবিধিসমূহ | |
| | সারসংক্ষেপ | ৪৮ |
| | বিশদ অনুবাদ | ৪৯ |
| ১৩। সিদ্ধান্তঃ ওয়ারশো | সিদ্ধান্ত ১৫/কপ.১৯ REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো থেকে বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থা | |
| | সারসংক্ষেপ | ৫২ |
| | বিশদ অনুবাদ | ৫৩ |
| ১৪। সিদ্ধান্তঃ প্যারিস | সিদ্ধান্ত ১৬/কপ. ২১ প্যারিসে গৃহীত বিকল্প নীতি কৌশলসমূহ যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি | |
| | সারসংক্ষেপ | ৫৪ |
| | বিশদ অনুবাদ | ৫৫ |
| ১৫। সিদ্ধান্তঃ প্যারিস | গৃহীত সিদ্ধান্ত ১৭/কপ.২১ প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদানকালে স্বচ্ছতা, ধারাবাহিকতা, সামগ্রিকতা ও কার্যকারীতা নিশ্চিত করতে অধিকতর নির্দেশনা | |
| | সারসংক্ষেপ | ৫৬ |
| | বিশদ অনুবাদ | ৫৭ |
| ১৬। সিদ্ধান্তঃ প্যারিস | সিদ্ধান্ত ১৮/কপ.২১ প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১/কপ১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রাপ্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের পদ্ধতিগত বিষয়াবলী | |
| | সারসংক্ষেপ | ৫৮ |
| | বিশদ অনুবাদ | ৫৯ |
| ১৭। সিদ্ধান্তঃ প্যারিস | ১/কপ.২১ REDD+ আর্থিক সম্পদের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে প্যারিস চুক্তিকে গ্রহণ | |
| | সারসংক্ষেপ | ৬০ |
| | বিশদ অনুবাদ | ৬১ |

# বহুল ব্যবহৃত ইংরেজি শব্দের বাংলা প্রতিশব্দসমূহ

| | |
|---|---|
| Acknowledge | স্বীকৃতি |
| Adequate | পর্যাপ্ত |
| Adopts | গ্রহণ করছে |
| Affirm | সম্মতি জ্ঞাপন |
| Agree | সম্মত |
| Annex | পরিশিষ্ট |
| Article | অনুচ্ছেদ |
| Conference of Parties (COP) | জাতিসমূহের সম্মেলন |
| Convention | মুলত ১৯৯২ সালে UNFCCC-এর আওতায় সমঝোতা বোঝানো হয়েছে |
| Decides | সিদ্ধান্ত গ্রহণ |
| Encourages | উৎসাহিত করছে |
| Estimation | প্রাক্কলন |
| Emission | নিঃসরণ |
| FREL/REL | কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা |
| Invites | আহবান |
| IPCC | জলবায়ু পরিবর্তন বিষয়ক আন্তঃরাষ্ট্রীয় প্যানেল (Intergovernmental panel on climate change) |
| LULUCF | ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারের পরিবর্তন বনাঞ্চলসহ (Land us, land-use change and forestry) |
| National Communication | গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদন |
| Noting | গুরুত্বারোপ |
| Para | প্যারা |

| | |
|---|---|
| Predictable | পূর্বানুমেয় |
| Reaffirm | পুনরায় সম্মতি জ্ঞাপন |
| REDD | বনের উজাড় ও অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস (Reducing Emissions from Deforestation and Forest Degradation) |
| Recall | স্মরণ করছে/পুনরায় অহ্বান |
| Recognize | স্বীকার |
| Reiterates | পুনর্ব্যক্ত |
| Requests | অনুরোধ জানাচ্ছে |
| Reservoirs | আধারসমূহ |
| Safeguard Information System | সুরক্ষা তথ্যব্যবস্থা |
| SBSTA | সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল এডভাইস |
| Section | সেকশন |
| Sinks | জমাগার |
| Takes notes | উল্লেখ/লিপিবদ্ধ করা |
| Technical Annex | কারিগরি পরিশিষ্ট |
| UNFCCC | জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক সমঝোতা |
| 2/C.P.13 | প্রথম সংখ্যা দিয়ে সিদ্ধান্তের ক্রমানুসার, সি. পি. বলতে কনফারেন্স অফ পার্টি (জাতি সমূহের সম্মেলন) এবং শেষের সংখ্যা দিয়ে কততম সম্মেলন তা বোঝানো হয়েছে।<br>যেমন: ২/কপ.১৩ বলতে এখানে ইন্দোনেশিয়ার বালিতে<br>২০০৭ সালে অনুষ্ঠিত জাতি সমূহের ১৩তম সম্মেলনের ২নং সিদ্ধান্তকে বুঝিয়েছে। |
| Historical emission | অতীত নিঃসরণ |
| Co-benefit | অন্যান্য সুবিধা |

# সারসংক্ষেপ | Summary

**“বালি অ্যাকশন প্ল্যান” এর সিদ্ধান্ত ২/কপ. ১৩** (DECISION 2/CP.13 FROM THE “BALI ACTION PLAN”)

**শিরোনামঃ বালি অ্যাকশন প্ল্যান সেকশন সিঃ উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাসের সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।**

(Title: Bali Action Plan section C: Policy approaches and positive incentives on issues relating to reducing emissions from deforestation and forest degradation in developing countries; and the role of conservation, sustainable management of forests and enhancement of forest carbon stocks in developing countries.)

২০০৭ সালের জাতিসমূহের সম্মেলনে (Conference of Parties) গৃহীত বালি অ্যাকশন প্ল্যানের আওতায় (সিদ্ধান্ত ১/কপ.১৩) বনের অবক্ষয়কে (Degradation) অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। সে সময়ের শুরুতে REDD[১] এর “প্লাস (+)[২]” এর বিষয়ে কোন মতৈক্য হয়নি। অবশ্য REDD সংক্রান্ত সুনির্দিষ্ট এই সিদ্ধান্তটি (সিদ্ধান্ত ২/কপ.১৩) বনাঞ্চলসমূহের উজাড় এবং বন অবক্ষয় সংক্রান্ত সমস্যা চিহ্নিতকরণের গুরুত্ব, এ সংশ্লিষ্ট জটিলতাসমূহ, ভিন্ন ভিন্ন জাতীয় পরিস্থিতি, বন সংরক্ষণের অন্যান্য সুবিধাসমূহ (co-benefits) এবং স্থানীয় জনগণ ও নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর চাহিদাগুলোকে স্বীকৃতি দান করেছে।

এই সিদ্ধান্তে উন্নয়নশীল দেশসমূহকে সক্ষমতা উন্নয়ন, কারিগরি সহযোগিতা, প্রযুক্তি হস্তান্তর প্রভৃতির মাধ্যমে সহযোগিতা এবং বন উজাড় ও বন অবক্ষয়ের প্রধান চালিকাসমূহ (drivers) ও নিঃসরণ হ্রাস সংক্রান্ত কার্যক্রমসমূহ চিহ্নিত করা (প্রদর্শনীমূলক কার্যক্রমসমূহ সহ) এবং বনাঞ্চলের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বনের কার্বন মজুদ বৃদ্ধির বিভিন্ন কর্মকাণ্ডে সহায়তা প্রদান করতে উন্নত দেশসমূহকে উৎসাহিত করা হয়েছে।

এই সিদ্ধান্ত দেশগুলোকে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ প্রতিবেদন (National Communication Report) প্রস্তুতিতে সাম্প্রতিক প্রতিবেদন তৈরির নির্দেশিকাকে ভিত্তি হিসেবে ব্যবহার করার এবং প্রদর্শনমূলক কার্যক্রমসমূহ বাস্তবায়নকালে এই সিদ্ধান্তের পরিশিষ্টে দেওয়া সম্ভাব্য নির্দেশনা (indicative guidance) অনুসরণের জন্য উৎসাহিত করেছে।

এই সিদ্ধান্তটি অধিকতর কারিগরি এবং পদ্ধতিগত দিকনির্দেশনা প্রদানের জন্য সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল এডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) এর আওতায় একটি ওয়ার্ক প্রোগ্রাম চালু করে। এই ওয়ার্ক প্রোগ্রামের আওতায় নিম্নলিখিত বিষয়াদির উপর কারিগরি এবং পদ্ধতিগত দিকনির্দেশনা চাওয়া হয়। যথা: বনভূমির আচ্ছাদনে পরিবর্তন, এর সঙ্গে সম্পর্কিত কার্বন মজুদের পরিবর্তন এবং গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের পরিমাপ (assessments), টেকসই ব্যবস্থাপনার কারণে বনের ক্রমবর্ধমান পরিবর্তন, বন উজাড় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের কার্যক্রম দেখানো, নিঃসরণ ও অপসারণ মাত্রা (reference emissions levels) প্রাক্কলন, বনের অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের প্রাক্কলন ও কার্যক্রম প্রদর্শন করা, নিঃসরণের স্থানান্তর (displacement of emissions) সহ জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে গৃহীত পদ্ধতিসমূহ।

কার্বনের নিঃসরণ কমানোর লক্ষ্যে প্রদর্শনমূলক কর্মকাণ্ডসমূহের জন্য সিদ্ধান্তের আওতায় পরিশিষ্টে সম্ভাব্য নির্দেশনা দেওয়া হয়েছে। জাতীয় পরিস্থিতি আমলে নিয়ে অতীত নিঃসরণ মাত্রার সাথে বর্তমান নিঃসরণ তুলনার মাধ্যমে ফলাফল ভিত্তিক কার্যক্রমের ধারণা দেওয়া হয়েছে। এছাড়াও জাতীয় পর্যায়ে বন উজাড় ও বন অবক্ষয় রোধের কার্যক্রম বাস্তবায়নের একটি ধাপ হিসেবে আঞ্চলিক পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের ধারণা দেওয়া হয়।

উল্লেখ্য Clean Development Mecanism (CDM) এ leakage (অগোচরে নিঃসরণ) শব্দটি ব্যবহৃত হলেও এই পরিশিষ্টে CDM এর সঙ্গে REDD এর পার্থক্য তুলে ধরতে নিঃসরণের স্থানান্তর (displacement of emissions) শব্দটি ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করে।

সিদ্ধান্তটি (২/কপ.১৩) বন উজাড় ও বন অবক্ষয় রোধের কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতালব্ধ জ্ঞান প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার এবং স্বাধীন বিশেষজ্ঞ মূল্যায়নের উপর গুরুত্বারোপ করেছে ।

পরিশেষে, সিদ্ধান্ত দুটি (১/কপ.১৩ এবং ২/কপ.১৩) দুইটি কৌশল গ্রহণ করেছেঃ একটি হচ্ছে বালি অ্যাকশন প্ল্যানের অংশ হিসেবে সমঝোতার আওতায় নীতিগত বিষয়সমূহ এবং আরেকটি হচ্ছে Subsidiary Body for Scientific and Technological Advice (SBSTA) এর আওতাধীন কারিগরি ও পদ্ধতিগত বিষয়সমূহ। একই সঙ্গে SBSTA এর কর্তৃক প্রদত্ত পদ্ধতিগত পরামর্শসমূহ পরবর্তী COP সিদ্ধান্তে অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ।

**পাদটিকাঃ**

[১] বালি অ্যাকশন প্ল্যানের আগে বন খাত হতে নিঃসরণ কমানোর জন্য শুধুমাত্র বন উজাড় (Deforestation) রোধের উপর গুরুত্ব দেয়া হত। আর, ই, ডি (RED) বলতে বন উজাড় হতে নিঃসরণ কমানোর পদ্ধতিকে বুঝানো হতো। ইংরেজিতে -Reducing Emission from Deforestration সংক্ষেপে RED বলা হয। বালি অ্যাকশন প্ল্যানে বন অবক্ষয়ের (Degradation) বিষয়টি অন্তর্ভুক্ত হয়ে -Reducing Emission from Deforestration and Forest Degradation বা সংক্ষেপে REDD বলা হয়।

[২] + চিহ্ন দিয়ে বায়ুমণ্ডল হতে কার্বন অপসারণের ৩টি কার্যক্রমকে বুঝানো হয়, যথা-১. মজুদ কার্বনের সংরক্ষণ, ২. টেকসই বন ব্যবস্থাপনা ও ৩. বন কার্বনের মজুদ বৃদ্ধি।

## সিদ্ধান্ত ২/কপ.১৩ (DECISION 2/CP.13)

**উন্নয়নশীল দেশসমূহে বন উজাড় রোধের মাধ্যমে কার্বনের নিঃসরণ হ্রাসের কার্যক্রমকে উৎসাহিতকরণের কৌশলসমূহ।**

Reducing emissions from deforestation in developing countries: approaches to stimulate Action.

### জাতিসমূহের সম্মেলন,

সমঝোতার প্রাসঙ্গিক বিধিমালাসমূহকে, বিশেষ করে অনুচ্ছেদ ২, অনুচ্ছেদ ৩, প্যারাগ্রাফ ১,৩ ও ৪ এবং অনুচ্ছেদ ৪, প্যারাগ্রাফ ১ (এ).(ডি)., ৩, ৫ এবং ৭ কে স্মরণ রেখে, মানবসৃষ্ট বৈশ্বিক গ্রীনহাউজ গ্যাস বৃদ্ধিতে বন উজাড় (Deforestation) হতে কার্বনের নিঃসরণের অবদানকে স্বীকার করে নিচ্ছে (Acknowledging)।

একই সঙ্গে স্বীকার করে নিচ্ছে যে (Acknowledging), কার্বনের নিঃসরণ বৃদ্ধির ক্ষেত্রে বনের অবক্ষয়ে (Degradation) বড় ধরনের দায় রয়েছে এবং সে কারণে বন উজাড় রোধের সাথে সাথে অবক্ষয় রোধের ব্যাপারটি আমলে নেওয়া প্রয়োজন।

উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় হ্রাস করতে এবং বনাঞ্চলের কার্বন মজুদের (forest carbon stocks) ধারাবাহিকতা বজায় রাখা ও সংরক্ষণ করতে ইতিমধ্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেগুলোকে স্বীকৃতি প্রদান করছে (Recognizing)।

এছাড়াও উপলব্দি (Recognizing) করছে যে, সমস্যাটি জটিল, বিভিন্ন দেশের পরিস্থিতি বিভিন্ন এবং বন উজাড় ও অবক্ষয়ের জন্য বহুবিধ চালিকাশক্তি (Drivers) রয়েছে ।

সমঝোতার (Convention) চূড়ান্ত লক্ষ্যে পৌঁছাতে উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় ও অবক্ষয়ের রোধের আরও কার্যক্রমের গুরুত্ব স্বীকার (Recognizing) করছে।

এই সম্মেলন উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করতে অর্থবহ কার্যক্রম গ্রহণের আশু প্রয়োজনীয়তাকে দৃঢ়ভাবে সমর্থন (Affirming) করছে ।

তবে উল্লেখ করছে যে (Noting), উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করতে স্থায়ী এবং পূর্বানুমেয় (stable and predictable) সম্পদের প্রয়োজন রয়েছে।

এই সভা স্বীকৃতি প্রদান করছে যে (Recognizing), উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয়ের রোধের উদ্যোগ অন্যান্য সুবিধা (Co-benefit) আনতে পারে এবং তা অন্যান্য সংশ্লিষ্ট বা প্রাসঙ্গিক আন্তর্জাতিক সমঝোতা এবং চুক্তিসমূহের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সহায়ক হতে পারে।

আরও স্বীকৃতি প্রদান করছে যে, উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাসের কার্যক্রম গ্রহণের সময় নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর প্রয়োজনসমূহকে চিহ্নিত করা উচিৎ হবে (should be)।

১) জাতিসমূহকে স্বেচ্ছামূলকভাবে (on a voluntary basis) বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করার চলমান প্রচেষ্টাকে অধিকতর শক্তিশালী এবং সহায়তা করার জন্য এই সভা আহ্বান জানাচ্ছে।

২) উন্নয়নশীল দেশগুলোর সক্ষমতা বৃদ্ধি, কারিগরি সহায়তা প্রদান, প্রযুক্তি হস্তান্তরকে সহজতর করার পাশাপাশি (inter alia) উপাত্ত সংগ্রহ, বন উজাড় ও অবক্ষয় থেকে সৃষ্ট নিঃসরণ পরিমাপ, পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রদান এবং উন্নয়নশীল দেশগুলোর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য যা করা দরকার সেগুলো করতে এই সভা সকল জাতিসমূহকে, বিশেষ করে যে সকল দেশের সাহায্য করার মতো অবস্থা রয়েছে, তাদের উৎসাহিত (Encourages) করছে।

৩) বন উজাড় ও অবক্ষয়ের কারণে কার্বন নিঃসরণ হ্রাসকরণে এবং বনের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বনভূমির কার্বন সঞ্চয় বৃদ্ধিতে (forest carbon stocks) প্রত্যেকটি দেশের নিজস্ব পরিস্থিতিকে বিবেচনায় রেখে নানাবিধ কার্যক্রম খুঁজে বের করা (to explore a range of actions), প্রদর্শনমূলক কার্যক্রমসহ (demonstration activities) অন্যান্য সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়নের উপায়সমূহ চিহ্নিতকরা এবং বাস্তবায়নের দায়িত্ব গ্রহণসহ বন উজাড়ের চালিকা শক্তিগুলো চিহ্নিত করার উদ্যোগ গ্রহণে এই সম্মেলন দেশসমূহকে আবারও উৎসাহিত করছে।

৪) ভবিষ্যৎ সম্মেলনের সিদ্ধান্তের উপর সংশয় না রেখে, প্রদর্শনমূলক কার্যক্রমসমূহের বাস্তবায়নে এবং মূল্যায়নে সহায়ক হিসেবে (as an aid) এই সিদ্ধান্তের সংযুক্তিতে প্রদত্ত সম্ভাব্য নির্দেশনার (indicative guidance) ব্যবহারকে উৎসাহিত করছে (Encourages)।

৫) উপরে উল্লিখিত অনুচ্ছেদ ১-৩ এর কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত প্রচেষ্টাগুলোকে সহায়তা করতে জাতিসমূহেকে, বিশেষ করে সমঝোতার এনেক্স-২ এ অন্তর্ভুক্ত জাতিসমূহকে আমন্ত্রণ জানাচ্ছে (Invites)।

৬) এই সভা বন উজাড়ের ফলে সৃষ্ট গ্রীনহাউজ গ্যাস নিঃসরণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুতের জন্য সবচেয়ে নতুন প্রতিবেদন নির্দেশিকা[১] (Guidelines) ব্যবহারে উৎসাহিত করছে (Encourages)। একই সঙ্গে সমঝোতার এনেক্স-১ ভুক্ত নয় এমন জাতিসমূহের, 'ভূমি ব্যবহার,' ভূমি ব্যবহারে পরিবর্তন এবং বনভূমি সংক্রান্ত উত্তম অনুশীলন নির্দেশিকাটি (Good Practice Guidance for Land Use, Land-Use Change and Forestry[২]) প্রয়োগে উৎসাহিত করছে।

৭) এই সভা সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল এডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) কে উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করতে নীতিগত কৌশল এবং ইতিবাচক প্রণোদনা প্রদানের লক্ষ্যে পদ্ধতিগত বিষয়সমূহ সম্পর্কে (methodological issues) সংশ্লিষ্ট প্রতিবেদন[৩] সমূহকে বিবেচনায় নিয়ে একটি কার্যক্রম (a programme of work) চালু করতে অনুরোধ জানাচ্ছে।

**এই কার্যক্রমের আওতায় নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবেঃ**

(ক) জাতিসমূহকে ২০০৮ সালের ২১ মার্চ এর মধ্যে (SBSTA'র ২৮ তম অধিবেশনে) অনিষ্পন্ন পদ্ধতিগত বিষয় সমূহের উপর মতামত প্রদানের জন্য যথা- বনভূমির আচ্ছাদনে পরিবর্তন, এর সঙ্গে সম্পর্কিত কার্বন মজুদের পরিবর্তন এবং গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের পরিমাপ (assessments), টেকসই ব্যবস্থাপনার কারণে বনের ক্রমবর্ধমান পরিবর্তন, বন উজাড় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের কার্যক্রম দেখানো, নিঃসরণের মাত্রা' (reference emissions levels), বনের



রোহিঙ্গা শরণার্থীদের সুষ্ঠ ব্যবস্থাপনার জন্য কক্সবাজারের উখিয়ার বন কেটে রাস্তা বানানো হচ্ছে।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের প্রাক্কলন ও কার্যক্রম প্রদর্শন করা, নিঃসরণের স্থানান্তর সহ জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে গৃহীত পদ্ধতিসমূহ; উপরে বিবৃত অনুচ্ছেদ ১,২,৩ এবং ৫ এর সঙ্গে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের কার্যকারিতা মূল্যায়নের সুযোগসমূহ ও কার্যকারিতা মূল্যায়নের নির্ণায়কসমূহ বিষয়াদির উপর একটি বিবিধ প্রতিবেদন (miscellaneous document) আকারে SBSTA এর বিবেচনার জন্যে এ জমা দেওয়া হবে।

(খ) বর্তমান সভা জাতিসমূহের সম্মেলনের সচিবালয়কে অতিরিক্ত তহবিল থাকা সাপেক্ষে SBSTA এর ২৯ তম অধিবেশনের পূর্বেই উপরের অনুচ্ছেদ ৭(ক) এ চিহ্নিত পদ্ধতিগত ইস্যুসমূহ নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠানের অনুরোধ জানাচ্ছে, যার একটি রিপোর্ট প্রস্তুত করে SBSTA এর উক্ত সভায় বিবেচনার জন্যে পেশ করতে অনুরোধ জানাচ্ছে।

(গ) SBSTA তার ২৯তম সভায় উপরের অনুচ্ছেদ ৭(ক) এ চিহ্নিত পদ্ধতিগত ইস্যুসমূহ নিয়ে অনুষ্ঠিত কর্মশালার সুপারিশসমূহকে বিবেচনায় নিয়ে পদ্ধতিগত কৌশলসমূহের (methodological approaches) উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে হবে।

৮) এই সভা SBSTA কে তার ২৯তম সভায় উপরের অনুচ্ছেদ ৭(ক) এ চিহ্নিত পদ্ধতিগত ইস্যুসমূহ নিয়ে অনুষ্ঠিত কর্মশালার সুপারিশসমূহ সহ পদ্ধতিগত কৌশল সংক্রান্ত যে কোন সুপারিশ পেশ করার অনুরোধ জানাচ্ছে।

৯) এই সভা সংশ্লিষ্ট সংস্থা ও স্টেকহোল্ডারদের উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বনের অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ কমানের বিষয়ে জাতিসমূহের সম্মেলনে যে কোন ভবিষ্যত সিদ্ধান্ত সম্পর্কে কোন ধরনের সংশয় বিবেচনায় না নিয়ে উপরে বর্ণিত অনুচ্ছেদ ১,২,৩ এবং ৫ এ সংশ্লিষ্ট বিষয়সমূহের সহায়তা দান এবং এর ফলাফল SBSTA এর সঙ্গে বিনিময়ের আহ্বান (Invites) জানাচ্ছে।

১০) এই সভা সচিবালয়কে অতিরিক্ত তহবিল থাকা সাপেক্ষে উপরে বর্ণিত অনুচ্ছেদ ৩,৫,৭ এবং ৯ এ সংশ্লিষ্ট বিষয়সমূহ সম্পর্কে একটি ওয়েব প্লাটফর্ম (যেখানে সংশ্লিষ্ট দেশ, সংস্থা ও স্টেকহোল্ডাররা সহজেই তথ্য প্রদান করতে পারবে) গঠনের জন্যে সকল জাতিকে বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোকে সহায়তা প্রদানের অনুরোধ জানাচ্ছে।

১১) সিদ্ধান্ত ১/কপ.১৩ এর আওতায় উন্নয়নশীল দেশসমূহে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের কারণে কার্বন নিঃসরণ হ্রাস এবং বনভূমি সংরক্ষণ, টেকসই বনাঞ্চল ব্যবস্থাপনা ও বনের কার্বন বৃদ্ধির (enhancement of forest carbon stocks) কার্যক্রমে নীতি-কৌশল ও ইতিবাচক প্রণোদনা বিবেচনায় (Noting) নিয়েছে।

১২) উন্নয়নশীল দেশসমূহে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের সঙ্গে সম্পর্কিত নীতি-কৌশল ও ইতিবাচক প্রণোদনা সংক্রান্ত বিষয় সমূহ নিয়ে কাজ করার সময় (when addressing) উপরের অনুচ্ছেদ ৩ এ বর্ণিত কার্যক্রমসমূহকে বিবেচনায় রাখতে অনুরোধ করেছে।

**পাদটিকাঃ**

[১] এই সিদ্ধান্ত গ্রহণের প্রাক্কালে সমঝোতার এনেক্স-১ ভুক্তদেশগুলোর জাতীয় গ্রীণহাউজ গ্যাস নিঃসরণ প্রতিবেদন (National Communication)' এর সবচেয়ে সাম্প্রতিক প্রতিবেদন নির্দেশিকা ছিল না, যা সিদ্ধান্ত ১৭/কপ.৮ এ পাওয়া যাবে।

[২] সিদ্ধান্ত ১৩/কপ.৯

[৩] FCCC/SBSTA/2006/10, FCCC/SBSTA/2007/3, FCCC/SBSTA/2007/MISC.2 and Add.1, FCCC/SBSTA/2007/MISC.14 and Add. 1.3; ২০০৬ সালের ৩০ আগষ্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত ইতালির রোমে অনুষ্ঠিত বন উজাড় রোধের মাধ্যমে থেকে নিঃসরণ হ্রাস সংক্রান্ত কর্মশালার 'ব্যাকগ্রাউন্ড পেপার' যা <http://unfccc.int/methods_and_science/ lulucf/ items/3757.php> এখানে পাওয়া যেতে পারে।

## সংযুক্তি

### সম্ভাব্য নির্দেশিকা

১. বন উজাড় ও অবক্ষয় রোধের প্রদর্শনমূলক/পরীক্ষামূলক (demonstration/pilot) কার্যক্রম গ্রহণে আয়োজক জাতি/দেশের অনুমোদন গ্রহণ করা উচিত হবে।

২. নিঃসরণ হ্রাস বা বৃদ্ধির প্রাক্কলন অবশ্যই ফলাফলভিত্তিক, প্রমাণযোগ্য, স্বচ্ছ ও যাচাইযোগ্য এবং পুনরাবৃত্তি করা যায়-এমন হবে।

৩. এই সিদ্ধান্তের অনুচ্ছেদ-৬-এ বর্ণিত পদ্ধতিসমূহকে নিঃসরণের পরিমাপ ও পর্যবেক্ষণ এর একটি ভিত্তি হিসাবে ব্যবহারে উৎসাহিত করা হচ্ছে।

৪. জাতীয় পর্যায়ে বন উজাড় ও অবক্ষয় রোধের প্রদর্শনমূলক কার্যক্রমকে অবশ্যই জাতীয় পর্যায়ে প্রাক্কলিত নিঃসরণের মাত্রার বিপরীতে মূল্যায়ন করতে হবে।

৫. আঞ্চলিক প্রদর্শনীমূলক বন উজাড় ও অবক্ষয় রোধের কার্যক্রমসমূহকে নিঃসরণের স্থানান্তরের পরিমাপসহ উক্ত কার্যক্রমের জন্য ব্যবহারের সীমানার নিঃসরণ মাত্রার বিপরীতে মূল্যায়ন করা উচিত।

৬. জাতীয় পরিস্থিতি বিবেচনায় রেখে অতীত নিঃসরণ এর উপর ভিত্তি করে প্রদর্শনীমূলক কার্যক্রমসমূহের জন্য নিঃসরণ হ্রাস বা বৃদ্ধিকে বিবেচনা করতে হবে।

৭. আঞ্চলিক[১] কৌশলসমূহ পর্যায়ক্রমে একটি জাতীয় কৌশল এবং জাতীয় নিঃসরণ মাত্রায় নিয়ে যেতে হবে।

৮. প্রদর্শনীমূলক কার্যক্রমসমূহকে টেকসই বন ব্যবস্থাপনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়ার পাশাপাশি জাতিসংঘের বনাঞ্চল বিষয়ক ফোরামের (United Nations Forum on Forests), জাতিসংঘের মরুকরণ রোধ ও জীববৈচিত্র্য বিষয়ক সমঝোতার (United Nations Convention to Combat Desertification; the Convention on Biological Diversity) প্রাসঙ্গিক বিধানসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে।

৯. কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতা সম্পর্কে রিপোর্ট প্রদান করতে হবে এবং ওয়েভ প্লাটফর্মে[২] সহজলভ্য হতে হবে।

১০. প্রদর্শনীমূলক কার্যক্রমসমূহ সংক্রান্ত প্রতিবেদনে কার্যক্রমসমূহের বিবরণ এবং তাদের কার্যকারিতা তুলে ধরার পাশাপাশি অন্যান্য তথ্যসমূহও উপস্থাপিত হবে।

১১. স্বাধীন বিশেষজ্ঞ পর্যালোচনাকে উৎসাহিত করা হচ্ছে।

৮ম প্লানারি মিটিং । ১৪-১৫ ডিসেম্বর ২০০৭

**পাদটিকাঃ**

[১] জাতীয় সীমারেখার মধ্যে গৃহীত কার্যক্রমসমূহ

[২] এই সিদ্ধান্তের ১০নং প্যারাগ্রাফে উল্লিখিত সিদ্ধান্তানুযায়ী সেক্রেটারিয়েট এই ওয়েব প্লাটফর্মটি গঠন করবে।

# সারসংক্ষেপ | Summary

**কোপেনহেগেন সিদ্ধান্ত ৪/কপ. ১৫ (DECISION 4/CP.15 FROM COPENHAGEN)**

**শিরোনামঃ উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এবং সংরক্ষণ, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির জন্য গৃহীত কার্যক্রমের পদ্ধতিগত দিকনির্দেশনা।**

(Title: Methodological guidance for activities relating to reducing emissions from deforestation and forest degradation and the role of conservation, sustainable management of forests and enhancement of forest carbon stocks in developing countries.)

এই সিদ্ধান্তটি মূলতঃ বালিতে প্রবর্তিত কর্ম-পরিকল্পনার (Work Programme) আওতায় বন খাত হতে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের এবং বায়ুমণ্ডল হতে কার্বন অপসারণের (Removal) হিসাব সংক্রান্ত একটি কারিগরি সিদ্ধান্ত।

এই সিদ্ধান্তে উন্নয়নশীল দেশগুলোকে বন উজাড় এবং বন অবক্ষয়ের চালিকাগুলোকে চিহ্নিত করার এবং কিভাবে এই চালিকাগুলোকে রোধ করা যায় তা শনাক্ত করতে অনুরোধ জানানো হয়েছে। নিঃসরণ এবং বায়ুমণ্ডল হতে গ্রীনহাউজ গ্যাস অপসারণের হিসাব এবং প্রতিবেদন জমা দানের সময় ইন্টারগভার্ণমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (IPCC) হতে অনুমোদিত সাম্প্রতিক নির্দেশনা ব্যবহারের জন্য অনুরোধ জানানো হয়েছে।

যে সমস্ত দেশ বন উজাড় এবং বন অবক্ষয় রোধে কাজ করছে, তাদের একটি শক্তিশালী এবং স্বচ্ছ জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি প্রতিষ্ঠা করতে অনুরোধ জানানো হয়েছে, যা দূর অনুধাবন (remote sensing) এবং ভূমি ভিত্তিক বন জরিপ এর সমন্বয়ে হবে। এই পদ্ধতি যথাসম্ভব নির্ভুল ফলাফল প্রদান করবে যার পদ্ধতিগত বিষয়গুলো হবে স্বচ্ছ, পুর্বাপর হিসাবের সাথে সঙ্গতিপূর্ণ এবং নিরীক্ষাযোগ্য।

এছাড়াও জাতিসমূহের সম্মেলনের (COP) গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত অনুসারে অতীত কার্বন নিঃসরণের উপাত্ত এবং জাতীয় পরিস্থিতির বিবেচনায় নিয়ে কার্বন নিঃসরণের মাত্রা (Forest Reference Emission Level) এবং কার্বনের নিঃসরণ ও অপসারণ মাত্রা (Forest Reference Level) পরিমাপের (হিসাব) পদ্ধতিটি স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিষ্ঠিত করার আহবান জানায়।



রোহিঙ্গা শরণার্থীরা কক্সবাজারের উখিয়ায় বন থেকে কাঠ এবং গাছের মূল সংগ্রহ করছে রান্নার জন্য।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ৪/কপ.১৫ (DECISION 4/CP.15)**

**শিরোনামঃ উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এবং সংরক্ষণ, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির জন্য গৃহীত কার্যক্রমের পদ্ধতিগত দিকনির্দেশনা।**

(Methodological Guideline for Activities Relating to Reducing Emissions from Deforestation and Forest Degradation and the Role of Conservation, Sustainable Managemnet of Forests and Enhancemnet of Carbon Stocks in the Developing Countries.)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ১/কপ.১৩ এবং ২/কপ.১৩ কে স্মরণ করিয়ে দিচ্ছে,

উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এবং সংরক্ষণের ভূমিকা, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির গুরুত্বকে স্বীকার করে নিচ্ছে।

SBSTA এর কার্যক্রমের (work programme) আওতায় নীতিমালা এবং প্রণোদনার বিষয়ে অগ্রগতিকে উল্লেখ করছে (Noting)।

আরও উল্লেখ করছে (Noting) - সিদ্ধান্ত ২/কপ ১৩, প্যারা ১,২,৩ এবং ৫ অনুসারে জাতিসমূহ এবং আন্তর্জাতিক সংগঠনের দ্বারা গৃহীত চলমান কার্যক্রম এবং সহযোগিতামূলক প্রচেষ্টাসমূহকে।

এ সভা, সিদ্ধান্ত ১/কপ.১৩, প্যারা ১(বি)(৩) এর সাথে সম্পর্কিত কার্যক্রমের পর্যবেক্ষণ এবং প্রতিবেদন প্রদানে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর পূর্ণ এবং কার্যকর সম্পৃক্ততার প্রয়োজনকে স্বীকৃতি প্রদান (Recognizing) করছে, টেকসই বন ব্যবস্থাপনা এবং অন্যান্য সুবিধা (Co-benefit) সহ জীব বৈচিত্র্যেতার গুরুত্বকে স্বীকৃতি (Recognizing) প্রদান করছে, যা জাতীয় বন ব্যবস্থাপনা কার্যক্রম এবং সংশ্লিষ্ট বা প্রাসঙ্গিক আন্তর্জাতিক সমঝোতার এবং চুক্তিসমূহের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সহায়ক হতে পারে।

সিদ্ধান্ত ২/কপ.১৩ এর পরিশিষ্টে নির্দেশিত বিষয়গুলো সহ সক্ষমতা বৃদ্ধিতে চলমান কার্যক্রম এবং পদ্ধতিগুলোর যাচাই, পরিবীক্ষণের উপায়সমূহ, নীতিমালা এবং প্রণোদনা থেকে প্রাপ্ত অভিজ্ঞতা এবং শিক্ষাগুলোকে উল্লেখ (Noting) করছে,

১. সিদ্ধান্ত ২/কপ.১৩, প্যারা ৭ এবং ১১-তে ঘোষিত পদ্ধতিগত বিষয়গুলোর ভিত্তিতে, সিদ্ধান্ত ২/কপ.১৩ এর সাথে সম্পর্কিত কার্যক্রমগুলোর জন্য নিম্নলিখিত নির্দেশনাগুলোকে বিবেচনায় নিতে উন্নয়নশীল দেশগুলোকে অনুরোধ (Request) করছেঃ

(ক) বন উজাড় এবং বন অবক্ষয়ের চালিকাগুলোকে চিহ্নিত এবং চালিকাগুলোকে রোধ করার কার্যক্রম শনাক্তকরণে;

(খ) দেশের মধ্যে সে সকল কার্যক্রম চিহ্নিত করতে যেগুলো নিঃসরণ হ্রাস এবং বায়ুমণ্ডল হতে কার্বনের অপসারণ বৃদ্ধিতে এবং বনের কার্বন মজুদ বজায় রাখতে সাহায্য করবে;

(গ) ইন্টারগভার্ণমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (IPCC) এবং জাতিসমূহের সম্মেলনে গৃহীত নির্দেশনা অনুযায়ী গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের উৎস (sources) এবং কার্বন অপসারণের জমাগার (sinks), বনের কার্বন মজুদ এবং বনের পরিমাণ পরিবর্তন হিসাব (প্রাক্কলন) করতে;

(ঘ) জাতীয় পরিস্থিতি এবং সক্ষমতা অনুযায়ী শক্তিশালী এবং স্বচ্ছ জাতীয় বন পরিবীক্ষণ[১] পদ্ধতি এবং প্রয়োজনে জাতীয় পরিবীক্ষণ কৌশলের অংশ হিসেবে আঞ্চলিক কৌশল প্রতিষ্ঠা করতে, যাঃ

(i) গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের উৎস (sources) এবং বায়ুমণ্ডল হতে কার্বন অপসারণের জমাগার (sinks) ভেদে, বনের কার্বন মজুদ এবং বনের পরিমাণ হিসাব করার জন্য দূর অনুধাবন (remote sensing) এবং ভূমি ভিত্তিক বন কার্বন জরিপ (Forest Carbon Inventory) এর সমন্বয়ে হবে;

(ii) জাতীয় পরিস্থিতি এবং সক্ষমতা অনুযায়ী এই পদ্ধতি যথাসম্ভব নির্ভুল ফলাফল প্রদান করবে যার পদ্ধতিগত বিষয়গুলো হবে স্বচ্ছ, পুর্বাপর হিসাবের সাথে সঙ্গতিপূর্ণ এবং নিরীক্ষাযোগ্য;

(iii) জাতিসমূহের সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী হবে স্বচ্ছ এবং ফলাফল সহজলভ্য এবং পর্যালোচনার জন্য উপযুক্ত।

২. জাতিসমূহের সম্মেলনের সিদ্ধান্ত অনুসারে IPCC-এর আরও কাজ করার প্রয়োজনীয়তাকে স্বীকৃতি প্রদান করছে।

৩. যথার্থতা অনুযায়ী পরিবীক্ষণ এবং প্রতিবেদন তৈরিতে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর কার্যকর সংশ্লিষ্টতার জন্য উৎসাহিত করছে।

৪. এই সম্মেলন সকল দেশসমূহকে উৎসাহিত (Encourages) করছে বিশেষ করে যে দেশের এ সাহায্য করার মতো অবস্থানে রয়েছে, উন্নয়নশীল দেশগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য যা করা দরকার - উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যাখ্যা প্রদানের সক্ষমতাকে শক্তিশালী করার জন্য।

৫. এই সম্মেলন আমন্ত্রণ জানাচ্ছে সকল দেশসমূহকে, বিশেষ করে যে দেশের সাহায্য করার মত অবস্থা রয়েছে এবং আন্তর্জাতিক সংস্থাসমূহকে উন্নয়নশীল দেশগুলোকে অনুচ্ছেদ ১(গ) এ বর্ণিত নির্দেশিকা অনুসরণের সক্ষমতা বৃদ্ধির জন্য এবং এ ক্ষেত্রে পরিশিষ্ট-১ (অ্যানেক্স-১) বহির্ভূত দেশের 'গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদন' (National Communications) বিষয়ক বিশেষজ্ঞ পরামর্শক দলের কাজ আমলে নিয়ে।

৬. সচিবালয়কে সম্পূরক তহবিলের প্রাপ্যতা সাপেক্ষে অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত কার্যক্রমগুলোর সমন্বয় বাড়ানোর জন্য অনুরোধ জানাচ্ছে;

৭. জাতিসমূহের সম্মেলনের গৃহীত সংশ্লিষ্ট সিদ্ধান্ত অনুসারে অতীত কার্বন নিঃসরণের উপাত্ত এবং জাতীয় পরিস্থিতির বিবেচনায় নিয়ে কার্বন নিঃসরণের মাত্রা (Forest Reference Emission Level) এবং নিঃসরণ ও অপসারণ মাত্রা (Forest Reference Level) পরিমাপের (হিসাব) পদ্ধতিটি স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিষ্ঠিত করার জন্য।

৮. UNFCCC এর ওয়েবসাইটে ওয়েব প্লাটফর্মের মাধ্যমে সিদ্ধান্ত ২/কপ.১৩ এর পরিশিষ্ট এবং প্যারা ১ এ উল্লিখিত নির্দেশনা প্রয়োগের ক্ষেত্রে অর্জিত শিক্ষা এবং প্রাপ্ত অভিজ্ঞতা বিনিময় করার জন্য জাতিসমূহকে আমন্ত্রণ জানাচ্ছে;



মধুপুর বনভূমির একটি অংশে অবৈধভাবে বৃক্ষ নিধনের চিত্র।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

৯. সিদ্ধান্ত ২/কপ.১৩ এর সাথে সম্পর্কিত কার্যক্রমের দ্বৈততা (duplication) এড়াতে এবং মিল (synergy) রাখার জন্য আন্তর্জাতিক সংস্থা, বেসরকারি সংগঠন এবং ব্যক্তিবর্গকে তাদের প্রচেষ্টাকে একীভূত এবং সমন্বয় করার জন্য অনুরোধ করছে।

**৯ম প্লানারি মিটিং । ১৮-১৯ ডিসেম্বর ২০০৯**

**পাদটিকাঃ**

[১] যদি প্রযোজ্য হয় তবে ভূমির সামঞ্জস্যপূর্ণ প্রতিবেদন সংক্রান্ত নির্দেশনা ব্যবহার করতে যা - ইন্টার-গভার্ণমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (IPCC) এর “ভূমির ব্যবহার, ভূমি ব্যবহারে পরিবর্তন এবং বনভূমি সংক্রান্ত উত্তম অনুশীলন নির্দেশিকা”-তে পাওয়া যাবে (Good Practice Guidance for Land Use, Land-Use Change and Forestry);



# সারসংক্ষেপ | Summary

**কানকুনে গৃহীত সিদ্ধান্ত ১/কপ. ১৬: কানকুন চুক্তি (DECISION 1/CP.16 FROM CANCUN-THE 'CANCUN AGREEMENTS')**

**শিরোনাম: কানকুন চুক্তি সেকশন সি: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাসের সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।**

REDD+ কে আরও সুনির্দিষ্টভাবে নির্ধারণ এবং এর বাস্তাবায়ন কাঠামোর বিষয়ে কানকুন চুক্তির আওতায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ চুক্তির আওতায় REDD+ কে তিনটি পর্যায়ে (প্রস্তুতিমূলক, অগ্রণী/পরীক্ষামূলক/প্রদর্শনমূলক এবং ফলাফল ভিত্তিক কার্বন নিঃসরণ হ্রাসের কার্যক্রম) বাস্তবায়নের দিকনির্দেশনা এবং বন পরিবীক্ষণ পদ্ধতি ও সুরক্ষা পদ্ধতির অবতারণা করা হয়। বাস্তবায়নের অংশ হিসেবে উৎসাহী দেশগুলোকে নিম্নলিখিত কাঠামো তৈরি করার জন্য অনুরোধ করা হয়ঃ

(ক) একটি জাতীয় REDD+ কৌশল অথবা কর্ম পরিকল্পনা প্রণয়ন;
(খ) একটি জাতীয় নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (FREL and/or FRL) পরিমাপ করা, এবং প্রয়োজনের খাতিরে অন্তবর্তীকালীন পরিমাপ হিসেবে আঞ্চলিক নিঃসরণ মাত্রা অথবা আঞ্চলিক নিঃসরণ ও অপসারণ মাত্রা নিরূপন করা;
(খ) একটি শক্তিশালী জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি প্রণয়ন; এবং
(গ) সুরক্ষা পদ্ধতি প্রণয়ন ।

REDD+ কার্যক্রমের আওতাভুক্ত দেশগুলোকে নিম্নলিখিত বিষয়াদির উপর কাজ করার অনুরোধ করা হচ্ছে, যথাঃ ১) বন উজাড় এবং বনের অবক্ষয় রোধ করা; ২) বনভূমির মালিকানা সংক্রান্ত সমস্যা সমাধান; ৩) বন ব্যবস্থাপনায় সুশাসন নিশ্চিত করা ; ৪) নারী পুরুষের ভূমিকা বিবেচনায় নেয়া; ৫) পরিবেশ, সামাজিক এবং পদ্ধতিগত সুরক্ষা নিশ্চিত করা; ৬) জাতীয় REDD+ কৌশল এবং কর্ম প্ররিকল্পনা তৈরি এবং বাস্তবায়ন কালে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা।

কানকুন চুক্তিতে বন উজাড় (deforestation) এবং বন অবক্ষয় (degradation) রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করার এই দুইটি কার্যক্রমের সাথে আরও তিনটি কার্যক্রমকে অন্তর্ভুক্ত করার বিষয়ে ঐক্যমত হয়, যথাঃ বনভূমি সংরক্ষণ (conservation), টেকসই বনাঞ্চল ব্যবস্থাপনা (sustainable management of forest) ও বনের কার্বন মজুদ বৃদ্ধি (enhancement of forest carbon stock)। এই তিনটি কার্যক্রকে + চিহ্ন দিয়ে প্রকাশ করা হয়। কানকুন চুক্তি অনুযায়ী বন খাত হতে কার্বন নিঃসরণ হ্রাসের এই ৫টি কার্যক্রমকে REDD+ বলা হয়।

উল্লিখিত ৫টি কার্যক্রম মূলতঃ ৩ ধরনের পরিস্থিতির উপর আলোকপাত করে; যথাঃ (১) বন উজাড় (২) বনায়ন (৩) বন ব্যবস্থাপনা। এসব পরিস্থিতির সাথে সংশ্লিষ্ট বনের ৩ ধরনের পরিবর্তন বিবেচনায় নিয়ে প্রতিটি দেশসমূহকে জাতিসমূহের সম্মেলনে প্রতিবেদন দাখিল করতে হবে। অর্থাৎ (১) বন হতে অন্য ভূমি ব্যবহারে রূপান্তর; (২) অন্যভূমি ব্যবহার হতে বনে রূপান্তর; এবং (৩) বনের ব্যবহার অপরিবর্তিত থাকা। এই ৫ ধরনের কার্যক্রম বা প্রতিবেদনের মূল উদ্দেশ্য হচ্ছে জলবায়ুর পরিবর্তন প্রশমন করা:- নিঃসরণ কমানোর মাধ্যমে অথবা বায়ুমণ্ডল হতে কার্বন অপসারণের মাধ্যমে।

সুরক্ষা বলতে যে সকল বিষয়গুলোকে বুঝানো হবে এবং সহায়তা করা হবে সেগুলো হচ্ছে:- সামাজিক[১], পরিবেশ[২] এবং পদ্ধতিগত[৩]। এই সুরক্ষার বিষয়াদি বিদ্যমান জাতীয় বন কার্যক্রম এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক সমঝোতা, চুক্তি, জাতীয় বন ব্যবস্থাপনা কাঠামোর সাথে সঙ্গতিপূর্ণ; নৃ-তাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর সদস্যদের জ্ঞান এবং অভিজ্ঞতার প্রতি শ্রদ্ধা, অংশীদারদের পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রাকৃতিক বনভূমি এবং জীববৈচিত্র্য সংরক্ষণ, সামাজিক এবং প্রতিবেশগত সুবিধাগুলো বৃদ্ধি, নিঃসরণের পুনরাবৃত্তি ও স্থানচ্যুতি রোধকরণ, এই সব বিষয়াদি বিবেচনা করতে হবে।

এই সম্মেলন বন উজাড় এবং বন অবক্ষয়ের চালিকা শক্তিগুলোর উপর, জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি, নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (FREL/FRL), সুরক্ষাসমূহ এবং পরিমাপ, প্রতিবেদন ও যাচাইকরণ (MRV), এবং ফলাফল ভিত্তিক কর্মকান্ডের উপর পরবর্তী কারিগরি এবং পদ্ধতিগত বিষয় নিয়ে আলোচনা করে।

FREL এবং FRL এর মধ্যকার পার্থক্য কোন সিদ্ধান্তেই স্পষ্ট করা হয় নি। তবে সাধারণভাবে বলা যায় যে, FREL বলতে শুধুমাত্র বন উজাড় এবং বন অবক্ষয় থেকে সৃষ্ট নিঃসরণের মাত্রা বোঝায়, যেখানে FRL বলতে নিঃসরণ এবং অপসারণের মাত্রাকে বোঝায়।

**পাদটিকাঃ**

[১] সামাজিক বিষয়সমূহ: (ক) চাপ বা প্রভাবমুক্ত পদ্ধতি, (খ) অবহিত করা এবং পূর্বানুমতি নেয়া, (গ) দুস্থ জনগোষ্ঠির চাহিদা বিবেচনায় নেয়া, (ঘ) মালিকানা ও ব্যবহারের অধিকার নিশ্চিত করা, (ঙ) জীবিকা নির্বাহ নিশ্চিত করা, (চ) সুবিধা ভাগাভাগি, এবং (ছ) উচ্ছেদ পরিহার;

[২] পরিবেশগত বিষয়গুলো হল:-(ক) পরিবেশের ক্ষতি না করা, (খ) জীববৈচিত্র্য ও পরিবেশের সেবার উন্নয়ন, (গ) নিঃসরণের প্রত্যাবর্তন, (ঘ) নিঃসরণের চ্যুতি রোধ;

[৩] পদ্ধতিগত বিষয়সমূহ হল:- (ক) সুরক্ষার বিষয়গুলো আইনের অন্তর্ভুক্ত করা, (খ) পদ্ধতিগত ও স্বচ্ছতা নিশ্চিত করা, (গ) অংশীদারদের অংশগ্রহণ নিশ্চিত করা, (ঘ) সুরক্ষার বিষয়সমূহের নিয়মিত পর্যবেক্ষণ ও প্রতিবেদন প্রদান নিশ্চিত করা, এবং (ঙ) অভিযোগ পদ্ধতি বাস্তবায়ন করা।

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ১/কপ.১৬ (DECISION 1/CP.16)**

**কানকুন চুক্তি: সমঝোতার আওতায় দীর্ঘমেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের ওপর এডহক ওয়ার্কিং গ্রুপের কাজের ফলাফল।**

(The cancun agreements: outcome of the work of the ad hoc working group on the long-term cooperative action under the convention.)

## কানকুন চুক্তি সেকশন সি: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাসের সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।

এই সম্মেলন দৃঢ়ভাবে সমর্থন করছে যে, উন্নয়নশীল দেশসমূহকে প্রর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তা এবং জাতীয় পরিস্থিতির প্রেক্ষাপটে, সকল দেশসমূহ সম্মিলিতভাবে বনের আচ্ছাদন এবং কার্বন নিঃসরণ কমানো, সম্পূর্ণরূপে বন্ধ এবং পূর্বের অবস্থানে ফিরিয়ে আনার লক্ষ্যে কাজ করবে যা সমঝোতার (Convention) অনুচ্ছেদ ২ এর চূড়ান্ত উদ্দেশ্য।

আরও দৃঢ় সমর্থন জানাচ্ছে দেশসমূহকে নিম্নবর্ণিত প্যারা ৭৩ এর সকল ধাপে অংশগ্রহণ করার জন্য এবং প্রয়োজনে সহায়তা প্রদানের মাধ্যমে ।

৬৮. দেশসমূহকে উৎসাহিত করছে গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের জন্য দায়ী বনভূমির ওপর মানুষের চাপ কমানোর উপায় খুঁজে বের করতে; একই সঙ্গে বন উজাড়ের চালিকাগুলোর বিপরীতে কার্যকর পন্থা অবলম্বন করতে;

৬৯. নিশ্চিত করছে যে, প্যারা ৭০ এ বর্ণিত কার্যক্রমগুলো বাস্তবায়নের ক্ষেত্রে এই সিদ্ধান্তের পরিশিষ্ট-১ অনুসারে পরিচালিত হবে এবং পরিশিষ্ট-১ এর প্যারা ২ এ উল্লিখিত সুরক্ষার বিষয়গুলো দ্রুত প্রচলন এবং সমর্থন করতে হবে।

৭০. উন্নয়নশীল দেশসমূহকে বন খাতে প্রশমন কর্মকান্ডে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করে অবদান রাখার অনুরোধ জানানো হচ্ছে, যা দেশসমূহের সক্ষমতা ও জাতীয় পরিস্থিতি বিবেচনায় উপযুক্ত বলে গণ্য হবেঃ

(ক) বন উজাড় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করা;
(খ) বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস করা;
(গ) বনের কার্বন মজুদের সংরক্ষণ;
(ঘ) বনভূমির টেকসই ব্যবস্থাপনা;
(ঙ) বনের কার্বন মজুদের বৃদ্ধি।

৭১. প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রম গ্রহণের জন্য উন্নয়নশীল দেশসমূহকে কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা, পর্যাপ্ত ও পূর্বানুমেয় আর্থিক সহায়তা প্রদানের প্রেক্ষাপটে, তাদের জাতীয় পরিস্থিতি ও সক্ষমতা অনুসারে নিম্নোক্ত উপাদানগুলো গঠন করার জন্য উৎসাহ দেয়া হচ্ছে:

(ক) একটি জাতীয় কর্মকৌশল বা কর্ম পরিকল্পনা প্রণয়ন;
(খ) একটি জাতীয় নিঃসরণ মাত্রা এবং/অথবা নিঃসরণ এবং অপসারণ মাত্রা[১] অথবা প্রয়োজনের খাতিরে একটি অন্তবর্তীকালীন পরিমাপ হিসেবে আঞ্চলিক নিঃসরণ মাত্রা এবং/অথবা নিঃসরণ এবং অপসারণ মাত্রা, যা জাতীয় পরিস্থিতি এবং সিদ্ধান্ত ৪/কপ.১৫ বা এর পরবর্তী কোন বিবরণী অনুসারে হবে;
(গ) প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রদানের জন্য একটি বলিষ্ঠ এবং স্বচ্ছ বন পরিবীক্ষণ পদ্ধতি অথবা প্রয়োজনের খাতিরে একটি অন্তবর্তীকালীন পরিমাপ[২] হিসেবে আঞ্চলিক বন পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রদান পদ্ধতি যা জাতীয় পরিস্থিতি এবং সিদ্ধান্ত ৪/কপ.১৫ বা এর পরবর্তী কোন বিবরণী অনুসারে হবে;
(ঘ) প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের কালে কিভাবে পরিশিষ্ট-১ এ বর্ণিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে তার একটি তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়ন করতে হবে।

৭২. উন্নয়নশীল দেশসমূহকে জাতীয় কর্মকৌশল বাস্তবায়নকালে বন উজাড় এবং বন অবক্ষয়ের চালিকাগুলোর বিপরীতে কার্যকর পন্থা অবলম্বন করতে, জমির মালিকানা, বন ব্যবস্থাপনা, নারী পুরুষের বিষয়াদি এবং পরিশিষ্ট-১ এর প্যারা-২ এ বর্ণিত সুরক্ষার বিষয়াদি আমলে নেয়া এবং অংশীদারদের - স্থানীয় এবং নৃতাত্ত্বিক জনগণের পূর্ণ এবং কার্যকরি অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধ করছে।

৭৩. সিদ্ধান্ত নিচ্ছে যে, প্যারা ৭০ এ বর্ণিত যে সমস্ত কার্যক্রম গ্রহণ করবে তা যেন পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হয়। প্রাথমিক পর্যায়ে জাতীয় কর্মকৌশল বা কর্মপরিকল্পনা, নীতি ও কার্যক্রম ব্যবস্থার প্রণয়ন সহ সক্ষমতার উন্নয়ন সাধন করা হবে। দ্বিতীয় পর্যায়ে থাকবে গৃহীত জাতীয় কর্মকৌশল বা কর্মপরিকল্পনা, নীতি ও ব্যবস্থার বাস্তবায়ন এবং সক্ষমতার উন্নয়নে আরও কার্যক্রম, প্রযুক্তিগত উন্নয়ন এবং ফলাফল লাভের কার্যক্রমের পরীক্ষামূলক/প্রদর্শনমূলক বাস্তবায়ন। যা ক্রমান্বয়ে ফলাফল লাভের কার্যক্রমে রূপান্তরিত হবে যেখানে কার্যক্রমসমূহকে পরিমাপ, প্রতিবেদন জমা দেয়া এবং যাচাই করা হয়।

৭৪. এ সম্মেলন স্বীকার করছে যে, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের লক্ষ্যে প্যারা ৭৩ এ বর্ণিত তিন পর্যায়ের মধ্যে যে কোন পর্যায়ে কাজ শুরু করার বিষয়টি নির্ভর করবে উন্নয়নশীল দেশের জাতীয় পরিস্থিতি, সক্ষমতা এবং সাহায্য প্রাপ্তির উপর।

৭৫. এই সভা, সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল এডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) কে পরিশিষ্ট-২ এ বর্ণিত বিষয়াদির উপর একটি কার্যক্রম (a programme of work) চালু করতে অনুরোধ জানাচ্ছে।

৭৬. অনুরোধ করছে, সকল বিশেষতঃ উন্নয়নশীল দেশসমূহকে দ্বিপাক্ষিক এবং বহুপাক্ষিক সাহায্য কার্যক্রমের আওতায় জাতীয় কর্মকৌশল বা কর্মপরিকল্পনা, নীতিমালা ও পদক্ষেপ প্রণয়ন ও সক্ষমতার উন্নয়ন, গৃহীত জাতীয় কর্মকৌশল বা কর্মপরিকল্পনা, নীতিমালা ও পদক্ষেপের বাস্তবায়ন এবং সক্ষমতার উন্নয়নে আরো কার্যক্রম, প্রযুক্তিগত উন্নয়ন এবং ফলাফল লাভের কার্যক্রমের পরীক্ষামূলক বাস্তবায়ন, পরিশিষ্ট-১ এর প্যারা-২ এ বর্ণিত সুরক্ষার বিষয়াদির জোরদার বাস্তবায়ন করার জন্য। এ ক্ষেত্রে সম্মেলনে অর্থ সহায়তা সংক্রান্ত প্রাসঙ্গিক বিধান এবং সহায়তা প্রদানের প্রতিবেদনের বিধান আমলের নিতে হবে।

৭৭. অনুরোধ করছে, দীর্ঘমেয়াদি সম্মিলিত প্রচেষ্টা বিষয়ক অ্যাডহক ওয়ার্কিং গ্রুপ (Ad-hoc Working Group on Long term Comprehensive Action) কে প্যারা ৭৩ এ বর্ণিত ফলাফল ভিত্তিক কার্যক্রমের[৩] অর্থায়নের উপায়সমূহ খুঁজে বের করার জন্য এবং জাতিসমূহের ১৭-তম সম্মেলনে কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন এবং সুপারিশ প্রদান করার জন্য।

৭৮. প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বিষয়ে জাতীয় পর্যায়ে সমন্বয় নিশ্চিত করতে দেশসমূহকে অনুরোধ জানাচ্ছে।

৭৯. অনুচ্ছেদ ৭০ এবং ৭৮ এ উল্লিখিত কার্যক্রমে অবদান রাখার জন্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থা এবং অংশীদারদের আমন্ত্রণ জানাচ্ছে;

**পাদটিকাঃ**

[১] পরিস্থিতি অনুযায়ী জাতীয় নিঃসরণ বা নিঃসরণ ও অপসারণ মাত্রা একাধিক আঞ্চলিক নিঃসরণ বা নিঃসরণ ও অপসারণ মাত্রার সমন্বয়ে গঠিত হতে পারে;

[২] একই সঙ্গে জাতীয় পর্যায়ে নিঃসণের স্থানচ্যুতির পরিবীক্ষণ প্রতিবেদন প্রদানসহ সহ কিভাবে এ হিসেব করা হলো তা সংযুক্ত করতে হবে এবং পরিবীক্ষণ পদ্ধতিকে কিভাবে জাতীয় পর্যায়ে অন্তর্ভুক্তি করা হবে তার উপর প্রতিবেদন প্রদান করতে হবে।

[৩] এই কার্যক্রমগুলোর ক্ষেত্রে জাতীয় পরিবীক্ষণ পদ্ধতির প্রয়োজন।



মধুপুর বন থেকে পাতা সংগ্রহ করে বিক্রির জন্য বাজারে নিচ্ছে একজন স্থানীয় একজন অধিবাসী।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

## পরিশিষ্ট-১

উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের জন্য নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা বিষয়ক নির্দেশনা এবং সুরক্ষার বিষয়াদি ও সংরক্ষণ, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।

১. এই সিদ্ধান্তের প্যারা ৭০-এ উল্লিখিত কার্যক্রমগুলোর উচিত হবেঃ

(ক) সমঝোতার অনুচ্ছেদ ২ এ উল্লিখিত উদ্দেশ্য অর্জনে অবদান রাখা;
(খ) সমঝোতার অনুচ্ছেদ ৪, প্যারা ৩ এ ঘোষিত অঙ্গীকারগুলো পূরণে অবদান রাখা;
(গ) দেশের সিদ্ধান্ত নেয়ার স্বাধীনতা থাকবে এবং জাতীয় কার্যক্রম হতে হবে;
(ঘ) পরিবেশের ভারসাম্য বজায় রাখা এবং বন ও অন্যান্য বাস্তুতন্ত্রের বিভিন্ন অবদান বিবেচনায় নেওয়া;
(ঙ) জাতীয় উন্নয়ন অগ্রাধিকার, উদ্দেশ্যসমূহ, পরিস্থিতি এবং সক্ষমতা অনুসারে হবে এবং সার্বভৌমত্বকে বরখেলাপ না করে;
(চ) টেকসই উন্নয়নের প্রয়োজনীয়তা এবং লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া;
(ছ) টেকসই উন্নয়ন, দারিদ্র্য বিমোচন এবং একই সঙ্গে জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে বাস্তবায়িত হওয়া;
(জ) দেশের অভিযোজন পদক্ষেপের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া;
(ঝ) সক্ষমতা তৈরির কার্যক্রম সহ পর্যাপ্ত এবং অনুমানযোগ্য আর্থিক এবং প্রযুক্তিগত সহায়তার মাধ্যমে বাস্তবায়িত হবে
(ঞ) ফলাফল ভিত্তিক হওয়া
(ট) বনভূমির টেকসই ব্যবস্থাপনাকে উন্নীত করা

২. এই সিদ্ধান্তের অনুচ্ছেদ ৭০-এ উল্লিখিত কার্যক্রমগুলো গ্রহণ করার সময়ে নিম্নলিখিত সুরক্ষার বিষয়গুলো দ্রুত প্রচলন এবং সমর্থন (পক্ষাবলম্বন) করতে হবে:

(ক) কর্মকাণ্ডগুলো জাতীয় বন কার্যক্রম এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক সমঝোতা এবং চুক্তির উদ্দেশ্যকে পূরণ করবে অথবা এর সাথে সামঞ্জস্যপূর্ণ হবে;
(খ) জাতীয় আইনী কাঠামো এবং সার্বভৌমত্বকে বিবেচনায় রেখে স্বচ্ছ এবং কার্যকর জাতীয় বন ব্যবস্থাপনা কাঠামো প্রণয়ন;
(গ) সংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিশ্রুতি, জাতীয় পরিস্থিতি এবং আইনী কাঠামো বিবেচনায় রেখে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর জ্ঞান এবং অভিজ্ঞতার প্রতি শ্রদ্ধা দেখানো, বিশেষতঃ নৃ-তাত্ত্বিক জনগণের অধিকারের ওপর জাতিসংঘের ঘোষণা আমলে নেওয়া;
(ঘ) এই সম্মেলনের সিদ্ধান্তের প্যারা ৭০ এবং ৭২ নং এ উল্লিখিত কার্যক্রমের প্রণয়ন এবং বাস্তবায়নকালে অংশীদারদের বিশেষ করে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
(ঙ) এই কর্মকান্ডগুলো প্রাকৃতিক বনভূমি এবং জীববৈচিত্র্য সংরক্ষণের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। এটি নিশ্চিত করতে হবে যে, এই সিদ্ধান্তের প্যারা ৭০-এ উল্লিখিত কর্মকান্ডগুলো প্রাকৃতিক বনভূমির রূপান্তরে ব্যবহৃত না হয়ে তার পরিবর্তে প্রাকৃতিক বনভূমি এবং তাদের বাস্তুতন্ত্র সেবার সুরক্ষা এবং সংরক্ষণকে প্রণোদিত করতে ব্যবহৃত হবে এবং অন্যান্য সামাজিক এবং পরিবেশগত সুবিধাসমূহ[১] বৃদ্ধি করবে;
(চ) নিঃসরণের পুনরাবৃত্তি রোধ করবে;
(ছ) নিঃসরণের স্থানচ্যুতি রোধ করবে ।

**পাদটিকাঃ**

[১] আরো লক্ষ্য রাখতে হবে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগণের টেকসই জীবন ব্যবস্থার প্রয়োজনীয়তার উপর, বনের উপর তাদের নির্ভরশীলতার উপর যে বিষয়ে জাতিসমূহের নৃতাত্ত্বিক মানুষের অধিকার বিষয়ক ঘোষণায় এবং আন্তর্জাতিক ধরিত্রী দিবসে বলা হয়েছে।

## পরিশিষ্ট-২

উন্নয়নশীল দেশসমূহে বন উজাড় এবং অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাসের জন্য নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা এবং সংরক্ষণের ভূমিকা, টেকসই বন ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির বিষয়ে সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল অ্যাডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) এর কার্যক্রম,

SBSTA এর কার্যক্রম পরিকল্পনার সময় নিম্নলিখিত বিষয়ে অনুরোধ করা যাচ্ছেঃ

(ক) উন্নয়নশীল দেশসমূহে "ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারে পরিবর্তন বনাঞ্চলসহ", পরিবর্তন শনাক্ত করার সাথে সাথে এর সঙ্গে জড়িত বনাঞ্চল উজাড় এবং অবক্ষয়ের চালিকাশক্তিগুলোকে শনাক্ত করা, এবং এই পরিবর্তনের কারণে নিঃসরণ এবং অপসারণ হিসাব করার পদ্ধতি শনাক্ত করা, এবং জলবায়ু পরিবর্তন প্রশমনে উল্লিখিত কাজের সম্ভাব্য অবদান, এই সকল বিষয়ের উপর অগ্রগতি এবং ফলাফলের উপর প্রতিবেদন জাতিসমূহের ১৮তম অধিবেশনে জমা দেওয়ার জন্য;

(খ) এই সিদ্ধান্তের প্যারা ৭১ (খ) এবং (গ) এর সাথে সম্পর্কিত কার্যবিধি এবং প্যারা ৭১ (ঘ) এর সাথে সম্পর্কিত নির্দেশনা বিষয়ে পদ্ধতি গঠন করে জাতিসমূহের ১৭তম অধিবেশনে বিবেচনার জন্য জমা দেওয়ার অনুরোধ করা হয়;

(গ) প্রয়োজন অনুসারে বর্ণিত বিষয়গুলোর উপর পদ্ধতি তৈরি করার জন্য বন খাত হতে কার্বনের নিঃসরণের উৎস এবং অপসারণের জমাগার এবং এর পরিমাপ, প্রতিবেদন এবং যাচাই পদ্ধতি, কার্বন মজুদের পরিমাপ, প্যারা-৭০ এ বর্ণিত কার্যক্রমের ফলশ্রুতিতে বনের পরিবর্তন এবং কার্বন মজুদ পরিবর্তন পরিমাপের পদ্ধতি যা সম্মেলনে স্বীকৃত যথাযথ জাতীয় প্রশমন কার্যক্রমের (Nationally Appropriate Metigation Actions) পরিমাপ, প্রতিবেদন এবং যাচাই এর নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং সিদ্ধান্ত ৪/কপ ১৫ এর আওতায় পদ্ধতিগত বিষয়সমূহের দিকনির্দেশনার লক্ষ্য রেখে জাতিসমূহের ১৭তম সম্মেলনে জমা দেবে।

# সারসংক্ষেপ | Summary


**ডারবান সিদ্ধান্ত ২/কপ.১৭ (DECISION 2/CP.17 FROM DURBAN)**

**শিরোনাম: সমঝোতার সেকশন সি এর আওতায় দীর্ঘ মেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের ওপর এডহক ওয়ার্কিং গ্রুপের কাজের ফলাফল: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।**

(Outcome of the work of the ad hoc working group on the long-term cooperative action under the convention.)


REDD+ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অর্থায়নের উৎস যাই হোক না কেন এই ক্ষেত্রে সাতটি সুরক্ষার বিষয় বিবেচনায় নিতে হবে। ফলাফল ভিত্তিক কার্যক্রমের অর্থায়ন করতে যথার্থ বাজার ভিত্তিক কৌশল এবং একই সঙ্গে বাজার বহির্ভূত কৌশলেরও উদ্ভব করা যেতে পারে। এই সিদ্ধান্তে ফলাফল ভিত্তিক কার্যক্রম অর্থায়নে আরও কাজ করার জন্য অনুরোধ জানানো হয়েছে।



একজন মহিলা মধুপুরের শালবন থেকে পাতা সংগ্রহ করছে জ্বালানী হিসেবে ব্যবহারের জন্য।
ছবি: বাংলাদেশ বন বিভাগ

# বিশদ অনুবাদ | Decision

সিদ্ধান্ত ২/কপ.১৭ (DECISION 2/CP.17)

**শিরোনাম: সমঝোতার আওতায় দীর্ঘমেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের ওপর এডহক ওয়ার্কিং গ্রুপের কাজের ফলাফল।**

(Outcome of the work of the ad hoc working group on the long-term cooperative action under the convention.)

## সেকশন সি: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।

উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকার বিষয়ে ১/কপ.১৬ সিদ্ধান্তের মধ্যে ঘোষিত নীতি এবং বিধিমালা এবং পরিশিষ্ট-১ এবং ২ এ বিষয়গুলো স্মরণ করিয়ে দিচ্ছে।

আরও স্মরণ করিয়ে দিচ্ছে সিদ্ধান্ত ১/কপ.১৩, ২/কপ.১৩, ৪/কপ.১৫ এবং ১২/কপ.১৭ কে, উপরন্ত স্মরণ করিয়ে দিচ্ছে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৬৮-৭৪ এবং ৭৬-৭৮ কে।

পুনর্ব্যক্ত করছে যে, উন্নয়নশীল দেশসমূহকে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তা এবং জাতীয় পরিস্থিতির প্রেক্ষাপটে, সকল দেশসমূহ সম্মিলিতভাবে বনের আচ্ছাদন এবং কার্বন নিঃসরণ কমানো, সম্পূর্ণরূপে বন্ধ এবং বিপরীতমূখী ধারা আনায়নের লক্ষ্যে কাজ করবে যা সমঝোতার অনুচ্ছেদ ২ এর চূড়ান্ত উদ্দেশ্য।

পুনরায় সমর্থন করছে সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট-১ এর প্যারা ১ এ বর্ণিত বিষয়াদি, গোচরে আনছে যে, ইতোমধ্যে উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং অবক্ষয় রোধ করতে এবং বনের কার্বন মুজদ বজায় রাখতে বা বৃদ্ধিতে উদ্যোগ নেয়া হয়েছে এবং কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭৩ এবং ৭৬ এ উল্লিখিত কার্যক্রমগুলোর জন্য কার্যকর এবং অব্যাহত সহায়তার গুরুত্বকে অনুধাবন করছে।

আরও স্বীকৃতি প্রদান করছে যে বন খাতে প্রশমন কার্যক্রমের জন্য নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনার বিষয়গুলো যেভাবে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত আছে, তা দারিদ্র্য বিমোচন, জীববৈচিত্র্য বৃদ্ধিজনিত সুফল, বাস্তুতন্ত্রের সহনশীলতা বৃদ্ধি এবং অভিযোজন ও প্রশমনের মধ্যকার সংযোগকে জোরালো করতে পারে। এছাড়াও সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১, প্যারা ২(গ-ঙ) এ উল্লিখিত সুরক্ষার বিষয়সমূহকেও সহায়তা করবে, সংশ্লিষ্ট আন্তর্জাতিক সমঝোতা এবং চুক্তির আওতায় গৃহীত কার্যক্রমের প্রাসঙ্গিকতা গোচরে আনছে।

৬৩. অর্থায়নের উৎস অথবা ধরন যাই হোক না কেন, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমগুলো, সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্রাসঙ্গিক সিদ্ধান্ত এবং পরিশিষ্টে উল্লিখিত সুরক্ষার বিষয়াদি সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার বিষয়ে ঐক্যমত পোষণ করছে।

৬৪. স্মরণ করিয়ে দিচ্ছে যে সিদ্ধান্ত ১/কপ.১৬ প্যারা ৭৩ এবং ৭৭ এ উল্লিখিত ফলাফল ভিত্তিক কার্যক্রম[১] গ্রহণকারী উন্নয়নশীল দেশগুলোর জন্য ফলাফল ভিত্তিক অর্থায়ন প্রাপ্তির ক্ষেত্রে গৃহীত কার্যক্রমগুলোকে সম্পূর্ণরূপে পরিমাপ, প্রতিবেদন প্রদান এবং যাচাই[২] করতে হবে, এবং সম্মেলনের সিদ্ধান্ত ১/কপ.১৬ প্যারা ৭১ এ উল্লিখিত উপাদানগুলো থাকতে হবে।

৬৫. একমত হচ্ছে যে, উন্নয়নশীল দেশগুলোকে নতুন, অতিরিক্ত ও পূর্বানুমেয় উৎস হতে অর্থায়ন ফলাফলের ভিত্তিতে করা হবে- যা সরকারি, বেসরকারি, দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক এবং বিকল্প উৎস হতে আসতে পারে।

৬৬. প্রদর্শনমূলক কার্যক্রমের বর্তমান এবং ভবিষ্যৎ বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে বিবেচনা করা যায় যে, সিদ্ধান্ত ১/কপ১৬ প্যারা ৭৩ এ বর্ণিত ফলাফল ভিত্তিক কার্যক্রমের জন্য উপযুক্ত বাজারভিত্তিক কৌশল তৈরি করা যেতে পারে; এক্ষেত্রে পরিবেশের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে, মেনে চলতে হবে ১/কপ১৬, পরিশিষ্ট ১ ও ২ এর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ এবং আরও কোন ভবিষ্যতের সিদ্ধান্ত উল্লিখিত বিষয়াদির উপর।

৬৭. উল্লেখ করছে যে, বাজার বহির্ভূত কৌশলগুলো, যেমন যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি টেকসই বনভূমি ব্যবস্থাপনার একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে বন সুশাসন সুদৃঢ় করতে পারে, সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ও, প্যারা ২(সি-ই) এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির প্রয়োগ উন্নত করতে পারে, এবং বনের বহুবিধ উপকারের বিকাশ ঘটাতে পারে, এ ধরনের কৌশল তৈরি করা যেতে পারে।

৬৮. সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭৩ এ উল্লিখিত কার্যক্রমের জন্য ফলাফল ভিত্তিক অর্থায়ন প্রদান করতে সমঝোতার আওতায় আর্থিক কৌশল পরিচালনাকারী স্বত্বাকে (GEF & GCF) উৎসাহিত করছে।

৬৯. দেশসমূহ এবং অনুমোদিত পর্যবেক্ষক সংস্থাগুলোকে ৫ মার্চ ২০১২ এর মধ্যে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৬৮-৭০ এবং ৭২ এর সাথে সম্পর্কিত ফলাফল ভিত্তিক কার্যক্রমে অর্থায়ন করা এবং কার্যক্রম বিবেচনার জন্য কার্যবিধি এবং প্রক্রিয়াসমূহের উপর তাদের মতামত সচিবালয়ের কাছে জমা দানের আমন্ত্রণ জানাচ্ছে।

৭০. সচিবালয়কে অনুরোধ জানাচ্ছে, দেশসমূহের জমাদানকৃত মতামতকে একটি বিবিধ দলিলে সংকলন করে সমঝোতার আওতায় 'দীর্ঘ মেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের এডহক ওয়ার্কিং গ্রুপ' এর কাছে জমাদানের জন্য বলা হচ্ছে, যা তারা বৈজ্ঞানিক এবং কারিগরি পরামর্শ প্রদানকারী সাবসিডিয়ারি বডির ৩৬তম অধিবেশনের সময় বিবেচনা করবে।

৭১. সচিবালয়কে আরও অনুরোধ জানাচ্ছে সম্পদের প্রাপ্যতা সাপেক্ষে প্যারা ৬৯ এবং ৭০ এ উল্লিখিত বিষয়গুলোর উপরে দেশ এবং অনুমোদিত পর্যবেক্ষক সংস্থার জমাদানকৃত প্রতিবেদনের উপর ভিত্তি করে একটি সংক্ষিপ্ত কারিগরি প্রতিবেদন প্রস্তুত করতঃ প্যারা ৭২ এ উল্লিখিত কর্মশালার আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য।



মধুপুরের শাল বনে কৃষি ভিত্তিক বন ব্যবস্থাপনা
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

৭২. সচিবালকে আরও অনুরোধ জানাচ্ছে সম্পদের প্রাপ্যতা সাপেক্ষে প্যারা ৬৯ এ উল্লিখিত দেশসমূহের এবং অনুমোদিত পর্যবেক্ষক সংস্থাগুলোর জমাদানকৃত প্রতিবেদনের উপর ভিত্তি করে প্যারা ৭১ এ উল্লিখিত কারিগরি বিষয়ক প্রতিবেদন, এবং বৈজ্ঞানিক এবং কারিগরি পরামর্শ প্রদানকারী সাবসিডিয়ারি বডির ৩৬তম অধিবেশনের সময় দীর্ঘ মেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের এডহক ওয়ার্কিং গ্রুপ এর এই বিষয়ের সিদ্ধান্ত বিবেচনায় নিয়ে একটি কর্মশালা আয়োজন করতে যা জাতিসমূহের ১৮তম সম্মেলনের পূর্বে অনুষ্ঠিত হবে।

৭৩. দীর্ঘ-মেয়াদী সহযোগিতামূলক কার্যক্রমের এডহক ওয়ার্কিং গ্রুপ-কে সমঝোতার আওতায় প্যারা ৬৯ এ উল্লিখিত দেশসমূহের এবং অনুমোদিত পর্যবেক্ষক সংস্থাগুলোর জমাদানকৃত প্রতিবেদন, প্যারা ৭১ এ উল্লিখিত কারিগরি বিষয়ক সংক্ষিপ্ত প্রতিবেদন এবং অনুচ্ছেদ ৭২ এ উল্লিখিত কর্মশালার ফলাফলের প্রতিবেদন সমূহকে বিবেচনা নিয়ে দেশসমূহের ১৮তম সম্মেলনে অগ্রগতি প্রতিবেদন এবং সুপারিশের প্রদানের অনুরোধ জানাচ্ছে।

**পাদটিকাঃ**

[১] সিদ্ধান্ত ১/কপ ১৬ এর পরিশিষ্ট-২ অনুসারে,
[২] যা জাতিসমূহের সম্মেলনে ঐক্যমত হয়েছে।



# সারসংক্ষেপ | Summary

**ডারবান সিদ্ধান্ত ১২/কপ. ১৭** (DECISION 12/CP.17 FROM DURBAN)

**শিরোনাম: ১/কপ. ১৬ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার লক্ষ্যে এবং বনের কার্বন নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ ও অপসারণ মাত্রার উপর দিকনির্দেশনা।**

(Title: Guidance on systems for providing information on how safeguards are addressed and respected and modalities relating to forest reference emission levels and forest reference levels as referred to in decision 1/CP.16.)

এই সিদ্ধান্তে দুইটি বিষয়ের ওপর কারিগরি দিক-নির্দেশনা দেয়া হয়: ১) সুরক্ষার তথ্য পদ্ধতি (Safeguard Information System); এবং ২) বনের কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (FREL/FRL)।

জাতীয় পরিস্থিতি, আইনী কাঠামো এবং সার্বভৌমত্বকে বিবেচনায় রেখে সুরক্ষা তথ্য পদ্ধতি সকল সুরক্ষার বিষয়াদির উপর স্বচ্ছ এবং সামঞ্জস্যপূর্ণ তথ্য প্রদান করতে হবে। তথ্য সংশ্লিষ্ট সকল অংশীদারদের কাছে সহজগম্য হতে হবে এবং নিয়মিতভাবে হালনাগাদকৃত হতে হবে। সংশ্লিষ্ট দেশ দ্বারা পরিচালিত এ তথ্য পদ্ধতি সম্ভব হলে বিদ্যমান পদ্ধতির উপর গঠিত হতে পারে এবং যেন সময় সময়ে উন্নত করা যায়।

উপরোক্ত বিষয়ে আরও ঐক্যমত হয়েছে যে, REDD+ প্রক্রিয়ায় অংশগ্রহণকারী দেশসমূহকে UNFCCC এর কাছে সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার একটি সংক্ষিপ্ত প্রতিবেদন জাতীয় গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের (National Communication Report) অংশ হিসেবে জমা দিতে হবে। SBSTA কে এ বিষয়ে আরও মতামত দেয়ার উপর অনুরোধ করা হয়।

বনের কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার উপর এ সিদ্ধান্তে স্পষ্ট করা হয় যে, REDD+ এর ফলাফলের একক টন $CO_2$ সমতুল্য পরিমাপে (tonnes $CO_2$eq per year) হিসাব করা হবে, ফলশ্রুতিতে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার একক টন $CO_2$ সমতুল্য পরিমাপে (tonnes $CO_2$eq per year) প্রকাশিত হতে হবে। ফলাফল হল একটি বছরে প্রাক্কলিত নিঃসরণ এবং অপসারণের মধ্যকার পার্থক্য এবং নিঃসরণ ও অপসারণ মাত্রা। সিদ্ধান্ত ৪/কপ.১৫ এর আলোকে নিঃসরণ এবং অপসারণের মাত্রা প্রাক্কলনে অতীত তথ্যের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করা হয় এবং এই মাত্রা যেন দেশের গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের প্রতিবেদনের (National Communication Report) সাথে সামঞ্জস্য বজায় রাখে। দেশসমূহকে UNFCCC'র কাছে প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা জমা দেওয়ার এবং নির্দিষ্ট সময় পর পর হালনাগাদ করার আমন্ত্রণ জানানো হয়েছে। এই সিদ্ধান্তের সংযুক্তিতে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা জমাদানের জন্য নির্দেশনা এবং এর কারিগরি মূল্যায়নের লক্ষ্যে একটি প্রক্রিয়া প্রতিষ্ঠিত করেছে।

পরিশিষ্টে আরও যেসব বিষয়ের উপর গুরুত্বারোপ করা হয়েছে তা হলো- স্বচ্ছতা বজায় রাখা, পরিপূর্ণ, সামঞ্জস্যপূর্ণ এবং সঠিক তথ্যের ব্যবহার। উৎসাহ দেয়া হয়েছে সাম্প্রতিক IPCC এর দিকনির্দেশনা অনুসরণ করতে, সকল গুরুত্বপূর্ণ কার্বনের আধার এবং ৫টি REDD+ কার্যক্রম বিবেচনা করার জন্য এবং বনকে সংজ্ঞায়িত করার জন্য বলা হয়েছে।

## ব্যাখ্যাসমূহ (EXPLANATION)

সুরক্ষার বিষয়ে গৃহীত 'ব্যবস্থা' এবং 'মেনে চলার' (address & respect) বিষয়টি কখনো পরিষ্কার করা হয়নি। একটি সাধারণ ধারণা হচ্ছে যে 'ব্যবস্থা' শব্দটি দিয়ে নীতিমালা, আইন, নিয়মকানুন, প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ইত্যাদি বুঝানো হয়েছে যা REDD+ কার্যক্রমে সুবিধা এবং ঝুঁকিগুলোর সাথে মোকাবেলা করতে প্রণয়ন করা হয়েছে। 'মেনে চলার' শব্দটি নির্দেশ করেছে কিভাবে নীতিমালা, আইন, নিয়মকানুন বাস্তবে প্রয়োগ করা হবে যা কানকুন সুরক্ষার বিষয়াদির সাথে সঙ্গতিপূণ ইতিবাচক ফলাফল বয়ে আনবে।

FREL এবং FRL এই দুটি শব্দকে স্পষ্ট বা পার্থক্য করা হয়নি। তবে সার্বিকভাবে বলতে গেলে FREL বলতে বন উজাড় (Deforestration) এবং বন অবক্ষয়ের (Degradation) কারণে কার্বন নিঃসরণের (Emission) মাত্রাকে বুঝায়। আর FRL বলতে বলতে বন উজাড় (Deforestration) এবং বন অবক্ষয়ের (Degradation) কারণে কার্বন নিঃসরণের (Emission) মাত্রাসহ এবং বনের কার্বন মজুদের সংরক্ষণ, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদের বৃদ্ধির কার্যক্রমের কারণে বায়ুমণ্ডল হতে কার্বনের অপসারণের (removal) মাত্রাকে বুঝায় । অর্থাৎ নিঃসরণ ও অপসারণ মাত্রা উভয়ই বোঝায়।

কার্বন আধারসমূহকে (reservoirs / pools) পরিবীক্ষণের উদ্দেশ্যে বনের ৫টি স্থান যেখানে কার্বন সঞ্চিত থাকে তার সুস্পষ্ট করা হয়েছে অর্থাৎ (১) ভূমির উপরিভাগে গাছের অংশ (কাণ্ড ও ডালপালা), (২) মাটির নীচের গাছের অংশ (শিকড়), (৩) মৃত গাছ, (৪) ঝরে পড়া ছোট ছোট ডালপালা এবং (৫) মাটিতে সঞ্চিত কার্বন।

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ১২/কপ. ১৭** (DECISION 12/CP.17)

**শিরোনাম: ১/কপ. ১৬ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার লক্ষ্যে এবং বনের কার্বন নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ ও অপসারণ মাত্রার উপর দিকনির্দেশনা।**

(Guideline on systems for providing information on how safeguards are addressed and respected and modalities relating to forest reference emission levels and forest reference levels as reffered in decision 1/cp.16)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ২/কপ.১৩, ৪/কপ.১৫ এবং ১/কপ.১৬ কে স্মরণ করিয়ে দিচ্ছে,

আরও স্মরণ করিয়ে দিচ্ছে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৬৯-৭১ এবং পরিশিষ্ট ১ ও ২ এ বর্ণিত বিষয়াদি।

সিদ্ধান্ত ১/কপ.১৬ পরিশিষ্ট এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার তথ্য পদ্ধতি জাতীয় পরিস্থিতি, আইনী কাঠামো এবং সার্বভৌমত্বের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এর মধ্যে উল্লিখিত সকল উপাদানগুলো গঠনের জন্য পর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক এবং প্রযুক্তিগত সহায়তার গুরুত্ব এবং প্রয়োজনীয়তাকে স্বীকৃতি দিচ্ছে, এবং অবগত আছে যে, বনের কার্বন নিঃসরণ এবং নিঃসরণ ও অপসারণের মাত্রা নির্ধারণের পদ্ধতি এমন হতে হবে যাতে সহজেই জাতীয় পরিস্থিতি এবং সক্ষমতার আলোকে তৈরি হয়, তবে সর্বক্ষেত্রেই পরিবেশের ক্ষতি যাতে না হয় সে দিকে অথবা নেতিবাচক প্রণোদনা যাতে না পায় লক্ষ্য রাখতে হবে।

## অধ্যায় ১.

সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার তথ্য পদ্ধতি উপর নির্দেশনা:

১. উল্লেখ করছে যে সিদ্ধান্ত ১/কপ.১৬ এ পরিশিষ্ট ১ এ বর্ণিত যেসব সুরক্ষার বিষয়াদি রয়েছে তার বাস্তবায়ন এবং গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার ওপর তথ্য - জাতীয় কৌশল বা কর্ম পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭৩ এর মধ্যে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের সকল পর্যায়ে এবং প্যারা-৭০ এ উল্লিখিত কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২. একমত হচ্ছে যে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার তথ্য পদ্ধতি - জাতীয় পরিস্থিতি এবং সক্ষমতার উপর নির্ভরশীল, সার্বভৌমত্ব এবং আইনের প্রতি শ্রদ্ধাশীল, আন্তর্জাতিক চুক্তি ও সমঝোতার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং নারী ও পুরুষের বিষয়গুলো বিবেচনায় আনবেঃ

(ক) সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ ও প্যারা ১ এ উল্লিখিত দিকনির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

(খ) স্বচ্ছতা বজায় রেখে সামঞ্জস্যপূর্ণ তথ্য প্রদান করবে যা সংশ্লিষ্ট অংশীদারদের নিকট সহজগম্য হবে এবং নিয়মিত হালনাগাদ করা হবে;

(গ) স্বচ্ছতা বজায় রেখে তথ্য পদ্ধতিটি এমন হবে যা সময়ের সাথে সাথে সহজেই উন্নয়ন ঘটানো যায়;

(ঘ) সিদ্ধান্ত ১/কপ.১৬ এ পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার উপর তথ্য প্রদান করতে হবে;

(ঙ) দেশ দ্বারা পরিচালিত এবং এর বাস্তবায়ন জাতীয় পর্যায়ের হবে;

(চ) সম্ভব হলে বিদ্যমান অনুরূপ পদ্ধতির উপর তৈরি করা যেতে পারে।

৩. আরও একমত হচ্ছে যে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমগুলো যে সকল দেশ গ্রহণ করেছে তাদের সিদ্ধান্ত ১/কপ.১৬ এ পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার উপর সারসংক্ষেপ প্রদান করতে হবে।

৪. সিদ্ধান্ত গ্রহণ করছে যে উপরে উল্লিখিত প্যারা ৩ এর সারসংক্ষেপটি নির্দিষ্ট সময়ের আবর্তে জাতীয় গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের (National Communication Report) অংশ হিসেবে জমা দিতে হবে। যা সামঞ্জস্যপূর্ণ হবে সমঝোতার পরিশিষ্ট-১ বহির্ভূত দেশসমূহের (non Annex-1 countries) জন্য গ্রীন হাউজ গ্যাস প্রতিবেদনের (National Communication Report) এর উপর গৃহীত সিদ্ধান্ত বা দিকনির্দেশনা অনুযায়ী অথবা জাতিসমূহের সম্মেলনে অনুমোদিত যোগাযোগের মাধ্যম অনুযায়ী।

৫. সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল অ্যাডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) - কে অনুরোধ জানাচ্ছে, তার ৩৬তম অধিবেশনে, উপরে উল্লিখিত প্যারা ৩ এ বর্ণিত তথ্যের সার-সংক্ষেপের প্রথম এবং আবর্তন কালের সময় নির্ধারণের বিষয়টি বিবেচনা এবং দেশসমূহের ১৮তম সম্মেলন এই বিষয়ের উপর সুপারিশ করতে যাতে করে এ বিষয়ে একটি সিদ্ধান্ত গ্রহণ করা যায়।

৬. SBSTA - কে তার ৩৬তম অধিবেশনে দিকনির্দেশনা দেওয়ার উপর অনুরোধ করা হচ্ছে - স্বচ্ছ, পরিপূর্ণ, সামঞ্জস্যপূর্ণ এবং কার্যকরি তথ্যের ব্যবহারের মাধ্যমে সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার উপর।

## অধ্যায় ২.

**বনের কার্বন নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ ও অপসারণ মাত্রার উপর কার্যবিধিঃ**

৭ একমত হচ্ছে যে ১/কপ.১৬ প্যারা ৭১(খ) এ গৃহীত সিদ্ধান্ত অনুসারে বনের নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার একক-কে টন $CO_2$ সমতুল্য পরিমাপে (tonnes $CO_{2eq}$ per year) হিসাবে প্রকাশ করা হবে যা একটি দেশের সিদ্ধান্ত ১/কপ.১৬ প্যারা ৭০ এ উল্লিখিত গৃহীত কার্যক্রমের সফলতা বা ব্যর্থতা পরিমাপের উদ্দেশ্যে ব্যবহৃত হবে।

৮. সিদ্ধান্ত গ্রহণ করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১(খ) অনুসারে কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাটি সিদ্ধান্ত ৪/কপ.১৫ প্যারা ৭ কে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠিত করা হবে এবং যা দেশের গ্রীন হাউজ গ্যাস জরিপে অন্তর্ভুক্ত মানবসৃষ্ট নিঃসরণের বিভিন্ন উৎস এবং অপসারণের বিভিন্ন জমাগারের সাথে ধারাবাহিকতা বজায় রেখে প্রতিষ্ঠিত হবে।

৯. জাতিসমূহকে আমন্ত্রণ জানাচ্ছে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনের উপর তথ্য এবং যুক্তিসহ ব্যাখ্যা জমাদানে, জাতীয় পরিস্থিতির উপর বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত করে, এবং নিঃসরণ/অপসারণের মাত্রা যদি সমন্বয় করা হয় তবে, জাতীয় পরিস্থিতির কোন বিষয়গুলো সমন্বয়ের জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে তার উপর বিস্তারিত তথ্য সহকারে জমা দেয়ার জন্য যা এ সিদ্ধান্তের পরিশিষ্টে দেওয়া দিকনির্দেশনা অনুযায়ী অথবা ভবিষ্যতের আরও সিদ্ধান্তের অনুসারে হতে হবে।



সামাজিক বনায়নের ফলে সৃজিত বন থেকে কাঠ সংগ্রহ করা হচ্ছে।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

১০. ঐক্যমত প্রকাশ করছে যে, জাতীয় বন কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনের ক্ষেত্রে ধাপ ভিত্তিক কৌশল হিতকর হতে পারে যা দেশসমূহকে তাদের নিঃসরণ/অপসারণ মাত্রা আরও সুচারুভাবে নির্ণয়ের উদ্দেশ্যে উপযুক্ত তথ্য উপাত্ত, উন্নত পদ্ধতি এবং যেখানে প্রযোজ্য আরও কার্বনের আধার যোগ করার সুযোগ করে দেয়; এক্ষেত্রে উল্লেখ করছে ১/কপ.১৬, প্যারা ৭১ এ সিদ্ধান্তে উল্লিখিত উন্নয়নশীল দেশসমূহকে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তা দেওয়ার গুরুত্ব।

১১. স্বীকার করে নিচ্ছে যে অন্তবর্তীকালীন সময়ের জন্য আঞ্চলিক নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠন করা যেতে পারে যা পরবর্তীতে পরিবর্তিত হয়ে একটি জাতীয় নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রায় রূপান্তরিত হবে; একটি দেশের আঞ্চলিক নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাটি সমগ্র বনাঞ্চলের অংশ বিশেষের উপর গঠিত হতে পারে।

১২. একমত হচ্ছে যে, উন্নয়নশীল দেশসমূহ তাদের নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা সময়ের আবর্তে প্রয়োজন অনুসারে নতুন জ্ঞান, ধারা এবং কাজের পরিসর ও পদ্ধতি বিবেচনায় নিয়ে হালনাগাদ করবে।

১৩. আমন্ত্রণ জানাচ্ছে উন্নয়নশীল দেশসমূহকে সিদ্ধান্ত ১/কপ.১৬, অনুচ্ছেদ ৭১(খ) অনুসারে এবং উপরে বর্ণিত প্যারা ৯ এর তথ্য সম্বলিত করে স্বেচ্ছায় এবং উপযুক্ত বলে গণ্য হলে বন কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা দাখিল করার জন্য।



১৪. অনুরোধ করছে সচিবালয়কে UNFCCC REDD এর ওয়েব সাইটে[১] বন কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার ওপর তথ্য সহজলভ্য করার জন্য যাতে বিভিন্ন দেশের জমাদানকৃত প্রতিবেদনও অন্তর্ভুক্ত থাকবে।

১৫. একমত হয়েছে যে, বন কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার প্রস্তাবনা অথবা প্যারা ১২ অনুসারে হালনাগাদ কৃত প্রতিবেদনের উপর কারিগরি বিশ্লেষণের জন্য একটি প্রক্রিয়া চালু করার ব্যাপারে যা সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল অ্যাডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) - এর ৩৬তম অধিবেশনে দেয় দিকনির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

**পাদটিকাঃ**

[১] http://unfccc.int/4531

## পরিশিষ্ট

নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার ওপর তথ্য জমাদানের দিকনির্দেশনা

সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ বর্ণিত কার্যক্রমগুলো নেওয়ার লক্ষ্য যে সকল উন্নয়নশীল দেশসমূহ কাজ করছে, তারা যে সকল তথ্য জমা দিবে তা যেন স্বচ্ছ, পরিপূর্ণ[১] এবং সম্মেলনে গৃহীত দিক নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, এবং সঠিক তথ্য দিতে হবে যাতে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা নিরূপনে ব্যবহৃত উপাত্তের, পদ্ধতির এবং প্রক্রিয়ার কারিগরি মূল্যায়ন করা সম্ভবপর হয়। প্রদত্ত তথ্যাদি অবশ্যই IPCC এর দিকনির্দেশনা অনুযায়ী এবং জাতিসমূহের সম্মেলনে গৃহীত নির্দেশনা অনুযায়ী অথবা যে সকল তথ্য দেওয়ার বিষয়ে উৎসাহ প্রদান করেছে তা থাকতে হবে। এছাড়াও নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত হবে:

(ক) বনের নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা তৈরিতে যে সকল তথ্য উপাত্ত এবং অতিতের উপাত্ত ব্যবহার করা হয়েছে এ সংক্রান্ত সমুদয় তথ্য স্বচ্ছতার সাথে জমা দিতে হবে;

(খ) বনের নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা তৈরিতে যে সকল স্বচ্ছ, পরিপূর্ণ, সামঞ্জস্যপূর্ণ এবং সঠিক উপাত্ত এবং পদ্ধতিগত তথ্য ব্যবহার করা হয়েছে, এবং যথার্থতা অনুযায়ী উপাত্তের বর্ণনা, কৌশলের বিবরণ,পদ্ধতির বর্ণনা, মডেল এবং প্রযোজ্য ক্ষেত্রে সকল অনুমান সমূহ, নীতিমালা সম্পর্কিত তথ্য এবং পূর্ববর্তী প্রতিবেদনের সাথে বর্তমান প্রতিবেদনের পার্থক্যের বিষয়গুলো;

(গ) সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ বর্ণিত কার্বনের আধার, গ্যাস এবং কার্যক্রম যেগুলো বনের নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রায় অন্তর্ভুক্ত হয়েছে এবং যা বাদ দেওয়া হয়েছে তার কারণ সহকারে জমা দিতে হবে। উল্লেখ্য, অতীব গুরুত্বপূর্ণ কার্বনের আধার এবং/অথবা কার্যক্রম বাদ দেওয়া উচিত হবে না;

(ঘ) বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা তৈরিতে বনের যে সংজ্ঞা ব্যবহার করা হয়েছে, যদি জাতীয় গ্রীনহাউজ গ্যাস জরিপে অন্য সংজ্ঞা ব্যবহৃত হয়ে থাকে, অথবা আন্তর্জাতিক সংস্থার কাছে জমাকৃত কোন প্রতিবেদনে অন্য কোন সংজ্ঞা ব্যবহৃত হয়ে থাকলে, তা উল্লেখ পূর্বক ব্যাখ্যা দিতে হবে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা তৈরিতে উল্লিখিত সংজ্ঞাটি ব্যবহারের কারণ।

**১০ম প্লেনারি মিটিং । ৯ ডিসেম্বর ২০১১**

**পাদটিকাঃ**

[১] পরিপূর্ণ শব্দটি দ্বারা প্রয়োজনীয় সমস্ত তথ্য এবং উপাত্তকে বুঝানো হচ্ছে যার মাধ্যমে যে কোন তৃতীয় ব্যক্তি নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা পুনরায় নিরূপন করতে পারে।

# সারসংক্ষেপ | Summary

### দোহা সিদ্ধান্ত ১/কপ. ১৮ (DECISION 1/CP.18 FROM DOHA)

**শিরোনাম: বালি এ্যাকশন প্ল্যান সেকশন সি এর উপর মতৈক্য: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।**

(Title: Agreed outcome pursuant to the Bali Action Plan, Section C: Policy approaches and positive incentives on issues relating to reducing emissions from deforestation and forest degradation in developing countries; and the role of conservation, sustainable management of forests and enhancement of forest carbon stocks in developing countries.)

এটি সিদ্ধান্ত ২/কপ.১৭ এর মধ্যে উল্লিখিত বাজার ভিত্তিক পন্থার ওপর একটি কর্মপরিকল্পনা এবং REDD+ কার্যক্রমের সহায়তার জন্য সমন্বয়ের ওপর একটি ব্যবস্থা প্রতিষ্ঠিত করেছে এবং SBSTA কে কিভাবে বাজার বহির্ভূত পন্থা বিকশিত হতে প্রারে তার ওপর এবং কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের সাথে সম্পর্কিত পদ্ধতিগত বিষয়গুলোর ওপর কাজ করতে অনুরোধ জানাচ্ছে ।



চট্টগ্রামের চুনতি বন্য প্রাণী অভয়ারণ্য সংলগ্ন ইটভাটা।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

## সিদ্ধান্ত ১/কপ.১৮ (DECISION 1/CP.18)

**শিরোনাম: বালি এ্যাকশন প্ল্যান এর উপর মতৈক্য।**
(Agreed outcome pursuant to the Bali action plan)

### সেকশন সি: উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা; এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা।

২৫. সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০১৩ সালে ফলাফল ভিত্তিক অর্থায়নের উপর কর্ম পরিকল্পনার দায়িত্ব গ্রহণের জন্য এতদ্সঙ্গে দুই দিনব্যাপী কর্মশালাসহ, সম্পদের প্রাপ্যতা সাপেক্ষে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের অগ্রগতি সাধণের জন্য।

২৬. প্যারা ২৫ এ উল্লিখিত কর্ম পরিকল্পনার জন্য সম্মেলনের প্রেসিডেন্টকে দুই জন সহ-সভাপতি নিয়োগ প্রদানের জন্য আমন্ত্রণ জানাচ্ছে, যার মধ্যে একজন উন্নয়নশীল দেশ হতে এবং আরেকজন উন্নত দেশ থেকে আসবেন।

২৭ প্যারা ২৫ এ উল্লিখিত কর্মশালা আয়োজনে সহায়তা করার জন্য সহ-সভাপতিদ্বয়কে সহযোগিতা করতে সচিবালয়কে অনুরোধ জানাচ্ছে।

২৮ সিদ্ধান্ত গ্রহণ করছে যে কর্ম-পরিকল্পনাটির লক্ষ্য হল সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৬৬ এবং ৬৭ কে বিবেচনায় নিয়ে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ তে উল্লিখিত কার্যক্রমের জন্য অর্থায়ন এর পরিমাণ এবং কার্যকারিতা বৃদ্ধিতে চলমান প্রচেষ্টাগুলোতে অবদান রাখা।

২৯. আরও সিদ্ধান্ত গ্রহণ করছে যে কর্ম-পরিকল্পনাটি সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৬৫ এ বর্ণিত অর্থায়ন এর উৎসগুলোর বৈচিত্র্যতাকে বিবেচনায় নিয়ে উদ্দেশ্য অর্জনের উপায়গুলো চিহ্নিত করবে, যেগুলোর মধ্যে অন্তর্ভূক্ত থাকবে:

(ক) সফল ফলাফল ভিত্তিক কার্যক্রমের অর্থ হস্তান্তর করার প্রক্রিয়া।
(খ) কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাগুলোকে (non-carbon benefits) প্রণোদোনা দেবার উপায়সমূহ।
(গ) ফলাফল ভিত্তিক অর্থায়নের সমন্বয়কে উন্নত করার উপায়সমূহ।

৩০. একমত হচ্ছে যে, কর্ম পরিকল্পনাটি প্রাসঙ্গিক তথ্য উপর নির্ভর করবে এবং শিক্ষা নেবে সমঝোতার অন্যান্য প্রক্রিয়া থেকে বিশেষত "দ্রুত অর্থায়ন প্রক্রিয়া" হতে।

৩১ সচিবালয় এর সহযোগিতায় সহ-সভাপতিদের অনুরোধ জানাচ্ছে, কর্ম পরিকল্পনার কার্যক্রমগুলোর সাথে সাবসিডিয়ারি বডি ফর সাইন্টিফিক এন্ড টেকনোলজিক্যাল অ্যাডভাইস (Subsidiary Body for Scientific and Technological Advice -SBSTA) - এর আওতায় উন্নয়নশীল দেশগুলোতে বন উজাড় এবং বন অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এর সাথে সম্পর্কিত বিষয়ে নীতিগত পদ্ধতি এবং ইতিবাচক প্রণোদনা এবং বন সংরক্ষণের, বনের টেকসই ব্যবস্থাপনা এবং বনের কার্বন মজুদ বৃদ্ধির ভূমিকা সম্পর্কিত কার্যক্রমগুলোর জন্য পদ্ধতিগত বিষয়ের দিক নির্দেশনা সম্পর্কিত কাজের সমন্বয় সাধন করতে।

৩২. সচিবালয় এর সহযোগিতায় সহ-সভাপতিদের অনুরোধ জানাচ্ছে প্যারা ২৫-এ উল্লিখিত কর্মশালাগুলোর ওপর একটি প্রতিবেদন প্রস্তুত করতে, এই লক্ষ্যে যেন দেশসমূহের সম্মেলনের উনিশতম অধিবেশনে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

৩৩. সিদ্ধান্ত গ্রহণ করছে যে, দেশসমূহের সম্মেলনের উনিশতম অধিবেশনে অন্য কোন সিদ্ধান্ত গ্রহণ না করলে এই কর্ম পরিকল্পনার সমাপ্তি হবে।

৩৪. সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০-এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের জন্য উন্নয়নশীল দেশগুলোকে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করতে সমন্বয় বৃদ্ধির প্রয়োজনকে স্বীকৃতি দিচ্ছে।

৩৫. অনুরোধ জানাচ্ছে SBSTA এবং সাবসিডিয়ারি বডি ফর ইমপ্লিমেন্টেশন (Subsidiary Body for Implementation) কে তাদের আটত্রিশতম অধিবেশনে প্যারা ৩৪-এ উল্লিখিত বিষয়ে ব্যবস্থা নিতে যৌথ ভাবে একটি প্রক্রিয়া শুরু করতে, এবং এর ব্যবস্থাপনার জন্য বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অথবা সম্ভাব্য শাসন ব্যবস্থা সহ একটি কাঠামো দেশসমুহের সম্মেলনের উনিশতম অধিবেশনে সুপারিশ করতে।

৩৬ দেশসমূহ এবং অনুমোদিত পর্যবেক্ষক সংস্থাগুলোকে ২৫ মার্চ ২০১৩ এর মধ্যে সম্ভাব্য কর্মকান্ড এবং কার্যবিধি ও বিধিমালা সহ প্যারা ৩৪ এবং ৩৫ এ উল্লিখিত বিষয়গুলোর ওপর তাদের মতামত সচিবালয়ে জমা দেওয়ার আমন্ত্রণ জানাচ্ছে।

৩৭ সচিবালয়কে অনুরোধ জানাচ্ছে প্যারা ৩৬ এ উল্লিখিত জমাদানকৃত দলিলাদি একটি বিবিধ দলিলে সংকলন করে জমা দেবার জন্য SBSTA এবং সাবসিডিয়ারি বডি ফর ইমপ্লিমেন্টেশন (Subsidiary Body for Implementation) এর আটত্রিশতম অধিবেশনে বিবেচনার জন্য।

৩৮. সচিবালকে আরও অনুরোধ জানাচ্ছে সম্পদের প্রাপ্যতা সাপেক্ষে, SBSTA এবং সাবসিডিয়ারি বডি ফর ইমপ্লিমেন্টেশন (Subsidiary Body for Implementation /SBI) এর আটত্রিশতম অধিবেশনে প্যারা ৩৪ এবং ৩৫-এ উল্লিখিত বিষয় এবং প্যারা ৩৬ -এ উল্লিখিত সংকলিত দলিলাদি বিবেচনায় নিয়ে একটি কর্মশালার আয়োজন এবং কর্মশালার প্রতিবেদন প্রস্তুত করতে যা বিবেচনায় নেওয়ায় হবে SBSTA এবং SBI এর উনচলিশতম অধিবেশনে।



চকোরিয়া উপজেলার মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানের গর্জন বন।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

৩৯. SBSTA-কে তার আটত্রিশতম অধিবেশনে সিদ্ধান্ত ২/কপ. ১৭, প্যারা ৬৭ এ উল্লিখিত বাজার বহির্ভূত কৌশল - যেমন যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি যা টেকসই বন ব্যবস্থাপনার একটি অবিচ্ছেদ্য অংশ, উদ্ভব করা যেতে পারে যা সিদ্ধান্ত ১/কপ. ১৬, অনুচ্ছেদ ৭০ এর মধ্যে উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নে সহায়তা করতে পারে তা বিবেচনার অনুরোধ জানাচ্ছে এবং দেশসমূহের সম্মেলনের উনচল্লিশতম অধিবেশনে এই বিষয়ের ওপর প্রতিবেদন দিতে অনুরোধ জানাচ্ছে;

৪০. SBSTA-কে তার আটত্রিশতম অধিবেশনে সিদ্ধান্ত ১/কপ. ১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের ফলে কার্বন ব্যতীত অন্যান্য সুবিধার সাথে সম্পর্কিত পদ্ধতিগত বিষয়গুলোর ওপর কাজের সূচনা করতে এবং দেশসমূহের সম্মেলনের উনচলিশতম অধিবেশনে এই বিষয়ের ওপর প্রতিবেদন প্রদানের জন্য আরও অনুরোধ জানাচ্ছে।



# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ৯/কপ.১৯ "REDD+ জন্য ওয়ারশো ফ্রেমওয়ার্ক"** (DECISION 9/CP.19 'WARSAW FRAMEWORK ON REDD+')

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ.১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের লক্ষ্যে ফলাফল ভিত্তিক অর্থায়নের উপর কর্মপরিকল্পনা।**

(Title: Work programme on results-based finance to progress the full implementation of the activities referred to in decision 1/CP.16, paragraph 70.)


এই সিদ্ধান্ত মুলতঃ দোহা সিদ্ধান্তসমুহের ওপর গড়ে উঠেছে এবং অর্থায়ন বৃদ্ধির প্রয়োজনের উপর গুরুত্ব আরোপ করেছে। এই সিদ্ধান্ত স্পষ্ট করেছে যে REDD+ কার্যক্রম বাস্তবায়নকারি দেশগুলোর কানকুন চুক্তিতে উল্লিখিত চারটি উপাদানের সবকটিই থাকতে হবে:

(ক) একটি জাতীয় কর্মকৌশল বা কর্ম পরিকল্পনা;
(খ) একটি জাতীয় নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ এবং অপসারণ মাত্রা অথবা প্রয়োজনের খাতিরে একটি অন্তবর্তীকালীন পরিমাপ হিসেবে আঞ্চলিক নিঃসরণ মাত্রা অথবা আঞ্চলিক নিঃসরণ ও অপসারণ মাত্রা;
(গ) একটি বলিষ্ঠ এবং স্বচ্ছ বন পরিবীক্ষণ পদ্ধতি অথবা প্রয়োজনের খাতিরে একটি অন্তবর্তীকালীন পরিমাপ হিসেবে আঞ্চলিক বন পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রদান পদ্ধতি এবং
(ঘ) কিভাবে সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে তার একটি পদ্ধতি প্রণয়ন করতে হবে।

অর্থায়নকারী বিভিন্ন প্রতিষ্ঠানকে ফলাফল ভিত্তিক অর্থায়ন প্রদানের সময় UNFCCC - এর আওতায় গৃহীত সিদ্ধান্তগুলো অনুসরণের জন্য উৎসাহিত করা হচ্ছে। Green Climate Fund কে ও একই কাজ করার জন্য উৎসাহিত করা হচ্ছে। জোর আহ্বান করা হয়েছে উন্নয়নশীল দেশগুলোকে ফলাফল ভিত্তিক অর্থায়ন প্রদানের জন্য। একই সময়ে অর্থায়নকারী বিভিন্ন স্বত্বাসমূহকে বিকল্প নীতি কৌশলগুলোকেও সহায়তা করতে উৎসাহিত করা হচ্ছে।

আরও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ফলাফল ভিত্তিক কার্যক্রমে, সংশ্লিষ্ট অর্থ পরিশোধ, একই সঙ্গে জাতীয় কর্ম কৌশল অথবা কর্ম প্ররিকল্পনা, নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা, বনভূমি পর্যবেক্ষণ পদ্ধতি এবং সুরক্ষা পদ্ধতি ইত্যাদি বিষয়ের উপর স্বচ্ছতা আনয়নে UNFCCC - এর ওয়েব প্লাটফর্মের ওপর একটি তথ্য কেন্দ্র প্রতিষ্ঠার।

পরিশেষে সিদ্ধান্তে অর্থায়নের ওপর স্ট্যান্ডিং কমিটিকে REDD+ কার্যক্রম বাস্তবায়ন সহ বন খাতে অর্থায়নের দিকে দৃষ্টি প্রদানের অনুরোধ জানিয়েছে।




লাউয়াছড়া জাতীয় উদ্যানে সীমানা পিলার স্থাপন।
ছবি: মো: তবিবুর রহমান, সহকারি বন সংরক্ষক, বাংলাদেশ বন বিভাগ

# বিশদ অনুবাদ | Decision

## সিদ্ধান্ত ৯/কপ. ১৯ (DECISION 9/CP.19)

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ. ১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমের বাস্তবায়নের লক্ষে ফলাফল ভিত্তিক অর্থায়নের ওপর কর্মপরিকল্পনা।**

(Work programme on result-based finance to progress the full implementation of the activities reffered to in decision 1/cp.16, Paragraph 70 )

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ২/কপ.১৩, ৪/কপ.১৫, ১/কপ.১৬, ২/কপ.১৭, ১২/কপ.১৭, ১/কপ.১৮ এবং ১০/কপ.১৯ থেকে ১৫/কপ.১৯ সমূহকে পুনরায় স্মরণ করছে,

এই সভা পুনরায় ব্যক্ত করছে যে, উন্নয়নশীল দেশগুলোতে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তার প্রেক্ষিতে, সকল দেশসমূহ জাতীয় পরিস্থিতির প্রেক্ষাপটে, সম্মিলিতভাবে বনের আচ্ছাদন এবং কার্বনের নিঃসরণ কমানো, সম্পূর্ণরূপে বন্ধ এবং পুর্বের অবস্থানে ফিরিয়ে আনার লক্ষ্যে কাজ করবে যা সম্মেলনের অনুচ্ছেদ ২ এর চূড়ান্ত উদ্দেশ্য।

এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এ উল্লিখিত সকল উপাদানসমূহের তৈরিতে প্রর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক ও প্রযুক্তিগত সহায়তার গুরুত্ব এবং প্রয়োজনীয়তার কথা স্বীকার করছে।

এছাড়াও, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের জন্য এবং সিদ্ধান্ত ২/কপ.১৭,অনুচ্ছেদ ৬৬ এবং ৬৭ কে বিবেচনায় নিয়ে আর্থিক সহায়তাকে বাড়ানো ও কার্যকর করার প্রয়োজনীয়তাকে স্বীকার করছে।

আরও স্বীকার করছে যে, উন্নয়নশীল দেশগুলোতে আর্থিক সম্পদ যোগানোর (channeling) বিষয়ে এবং জলবায়ু অর্থায়নে গ্রীন ক্লাইমেট ফান্ড (Green Climate Fund) মূল ভূমিকা পালন করবে,

১. এই সভা পুনরায় ঘোষণা করছে যে, উন্নয়নশীল দেশগুলোতে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের পূর্ণ বাস্তবায়নের জন্য প্রদত্ত ফলাফলভিত্তিক অর্থায়নকে অবশ্যই নতুন, অতিরিক্ত ও পূর্বানুমেয় হতে হবে, যা সরকারি ও বেসরকারি, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক এ ধরনের বহুমাত্রিক উৎসসমূহ সহ সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৬৫ তে উল্লিখিত বিকল্প উৎস থেকে আসতে পারে।

২. এই সভা আবারো ঘোষণা করছে যে, ফলাফলভিত্তিক কার্যক্রমের দিকে উন্নয়নশীল দেশগুলোর ক্রমান্বয়ে অগ্রগতি ঘটবে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এবং ৭৩ এ উল্লিখিত সকল ধাপ ও কার্যক্রম সমূহের সকল পর্যায়ে পর্যাপ্ত ও পূর্বানুমেয় সহায়তার পরিপ্রেক্ষিতে।

৩. এই সভা আরোও স্মরণ করছে যে সকল দেশসমূহ ফলাফল ভিত্তিক অর্থায়ন পাবার লক্ষ্যে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭৩ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করছে, এ ক্ষেত্রে সব কার্যক্রমকে সিদ্ধান্ত ১৩/কপ.১৯, ১৪/কপ.১৯ অনুযায়ী পরিমাপ করা, প্রতিবেদন প্রণয়ন ও যাচাইযোগ্য (measured, reported and verified) হতে হবে এবং সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এ উল্লিখিত সকল উপাদানসমূহ থাকতে হবে সিদ্ধান্ত ১২/কপ.১৭ এবং সিদ্ধান্ত ১১/কপ.১৯ অনুযায়ী।

৪. এই সভা মেনে নিচ্ছে যে, সিদ্ধান্ত ২/কপ.১৭ এর ৬৪ প্যারা অনুযায়ী ফলাফলভিত্তিক কার্যক্রম সমূহের জন্য কোন অর্থ প্রাপ্তির পূর্বেই, সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট-১ এর প্যারা ২ এ উল্লিখিত সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যাবস্থা ও মান্য করা হচ্ছে সে সম্পর্কিত সর্বশেষ তথ্যাবলীর সংক্ষিপ্তসার (most recent summary of information) প্রদান করতে হবে।

৫. উৎসাহ দিচ্ছে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমগুলোতে এবং সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৬৫ এ উল্লিখিত উৎস হতে Green Climate Fund কে মূল ভূমিকা পালন সহ অর্থায়নকারী স্বত্বাসমূহকে একত্রে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক সম্পদের সুষ্ঠু ও সুষম ভাবে যোগানো দেবার জন্য, ভিন্ন ভিন্ন নীতি কৌশলসমূহ বিবেচনায় নিয়ে ফলাফল ভিত্তিক অর্থায়নে উপযুক্ত দেশসমূহের সংখ্যা বাড়ানোর লক্ষ্যে কাজ করার জন্য।

৬. এই সভা আরও উৎসাহ দিচ্ছে উপরের প্যারা ৫ এ উল্লিখিত স্বত্বাসমূহকে ফলাফলভিত্তিক অর্থায়ন যোগানো দেবার কালে সিদ্ধান্ত ৪/কপ.১৫, ১/কপ.১৬, ২/কপ.১৭, ১২/কপ.১৭ এবং ১১/কপ.১৯ থেকে ১৫/কপ.১৯ এ বর্ণিত পদ্ধতিগত নির্দেশনা প্রয়োগ করতে এবং একই সঙ্গে ফলাফল ভিত্তিক অর্থায়নের কার্যকারিতা এবং সমন্বয়কে আরও বৃদ্ধি করতে।

৭. এই সভা Green Climate Fund কে অনুরোধ জানাচ্ছে ফলাফলভিত্তিক অর্থায়ন সরবরাহকালে সিদ্ধান্ত ৪/কপ.১৫, ১/কপ.১৬, ২/কপ.১৭, ১২/কপ.১৭ এবং ১১/কপ.১৯ থেকে ১৫/কপ.১৯ এ বর্ণিত পদ্ধতিগত নির্দেশনা প্রয়োগ করতে এবং একই সঙ্গে ফলাফল ভিত্তিক অর্থায়নের কার্যকারিতা এবং সমন্বয়কে আরও বৃদ্ধি করতে।

৮. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমগুলোতে অর্থায়নকারী স্বত্বাসমূহকে সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৬৫ এ উল্লিখিত বিভিন্ন ধরনের উৎস হতে বনভূমির সমন্বিত ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের কৌশলের মত বিকল্প নীতি বা কৌশলগুলোতে অর্থায়নের আহ্বান জানাচ্ছে।

৯. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ এবং ফলাফলভিত্তিক অর্থ প্রদান সংক্রান্ত তথ্যাবলী প্রকাশের একটি

মাধ্যম হিসেবে UNFCCC'র ওয়েবসাইটে' একটি তথ্য কেন্দ্র প্রতিষ্ঠার (information hub) সিদ্ধান্ত নিয়েছে।

১০. উল্লেখ্য যে, তথ্য কেন্দ্রটির লক্ষ্য হচ্ছে ফলাফলভিত্তিক কার্যক্রম এবং এ সংক্রান্ত লেনদেন তথ্যাবলীর পাশাপাশি সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এর উল্লিখিত উপাদানগুলো সম্পর্কিত তথ্যাবলীর স্বচ্ছতা বৃদ্ধি করা যা উন্নয়নশীল দেশগুলোর জন্য কোন অতিরিক্ত চাহিদা হবে না।

১১. এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে, UNFCCC'র ওয়েবসাইটের নুতন তথ্য কেন্দ্রটি (information hub) সমঝোতার আওতায় যথাযথ পন্থার মাধ্যমে যেভাবে জ্ঞাপিত হয়েছে সেই অনুযায়ী তথ্যাবলী ধারণ করবে:

(ক) তথ্য প্রদানের প্রতিটি সময় এর ফলাফল বছরে টন $CO_2$ সমতুল্য পরিমাপে (tonnes $CO_{2eq}$ per year) হিসাবে প্রকাশ করা হবে এবং একই সাথে সিদ্ধান্ত ১৪/কপ.১৯, প্যারা ১৪ এ উল্লিখিত কারিগরি প্রতিবেদনের (technical report) ওয়েব লিংক (link) থাকবে;

(খ) দাখিলকৃত বনের কার্বন নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ ও অপসারণ মাত্রা বছরে টন $CO_2$ সমতুল্য পরিমাপে (tonnes $CO_{2eq}$ per year) হিসাবে প্রকাশ করা হবে এবং একই সাথে সিদ্ধান্ত ১৩/কপ.১৯, প্যারা ১৮তে উল্লিখিত কারিগরি সমীক্ষা দলের (the technical assessment team) চূড়ান্ত প্রতিবেদনের (final report) ওয়েব লিংক (link) থাকবে।

(গ) সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট-১ এ উল্লিখিত সুরক্ষা বিষয়াদিকে সিদ্ধান্ত ১২/কপ.১৯ এবং ১২/কপ.১৭, অধ্যায় ১ এ যেভাবে উল্লিখিত তার উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে কিনা সে সম্পর্কিত তথ্যাবলীর সংক্ষিপ্তসার (summary of information) প্রদান করবে।

(ঘ) সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ (ক) এ উল্লিখিত জাতীয় কৌশল অথবা কর্ম পরিকল্পনার ওয়েব লিংক (link) থাকবে;

(ঙ) সিদ্ধান্ত ১৪/কপ.১৯ এ উল্লিখিত 'টেকনিক্যাল এনেক্স' (technical annex) অনুযায়ী জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি (national forest monitoring system) সংক্রান্ত তথ্য থাকবে।

১২. এই সভা আরও সিদ্ধান্ত নিচ্ছে যে, উপরের প্যারা ১১ এ উল্লিখিত সকল ফলাফলের তথ্যাবলীসহ যে পরিমাণ ফলাফল (টন সমতুল্য $CO_2$/বছরে) এর জন্য অর্থ প্রদান করা হয়েছে, এবং কোন ফলাফলের জন্য কে অর্থ প্রদান করছে তার তথ্য তথ্য-কেন্দ্রটিতে (information hub) থাকবে।

১৩. এই সভা এই মর্মে সম্মত হয়েছে যে, সিদ্ধান্ত ১০/কপ.১৯, প্যারা ২ কে পূর্ণ বিবেচনার নিয়ে সংশ্লিষ্ট উন্নয়নশীল দেশগুলোর সঙ্গে আলোচনার ভিত্তিতে ফলাফল ভিত্তিক অর্থ প্রদানের সংক্রান্ত তথ্যসমূহ তথ্যকেন্দ্রটিতে সন্নিবেশিত করা হবে।

১৪. উপরের প্যারা ১১ (ক-ঙ) এবং প্যারা ১২ এ উল্লিখিত তথ্যবলী সমঝোতার আওতায় যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে সহজলভ্য হওয়ার



সুন্দরবনের চিত্রা হরিণ।
ছবি: বাংলাদেশ বন বিভাগ


পর এ সকল তথ্যাবলীকে সন্নিবেশিত করতে এই সভা সচিবালয়কে অনুরোধ জানাচ্ছে।

১৫. এছাড়াও বাড়তি তহবিলের প্রাপ্যতা সাপেক্ষে, সাবসিডিয়ারি বডি ফর ইমপ্লিমেন্টেশন (Subsidiary Body for Implementation) এর একচল্লিশতম অধিবেশন (ডিসেম্বর ২০১৪) এর পূর্বেই, উপরের প্যারা ১১-১৩ এর উল্লিখিত বিষয়গুলো নিয়ে এবং একই সঙ্গে প্যারা ১২ এ উল্লিখিত তথ্যবলী সন্নিবেশ করতে একটি বিন্যাস/ছক (format) তৈরিতে একটি বিশেষজ্ঞ সভার আয়োজন করতে এবং SBI এর একচল্লিশতম অধিবেশনে তা বিবেচনার জন্য উক্ত বিশেষজ্ঞ সভা সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করতে সচিবালয়কে আরও অনুরোধ জানাচ্ছে।

১৬. এই সভা উল্লেখ করছে যে, তথ্য কেন্দ্রটিতে প্রকাশিত ফলাফলের জন্য কোন দেশ অথবা অন্য কারো (other entity) কোন অধিকার জন্মায় না অথবা বাধ্যবাধকতা আরোপ হয় না।

১৭. এই সভা আরও উল্লেখ করছে যে, তথ্যকেন্দ্রটিতে অন্তর্ভুক্ত ফলাফলের প্রতিফলন ভবিষ্যতে প্রস্তুতকৃত অনুরুপ কোন পদ্ধতি সঙ্গে সংযুক্ত করা যেতে পারে যা সমঝোতার আওতায় তৈরি।

১৮. এই সভা আরও উল্লেখ করছে যে, এই সিদ্ধান্ত এবং এর বাস্তবায়ন ভবিষ্যতের কোন সিদ্ধান্ত যথা সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের যোগ্যতা অথবা অ-যোগ্যতা বিষয়ে, সিদ্ধান্ত ২/কপ.১৭, প্যারা ৮৩ এ পদ্ধতির বিষয়ে অথবা সিদ্ধান্ত ১/কপ.১৮, প্যারা ৪৪ এ উল্লিখিত কর্ম পরিকল্পনার (work programme) ফলাফল বিষয়ক কোন কিছুই (prejudges any future decision) পরিবর্তিত হবে না।



১৯. এই সভা সচিবালয়কে UNFCCC'র ওয়েবসাইটের ওয়েব প্লাটফর্মকে আরও উন্নত করতে প্যারা ১১ এবং ১২ এ উল্লিখিত তথ্যাবলীকে অন্তর্ভূক্ত করতে এবং এই তথ্যাবলীকে সহজবোধ্য, স্বচ্ছ এবং সহজগম্য ভাবে সন্নিবেশের অনুরোধ জানাচ্ছে।

২০. এই সভা অর্থায়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটিকে এই বিষয়গুলোর আশু প্রয়োজনীয়তার কথা বিবেচনায় নিতে এবং অন্যান্য বিষয়গুলোর সঙ্গে (inter alia) এটির সঙ্গতি সাধন ও সমন্বয় সংক্রান্ত কাজের আওতাধীন হিসেবে বনভূমির জন্য অর্থায়নের বিষয়াবলী (ভিন্ন ভিন্ন নীতি কৌশলগুলোকে বিবেচনায় নিয়ে), এ সংক্রান্ত একটি সম্ভাব্য ফোরাম গঠনে দ্রুত মনযোগ দেওয়াসহ সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ১০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের অনুরোধ জানাচ্ছে, যার মধ্যে অন্যান্য বিষয়গুলোর সঙ্গে (inter alia)ঃ

(ক) সিদ্ধান্ত ১/কপ.১৮, প্যারা ২৯ এ উল্লিখিত ফলাফলভিত্তিক কার্যক্রমসমূহের জন্য অর্থ হস্তান্তরের (transfer payments) উপায় সমূহ (Ways and means) বের করা।

(খ) বিকল্প কৌশলসমূহের জন্য আর্থিক সম্পদের বিধান বা সুযোগ রাখা।

২১. এই সভা অর্থায়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটিকে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কর্মকাণ্ডসমূহ বাস্তবায়নে বিশেষজ্ঞদের উপরের প্যারা ২০ এ উল্লিখিত ফোরামটিতে আমন্ত্রণ জানাতে অনুরোধ জানাচ্ছে।

২২. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রম সমূহের দীর্ঘমেয়াদি টেকসই বাস্তবায়নের জন্য কার্বন বহির্ভূত সুবিধা সমূহকে প্রণোদনা দানের গুরুত্বকে স্বীকার করে নিচ্ছে, এবং সিদ্ধান্ত ১/কপ.১৮, প্যারা ৪০ এ উল্লিখিত পদ্ধতিগত বিষয়গুলো (methodological issues) বিষয়গুলোর কথা উল্লেখ করছে।

২৩. এই সভা উপরের প্যারা ১৪, ১৫ এবং ১৯ অনুযায়ী সচিবালয় কর্তৃক গৃহীত কর্মকাণ্ডসমূহের বাজেটের উপর প্রভাব সংক্রান্ত বিষয়টি আমলে রাখছে।

২৪. এই সভা আর্থিক সম্পদের যোগান থাকা সাপেক্ষে সচিবালয়কে এই সিদ্ধান্তানুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব গ্রহণের অনুরোধ জানাচ্ছে।

**১০ম পূর্ণাঙ্গ অধিবেশন । ২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

১ <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১০/কপ.১৯ "ওয়ারশো ফ্রেমওয়ার্ক ফর REDD+" থেকে** (DECISION 10/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")

**শিরোনাম: উন্নয়নশীল দেশগুলোতে বনখাতে প্রশমন কর্মকাণ্ডসমূহের বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সহ সহায়তার সমন্বয় সাধন।**

(Title: Coordination of support for the implementation of activities in relation to mitigation actions in the forest sector by developing countries, including institutional arrangements.)

উন্নয়নশীল দেশগুলোতে বনখাতে প্রশমন কর্মকাণ্ডসমূহের বাস্তবায়নে সহায়তার সমন্বয়কে আরো উন্নততর করার লক্ষ্যে রাষ্ট্রসমূহকে UNFCCC-তে বিদ্যমান ফোকাল পয়েন্টের পাশাপাশি REDD+ এর জন্য আরো একজন ফোকাল পয়েন্ট নিয়োগের জন্য আহবান জানিয়েছে।

ফলাফল ভিত্তিক অর্থ প্রাপ্তির জন্য REDD+ দেশসমূহকে 'প্রতিনিধিত্বকারী স্বত্তা/প্রতিষ্ঠান' মনোনয়নের জন্য আহবান করা হয়ছে যা গ্রীন ক্লাইমেট ফান্ড বা এর অনুরূপ অর্থায়নকারি সত্ত্বা/প্রতিষ্ঠানগুলোর প্রায়োগিক কার্যবিধির (operational modalities) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়।

সহায়তার সমন্বয়ের জন্য কতগুলো চাহিদা এবং দায়-দায়িত্বকে (needs and functions) চিহ্নিত করা হয়েছে এবং দেশ সমূহকে বাৎসরিক ভিত্তিতে সমবেত হওয়ার জন্য উৎসাহিত করা হচ্ছে, যা SBSTA -৪১ থেকে শুরু হবে (২০১৪ তে পেরুর রাজধানী লিমায় অনুষ্ঠিতব্য কপ ২০ এর সঙ্গে একযোগে অনুষ্ঠিত হয়)।



ভাটার সময় সুন্দরবনের একটি খাল।
ছবি: বাংলাদেশ বন বিভাগ

# বিশদ অনুবাদ | Decision

## সিদ্ধান্ত ১০/কপ.১৯ (DECISION 10/CP.19)

**শিরোনামঃ উন্নয়নশীল দেশসমূহের বনখাতে প্রশমন কর্মকান্ডের বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সহ সহায়তার সমন্বয় সাধন।**

(Cordination of support for the implementation of activities in relation to mitigation actions in the forest sector by developing countries, including institutional arrangemnets )

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ১/কপ.১৬, ২/কপ.১৭ এবং ১/কপ.১৮ স্মরণ করছে,

সিদ্ধান্ত ১/কপ.১৮ এর প্যারা ৩৪ এবং ৩৫ এ উল্লিখিত প্রক্রিয়ার ফলাফলসমূহ উল্লেখ করে,

সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১ এবং ৭৩ এ উল্লিখিত কর্মকাণ্ড ও উপাদানসমূহের বাস্তবায়নে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তার প্রয়োজনীয়তাকে স্বীকৃতি প্রদান, এবং

সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলীর বাস্তবায়নে সহায়তার কার্যকরী ও স্বচ্ছ সমন্বয়ের প্রয়োজনীয়তাকে স্বীকৃতি প্রদান করে,

১. জাতীয় প্রেক্ষিত এবং সার্বভৌমত্বের নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ একটি জাতীয় প্রতিনিধিত্বকারী সংস্থা অথবা একজন ফোকাল পয়েন্ট নির্ধারণের জন্য দেশসমূহকে আহবান জানাচ্ছে, যা সচিবালয় এবং এই সমঝোতার অধীন সংশ্লিষ্ট সংস্থাসমূহের সঙ্গে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১, ৭৩ এ উল্লিখিত কার্যাবলী ও উপাদানের এবং বিভিন্ন নীতিকৌশল যেমন-যৌথ প্রশমন ও অভিযোজন প্রভৃতি বাস্তবায়নে সহায়তার জন্য সমন্বয় রাখতে কাজ করবে এবং এ সকল বিষয়ে সচিবালয়কে অবহিত করবে।

২. এই সভা উল্লেখ (Notes) করছে যে, জাতীয় প্রেক্ষিত এবং সার্বভৌমত্বের নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে উন্নয়নশীল দেশগুলোর জাতীয় স্বত্তা বা ফোকাল পয়েন্টরা সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলী সম্পূর্ণ বাস্তবায়নের জন্য কোন অর্থায়নকারি সংস্থার প্রায়োগিক কার্যবিধির সঙ্গে সামঞ্জস্য রেখে ফলাফলভিত্তিক অর্থসংগ্রহ বা গ্রহণ করতে পারবে।

৩. জাতিসমূহের সম্মেলন স্বীকার করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১ এবং ৭৩ এ উল্লিখিত কার্যাবলী ও উপাদানসমূহ বাস্তবায়নের জন্য সহায়তার সমন্বয় বিষয়ক (coordination of support) সমস্যাসমূহের সমাধানের জন্য চাহিদা এবং কার্যাবলী (needs and function) চিহ্নিত করা হয়েছে-

(ক) জাতীয় অভিজ্ঞতাসমূহ এবং যথোপযুক্ত প্রথাগত জ্ঞান ও চর্চাসমূহকে বিবেচনায় নিয়ে আন্তর্জাতিক পর্যায়ে প্রাসঙ্গিক তথ্য, জ্ঞান এবং প্রশংসনীয় কাজসমূহের (good practices) বিনিময় জোরালো করা, সুসংহত করা এবং বৃদ্ধি করা;

(খ) এই সমঝোতার এবং অন্যান্য বহুপাক্ষিক ও দ্বিপাক্ষিক ব্যবস্থা সমূহের মাধ্যমে প্রদানকৃত প্রাসঙ্গিক তথ্যসমূহ বিবেচনায় নিয়ে সহায়তার সমন্বয়ের সম্ভাব্য চাহিদা এবং সীমাবদ্ধতাসমূহ বিবেচনা করা;

(গ) এই সমঝোতার অধীন এবং অন্যান্য বহুপাক্ষিক ও দ্বিপাক্ষিক অর্থায়ন ও তহবিল প্রদানকারি সংশ্লিষ্ট সংস্থাসমূহের সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০,৭১ এবং ৭৩ এ উল্লিখিত কার্যাবলী ও উপাদানসমূহের কার্যকলাপ এবং এই সকল কর্মকাণ্ডর জন্য প্রদত্ত ও প্রাপ্ত সহায়তা বিষয়ক তথ্যবলী বিনিময়কে বিবেচনা করা ও সুযোগ প্রদান করা;

(ঘ) সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১ এবং ৭৩ এ উল্লিখিত কার্যাবলী এবং উপাদানসমূহের বাস্তবায়নকালে উন্নয়নশীল দেশগুলোকে উপরে উল্লিখিত প্যারা ৩ (ক-গ)-কে বিবেচনায় নিয়ে ফলাফলভিত্তিক অর্থায়ন, প্রযুক্তি এবং সক্ষমতা বৃদ্ধিসহ অর্থায়নের কার্যকারিতা বাড়ানোর জন্য তথ্য এবং প্রযোজ্য ক্ষেত্রে সুপারিশ প্রদান করা;

(ঙ) সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১ এবং ৭৩ এ উল্লিখিত কার্যাবলী এবং উপাদানসমূহের বাস্তবায়নে অর্থায়নকারি দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক এবং বেসরকারি খাতসহ সকল স্বত্বা-সমূহকে এই কার্যক্রমসমূহে প্রদত্ত অর্থায়নের কার্যকারিতা বাড়ানো ও ফলাফল-ভিত্তিক কার্যক্রমসহ এই কার্যক্রমসমূহে কিভাবে আরো কার্যকরী ভাবে সহায়তা করা যায় এই বিষয়ে তথ্য এবং প্রযোজ্য ক্ষেত্রে সুপারিশ প্রদান করা;

(চ) সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০, ৭১ এবং ৭৩ এ উল্লিখিত কার্যাবলী এবং উপাদানসমূহে সহায়তা প্রদানকারি অন্যান্য স্বত্বাসমূহকে, সমঝোতার আওতাধীন আর্থিক সহায়তা পরিচালনাকারি স্বত্বা সমূহের আর্থিক পদ্ধতির সঙ্গে সামঞ্জস্য রেখে কার্যকারিতা ও সমন্বয় বৃদ্ধি করতে এবং সহায়তা দানে উৎসাহিত করা;

(ছ) অন্যান্য কৌশলসমূহের উন্নয়ন বিষয়ক তথ্য বিনিময় - যেমন যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি যা টেকসই বনভূমি ব্যবস্থাপনার অবিচ্ছেদ্য অংশ।

৪. সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমগুলো বাস্তবায়নে অর্থায়নকারী স্বত্বা, দেশসমূহ, জাতীয় সংস্থা অথবা ফোকাল পয়েন্টকে উপরের অনুচ্ছেদ ৩ এ চিহ্নিত চাহিদা এবং কার্যাবলী বিষয়ে আলোচনার জন্য Subsidiary Body র ১ম বার্ষিক অধিবেশনে স্বেচ্ছায় মিলিত হতে উৎসাহিত করছে।

৫. এছাড়াও উপরের প্যারা ৪ এ উল্লিখিত এই সকল জাতীয় সংস্থা অথবা ফোকাল পয়েন্ট, দেশসমূহ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে ২০১৪ সালে Subsidiary Body'র ২য় বার্ষিক অধিবেশনে তাদের প্রথম সভা অনুষ্ঠানের জন্য এবং এরপর হতে প্রতি বছর Subsidiary Body'র ১ম বার্ষিক অধিবেশনের সঙ্গে আয়োজনের জন্য উৎসাহিত করছে।

৬. এই সভা সচিবালয়কে উপরের প্যারা ৪ এবং ৫ এ উল্লিখিত সভা আয়োজনের সুব্যবস্থা করতে অনুরোধ করছে এবং যদি সম্ভব হয় Subsidiary Body'র ৪১ তম সভা (ডিসেম্বর ২০১৪) থেকেই এই সভা আরম্ভ করার অনুরোধ জানাচ্ছে।

৭. উপরের প্যারা ৪ এ উল্লিখিত কার্যাবলীতে অর্থায়নকারি স্বত্বা, জাতীয় সংস্থা অথবা ফোকাল পয়েন্ট, দেশসমূহ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহকে এর প্রথম সভাতেই পদ্ধতিগত বিষয়সমুহের আলোচনাকে এগিয়ে নিয়ে যেতে উৎসাহিত করছে।

৮. এই সভা সিদ্ধান্ত নিচ্ছে যে, উপরের প্যারা ৪ ও ৫ এ উল্লিখিত সভায় অংশগ্রহণকারীরা তাদের কার্য সম্পাদনের জন্য এই সমঝোতার অধীন গঠিত সংস্থাসমূহ, আন্তর্জাতিক এবং আঞ্চলিক সংস্থা, বেসরকারি খাত, নৃতাত্ত্বিক জনগোষ্ঠী এবং নাগরিক সমাজের কাছ থেকে পরামর্শ চাইতে পারে এবং এই সংস্থাসমূহের প্রতিনিধিদের এই সভায় অংশগ্রহণের জন্য পর্যবেক্ষক হিসেবে আমন্ত্রণ জানাতে পারে।



মেধাকচ্ছপিয়া জাতীয় উদ্যানে ইকো-ট্যুরিজম ব্যবস্থা।
ছবি: মো: মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

৯. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলী বাস্তবায়নে সহায়তার সমন্বয় বিষয়ে বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অথবা পরিচালনার সম্ভাব্য বিকল্পসমূহ বিবেচনায় নিয়ে SBI কে অনতিবিলম্বে, তার ৪৭ তম সভায় (নভেম্বর-ডিসেম্বর ২০১৭) উপরোক্ত প্যারা ৪ ও ৫ এ উল্লিখিত সভার ফলাফল পর্যালোচনা করতে এবং দেশসমূহের সম্মেলন এর ২৩ তম অধিবেশনে (নভেম্বর-ডিসেম্বর ২০১৭) এ বিষয়ে সুপারিশ প্রদান করতে অনুরোধ জানাচ্ছে।

১০. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলীর বাস্তবায়নের জন্য সহায়তার সমন্বয় বিষয়ক সিদ্ধান্ত ১/কপ.১৮ এর প্যারা ৩৪ ও ৩৫ অনুযায়ী SBSTA Ges SBI দু'টির যৌথ কাজের সমাপ্তি ঘটাতে এই অধিবেশনে ঐক্যমত পোষণ করছে।

১১. উপরের অনুচ্ছেদ ৬ এর আওতায় সচিবালয়কে যেসব কার্যাবলী সম্পাদনের দায়িত্ব দেওয়া হয়েছে সে সকল কার্যাবলীর বাজেটের উপর প্রভাবের বিষয়টিকে এই সভা আমলে রাখছে।

১২. এই সভা এই সিদ্ধান্তের মাধ্যমে সচিবালয়ের ওপর যেসব কার্যাবলী সম্পাদনের দায়িত্ব দিয়েছে তা প্রয়োজনীয় আর্থিক সংস্থান সাপেক্ষে সম্পাদনের জন্য অনুরোধ করছে।

**১০ম পূর্ণাঙ্গ অধিবেশন । ২২ নভেম্বর ২০১৩**



# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১১/কপ.১৯, "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে (DECISION 11/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")**

**শিরোনাম: জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি সংক্রান্ত কার্যবিধিসমূহ।**

(Modalities for national forest monitoring systems)

১১/কপ.১৯ সিদ্ধান্তটিতে কোপেনহেগেনে গৃহীত সিদ্ধান্তের (৪/কপ.১৫) অংশবিশেষের পুনরাবৃত্তি করা হয় যথা - IPCC'র নির্দেশনা অনুযায়ী একটি অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে আঞ্চলিক (subnational) পর্যায়ের পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রদানের ব্যবহার; এবং মানবসৃষ্ট গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের উৎস এবং কার্বন অপসারণের জমাগার পরিমাপ, প্রতিবেদন ও যাচাইকরণ, বনের কার্বন মজুদ এবং বনের পরিমাণ পরিবর্তনের হিসাব, যথাসম্ভব নির্ভুল এবং স্বচ্ছ, পুর্বাপর হিসাবের সাথে সঙ্গতিপূর্ণ এবং নিরীক্ষাযোগ্য ফলাফল, তথ্য-উপাত্ত সরবরাহ করার ক্ষেত্রে জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতির প্রয়োজনীয়তাকে পুনরায় ব্যক্ত করেছে।

উপরন্তু এই জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতিটিকে বিদ্যমান পদ্ধতিগুলোর ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত, সহজ ও পরিবর্ধনযোগ্য, এবং প্রতিটি দেশ কর্তৃক সংজ্ঞায়িত প্রাকৃতিক বন সহ বিভিন্ন ধরনের বনকে মূল্যায়নে (assessment) সক্ষম হতে হবে। এছাড়াও জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতিটি সুরক্ষার বিষয়াদির সম্পর্কে তথ্য প্রদানের জন্য সহায়ক হতে পারে বলে স্বীকৃতি দেওয়া হচ্ছে।



চট্টগ্রামের চুনতি বন্যপ্রাণী অভয়ারণ্য পর্যবেক্ষণ।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ১১/কপ.১৯** (DECISION 11/CP.19)

**শিরোনাম: জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি সংক্রান্ত কার্যবিধিসমূহ।**

(Modalities for national forest monitoring systems )

## জাতিসমূহের সম্মেলন,

পূর্ববর্তী সিদ্ধান্ত ২/কপ.১৩, ৪/কপ.১৫, ১/কপ.১৬, ২/কপ.১৭ এবং ১২/কপ.১৭ কে স্মরণে রেখে,

১. সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এর সঙ্গে ধারাবাহিকতা রক্ষা করে, এই মর্মে সম্মতি দিচ্ছে যে, এই সিদ্ধান্তে যে সকল কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে, তা বাস্তবায়নে উন্নয়নশীল দেশেকে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদানের প্রেক্ষিতে সম্ভব।

২. এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের[১] পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রদানের জন্য জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি গড়ে তোলার সময় অথবা প্রয়োজনের খাতিরে একটি অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে আঞ্চলিক (subnational) পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রদানের পদ্ধতিকে গ্রহণ করার সময় পূর্ববর্তী সিদ্ধান্ত ৪/কপ.১৫ এ প্রদত্ত নির্দেশনাকে বিবেচনায় নেওয়া প্রয়োজন এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃরাষ্ট্রীয় প্যানেলের (IPCC) সবচেয়ে সাম্প্রতিক নির্দেশনা ও নির্দেশিকার (guidance and guidelines) দ্বারা, দেশসমূহের সম্মেলন কর্তৃক গৃহীত বা উৎসাহিত করা হয়েছে এ ধরনের সিদ্ধান্তসমূহকে বিবেচনায় রেখে পরিচালিত হওয়া উচিত, যা মানবসৃষ্ট গ্রীন হাউজ গ্যাস নিঃসরণের উৎস এবং কার্বন অপসারণের জমাগারের পরিমাপ, বনের কার্বন মজুদ এবং বনের পরিমাণ পরিবর্তনের হিসাব তৈরির মূল ভিত্তি হবে।

৩. এই সভা আরও সিদ্ধান্ত গ্রহণ করছে যে, শক্তিশালী জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতিটিকে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের সময় মানবসৃষ্ট গ্রীনহাউজ গ্যাস নিঃসরণের উৎস এবং কার্বন অপসারণের জমাগারের পরিমাপ, প্রতিবেদন ও যাচাইকরণ, বনের কার্বন মজুদ এবং বনের পরিমাণ পরিবর্তনের হিসাব, যথাসম্ভব নির্ভুল এবং স্বচ্ছ, পুর্বাপর হিসাবের সাথে সঙ্গতিপূর্ণ এবং নিরীক্ষাযোগ্য ফলাফল, তথ্য-উপাত্ত সরবরাহ করতে হবে। এ সব তথ্য-উপাত্ত জাতিসমূহের সম্মেলনে গৃহীত উন্নয়নশীল দেশ সমূহের দ্বারা জাতীয় প্রশমন কার্যক্রমের (Nationally Appropriate Mitigation Action) পরিমাপ করা, প্রতিবেদন প্রদান এবং যাচাইকরণের নির্দেশনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ প্যারা ৭১(খ) ও (গ) কে এবং সিদ্ধান্ত ৪/কপ.১৫ এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিগত নির্দেশনাকে (methodological guidance) বিবেচনায় রাখবে।

৪. এই সভা আরও সিদ্ধান্ত গ্রহণ করছে যে, জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতির অথবা প্রযোজ্য ক্ষেত্রে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১(গ) এবং সিদ্ধান্ত ৪/কপ.১৫, প্যারা ১(ঘ) এ উল্লিখিত অন্তবর্তীকালীন পরিমাপক হিসেবে আঞ্চলিক বন পরিবীক্ষণ পদ্ধতির উচিত হবে:

(ক) যথোপযুক্ত ক্ষেত্রে বিদ্যমান ব্যবস্থাগুলোর ওপর ভিত্তি করে গড়ে ওঠা;
(খ) দেশসমূহ কর্তৃক সংজ্ঞায়িত প্রাকৃতিক বন সহ বিভিন্ন ধরনের বনের মূল্যায়ন সক্ষমতা অর্জন;
(গ) সহজ হওয়া এবং পরিবর্ধনযোগ্য
(ঘ) সম্ভাব্য ক্ষেত্রে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭৩ এবং ৭৪ এ উল্লিখিত পর্যায়ক্রমিক পদ্ধতির প্রতিফলন ঘটানো (phased approach);

৫. এই সভা স্বীকৃতি প্রদান করছে যে, দেশসমূহের জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতিটি সম্ভাব্য ক্ষেত্রসমূহে সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট-১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির সম্পর্কে উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে তা সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে পারে।

**১০ম পূর্ণাঙ্গ সভা । ২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

[১] সিদ্ধান্ত ১ /কপ.১৬, অনুচ্ছেদ ৭০ অনুযায়ী, দেশ সমূহ তাদের নিজ নিজ ক্ষমতা ও জাতীয় অবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ দায়িত্ব গ্রহণ করবে। উল্লেখ্য যে, এ ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ আধার (pools) বা কার্যক্রম বাদ দেওয়া যাবে না।

# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১২/কপ.১৯ REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো থেকে** (DECISION 12/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ.১৬ এর পরিশিষ্ট-১ এ উল্লিখিত সকল সুরক্ষা বিষয়াদির সম্পর্কে উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলার বিষয়ে সারসংক্ষেপ তথ্য উপস্থাপনের সময়সূচি এবং আবর্তনের হার।**

(The timing and the frequency of presentations of the summary of information on how all the safeguards referred to in decision 1/CP.16, appendix I, are being addressed and respected.)

সিদ্ধান্তটি সুরক্ষা তথ্য পদ্ধতি বিষয়ে ডারবান সিদ্ধান্তের আওতায় দেয় নির্দেশনার আংশিক পুনরাবৃত্তি। এই সিদ্ধান্ত বিবৃত করে যে দেশসমূহের উচিত তাদের গ্রীনহাজউজ গ্যাস প্রতিবেদনের (National communications Report)'র অংশ হিসেবে REDD+ কার্যক্রম শুরু হওয়ার পর হতে সুরক্ষা বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলার বিষয়ে সার-সংক্ষেপ প্রদান করা এবং সম্ভাব্য ক্ষেত্রে UNFCCC'র ওয়েব প্লাটফর্মে এই তথ্য প্রদান করা যেতে পারে; স্বেচ্ছামূলকভাবে এই সার-সংক্ষেপ গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের প্রেরণের পর্যায়ক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে যা UNFCCC'র এর ওয়েব প্লাটফর্ম এর মাধ্যমে হয়ে জমা দেওয়া যাবে। বিষয়টিকে আবার সিদ্ধান্ত ১/কপ.১৯ অনুযায়ী দেখা দরকার, যেখানে দেশসমূহকে ফলাফলভিত্তিক তহবিল প্রাপ্তির পূর্বেই এই সারসংক্ষেপ তথ্য উপস্থাপনের জন্য বলা হয়েছে।



শেরপুরের অরণ্যে হাতির বিচরণ
ছবি: বাংলাদেশ বন বিভাগ

# বিশদ অনুবাদ | Decision

## সিদ্ধান্ত ১২/কপ.১৯ (DECISION 12/CP.19)

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ.১৬ এর পরিশিষ্ট-১ এ উল্লিখিত সকল সুরক্ষা বিষয়াদির সম্পর্কে উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলার বিষয়ে সারসংক্ষেপ তথ্য উপস্থাপনের সময়সূচি এবং আবর্তনের হার।**

(The timing and the frequency of presentations of the summary of information on how all the safeguards referred to in decision 1/cp.16, Appendix i, are being addressed and respected)



### জাতিসমূহের সম্মেলন,

পূর্ববর্তী সিদ্ধান্ত ১৭/কপ.৮, ১/কপ.১৬, ২/কপ.১৭ এবং ১২/কপ.১৭ কে স্মরণে রেখে

বিশেষ করে সিদ্ধান্ত ১২/কপ১৭ এর প্যারা ৫ কে স্মরণে রেখে,

১. এই সম্মেলন পূণর্ব্যক্ত করছে যে, যে উন্নয়নশীল দেশসমূহ সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর প্যারা ৩ অনুযায়ী সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ গ্রহণ করেছে তাদের কার্যক্রমসমূহ বাস্তবায়নকালে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর পরিশিষ্ট ১ এ উল্লিখিত সকল সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে তার সারসংক্ষেপ তথ্য উপস্থাপনের বিষয়টি।

২. এই সম্মেলন আরও পূণর্ব্যক্ত করছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর প্যারা ৪ অনুযায়ী, উপরের প্যারা ১ এ উল্লিখিত সারসংক্ষেপ পর্যায়ক্রমিকভাবে প্রদান করতে হবে এবং তা গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের (National communications Report) অংশ হিসেবে, দেশসমূহের সম্মেলন কর্তৃক স্বীকৃত যোগাযোগ ব্যবস্থার (communication channels) মাধ্যমে প্রদান করতে হবে।

৩. এই সভা এই মর্মে সম্মত হচ্ছে যে, উপরোক্ত প্যারা ১ এ উল্লিখিত সারসংক্ষেপ তথ্যাবলী স্বেচ্ছায় UNFCCC'র ওয়েব সাইটের[১] ওয়েব প্লাটফর্মেও প্রদান করা যাবে।

৪. এই সম্মেলন সিদ্ধান্ত নিচ্ছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন শুরু হওয়ার পর উন্নয়নশীল দেশসমূহের উচিত হবে উপরোক্ত প্যারা ৩ কে বিবেচনায় নিয়ে গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের (National communications Report) অথবা UNFCCC'র ওয়েব প্লাটফর্মের মত যোগাযোগ মাধ্যমসহ উপরোক্ত প্যারা ১ উল্লিখিত তথ্যাবলীর সারসংক্ষেপ তথ্য প্রদান শুরু করা।

৫. এই সভা আরও সিদ্ধান্ত নিচ্ছে যে, উপরোক্ত প্যারা ২ এ উল্লিখিত সারসংক্ষেপ উপস্থাপনের আবর্তনের হার ও পরবর্তী উপস্থাপন সমঝোতার অ্যানেক্স-১ ভূক্ত নয় এমন দেশসমূহের জাতীয় গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদনের (National communications Report) স্বেচ্ছায় দাখিলের বিধানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে এবং UNFCCC'র ওয়েব প্লাটফর্মের মাধ্যমে হবে।

**১০ম পূর্ণাঙ্গ অধিবেশন । ২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

[১] <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১৩/কপ.১৯ "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে (DECISION 13/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")**

**শিরোনাম: দেশসমূহের প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ে কারিগরি সমীক্ষার নির্দেশিকা এবং কার্যবিধি।**

(Guidelines and procedures for the technical assessment of submissions from Parties on proposed forest reference emission levels and/or forest reference levels.)

নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ে ডারবান সিদ্ধান্তের (১২/কপ.১৭) পর হতে দেশসমূহকে প্রস্তাবনা জমা দিতে আহবান জানানো হয়েছে। এই সিদ্ধান্তে প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ক প্রতিটি প্রস্তাবনা UNFCCC'র বিশেষজ্ঞদের তালিকা (roster of experts) থেকে দু'জন "ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারে পরিবর্তন বনাঞ্চলসহ" বিষয়ক বিশেষজ্ঞ (LULUCF experts) দ্বারা কারিগরি সমীক্ষা করা হবে, যাদের একজন হবেন উন্নত এবং একজন উন্নয়নশীল দেশের। কারিগরি সমীক্ষাটি জার্মানির বন (Bonn) এ প্রতি বছর আয়োজিত হবে।

এই কারিগরি সমীক্ষার উদ্দেশ্য হচ্ছে সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর পরিশিষ্টে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (REL/RL) প্রস্তাবনা করা হয়েছে কিনা তা দেখা। এছাড়া এ সমীক্ষা অনধিকার চর্চা (non-intrusive) না করে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার (REL/RL) গঠন অথবা ভবিষ্যতে আরও উন্নয়ন ঘটাতে ও তথ্যের কৌশলগত বিনিময়কে সহজতর, এবং উন্নয়নশীল দেশের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে কাজ করবে।

সিদ্ধান্তটি কারিগরি সমীক্ষার পরিধি তুলে ধরার পাশাপাশি সমীক্ষকগণ (assessment team) ও রাষ্ট্রপক্ষ্য কিভাবে পরস্পর কাজের করবে তা আরও স্পষ্ট করেছে। এই কারিগরি সমীক্ষায় অন্তর্ভুক্ত বিষয় হবে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (REL/RL), অতীত নিঃসরণ, কার্যকলাপ, কার্বন এর আধার, বনের সংজ্ঞা ইত্যাদি প্রয়োজনীয় সকল তথ্য। মূল্যায়নে প্রদত্ত তথ্যের স্বচ্ছতা, পূর্ণতা, সামঞ্জস্যতা এবং নির্ভুলতা নিরুপণের পাশাপাশি পদ্ধতিগত বিষয়, তথ্যের বর্ণনা, পন্থা, প্রক্রিয়া, মডেল এবং সম্ভব হলে ব্যবহৃত অনুমান (assumptions) কেও বিচার করবে।

প্রথম বছরের কারিগরি সমীক্ষার অভিজ্ঞতা শেষে UNFCCC'র সচিবালয় এ সংক্রান্ত একটি সংশ্লেষিত প্রতিবেদন (synthesis report) তৈরি করে SBSTA 'র বিবেচনার জন্য দাখিল করবে।



চট্টগ্রামের চুনতি বন্যপ্রাণী অভয়ারণ্য এলাকায় পানের চাষ: পানের বরজের জন্য ব্যবহৃত সব কাঠি গুলোই চারা গাছ।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

## সিদ্ধান্ত ১৩/কপ.১৯ (DECISION 13/CP.19)

**শিরোনাম: দেশসমূহের প্রস্তাবিত নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ/অপসারণ মাত্রা বিষয়ে কারিগরি সমীক্ষার নির্দেশিকা এবং কার্যবিধি।**

(Guidelines and procedures for the technical assessment of submissions from parties on proposed forest reference emission levels and/or forest reference levels)

## জাতিসমূহের সম্মেলন,

পুনরায় ব্যক্ত করছে যে, উন্নয়নশীল দেশগুলোতে পর্যাপ্ত এবং পূর্বানুমেয় সহায়তার প্রেক্ষিতে, সকল দেশসমূহ জাতীয় পরিস্থিতির প্রেক্ষাপটে, সম্মিলিতভাবে বনের আচ্ছাদন এবং কার্বনের নিঃসরণ কমানো, সম্পূর্ণরূপে বন্ধ এবং পূর্বের অবস্থানে (to slow, halt and reverse forest cover and carbon loss) ফিরিয়ে আনার লক্ষ্যে কাজ করবে যা সমঝোতার অনুচ্ছেদ ২ এর চূড়ান্ত উদ্দেশ্য।

নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর সমীক্ষা কার্যক্রমের জন্য উন্নয়নশীল দেশসমূহের অধিকতর প্রশিক্ষণ প্রাপ্তির জরুরী চাহিদা মেটানোর ওপর গুরুত্বারোপ করছে।

এই সভা সিদ্ধান্ত ৪/কপ.১৫, ১/কপ.১৬ এবং ১২/কপ.১৭ এর বিধানকে স্মরণে রেখে, উল্লেখ করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬ এর ৭৩ প্যারা-তে উল্লিখিত ফলাফলভিত্তিক কার্যকলাপে উন্নয়নশীল দেশসমূহকে সহায়তা প্রদানে সিদ্ধান্ত ২/কপ.১৭ এর প্যারা ৬৬ ও ৬৭ অনুযায়ী যথাযথ বাজারভিত্তিক এবং বাজার-বহির্ভূত কৌশলের উন্নয়ন ঘটানো যেতে পারে।

১. এই সভা এই মর্মে সিদ্ধান্ত নিচ্ছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর প্যারা ১৩ তে উল্লিখিত প্রতিটি দেশের প্রস্তাবনার ওপর একটি কারিগরি সমীক্ষা পরিচালনা করা হবে।

২. এই সভা স্মরণ করছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭ অনুযায়ী উন্নয়নশীল দেশগুলো সুবিধামত সময়ে স্বেচ্ছায় নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা প্রস্তাবনা করতে পারে এবং ফলাফল-ভিত্তিক অর্থ প্রদানের জন্য এই প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা সমূহের ওপর কারিগরি সমীক্ষা পরিচালনা করা যেতে পারে।

৩. এই সভা দেশসমূহ কর্তৃক প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ে কারিগরি সমীক্ষা পরিচালনায় এই সিদ্ধান্তের পরিশিষ্টে অন্তর্ভুক্ত নির্দেশনা ও পদ্ধতিসমূহকে গ্রহণ করছে।

৪. এই সভা প্রথম বছরের কারিগরি মূল্যায়ন শেষে SBSTA এর বিবেচনার জন্য কারিগরি মূল্যায়ন পদ্ধতির ওপর একটি সংশ্লেষিত প্রতিবেদন তৈরির জন্য সচিবালয়কে অনুরোধ জানাচ্ছে।

৫. UNFCCC'র বিশেষজ্ঞদের তালিকা থেকে বিশেষজ্ঞ মনোনীত করার জন্য এই সভা দেশসমূহকে বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোকে এবং উপযুক্ত আন্তরাষ্ট্রীয় সংস্থাসমূহকে আহবান জানাচ্ছে।

৬. সমঝোতার (১৯৯২) এনেক্স-১ এর অন্তর্ভুক্ত নয় এমন দেশের জাতীয় গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদন (National Communications) সংক্রান্ত বিশেষজ্ঞ পরামর্শক দলের কাজকে বিবেচনায় নিয়ে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠন এবং মূল্যায়নের সক্ষমতা বৃদ্ধিতে সহায়তার জন্য সকল দেশ বিশেষ করে উন্নত দেশ এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাসমূহকে আরো আহবান জানাচ্ছে।

৭. উপরের প্যারা ১ থেকে ৪ এর আওতায় সচিবালয়কে যেসব কার্যাবলী সম্পাদনের দায়িত্ব দেওয়া হয়েছে সে সকল বাজেটের উপর প্রভাবের বিষয়টিকে এই সভা আমলে রাখছে।

৮. এই সভা এই সিদ্ধান্তের মাধ্যমে সচিবালয়ের ওপর যেসব কার্যাবলী সম্পাদনের দায়িত্ব দিয়েছে তা প্রয়োজনীয় আর্থিক সংস্থান সাপেক্ষে সম্পাদনের জন্য অনুরোধ করছে।

## পরিশিষ্ট (ANNEX)

প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা বিষয়ে দেশসমূহের উপস্থাপিত কারিগরি সমীক্ষার নির্দেশিকা এবং কার্যপ্রণালী সংক্রান্ত তথ্য।

### উদ্দেশ্য

১. এই কারিগরি সমীক্ষার উদ্দেশ্যসমূহ হল:

(ক) সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর পরিশিষ্টে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী দেশ কর্তৃক প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (FREL/FRL) বিষয়ে উপস্থাপিত তথ্যাবলী নির্দেশিকা অনুসরণ করে করা হয়েছে কিনা তা দেখা ।

(খ) অনধিকার চর্চা (non-intrusive) না করে জাতীয় সামর্থ্য এবং নীতিমালার ভিত্তিতে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার (FREL/FRL) গঠন অথবা ভবিষ্যতে আরও উন্নয়ন ঘটাতে ও তথ্যের কৌশলগত বিনিময়কে সহজতর, এবং উন্নয়নশীল দেশের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে কাজ করা ।

## সুযোগ (SCOPe)

২. সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর অধ্যায় ২ এবং পরিশিষ্টের সঙ্গে সামঞ্জস্য রেখে, যে সকল উন্নয়নশীল দেশ নিজ নিজ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর গঠনে উদ্যোগী হয়েছে তাদের ব্যবহৃত উপাত্ত, পদ্ধতি এবং কার্যবিধিসমূহকে নিয়ে কারিগরি সমীক্ষার সময় নিম্নলিখিত বিষয়াদি যাচাই করা হবে:

(ক) কার্বন নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাটির সাথে দেশের গ্রীনহাউজ গ্যাস জরিপে অন্তর্ভুক্ত মানবসৃষ্ট নিঃসরণের বিভিন্ন উৎস এবং অপসারণের বিভিন্ন জমাগারের সাথে কতদূর পর্যন্ত ধারাবাহিক বা সামঞ্জস্যপূর্ণ;

(খ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনে অতীত উপাত্ত কিভাবে বিবেচনায় নেওয়া হয়েছে;


(গ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা তৈরিতে যে উপাত্ত, পদ্ধতি, উপাত্তের বর্ণনা, কৌশলের বিবরণ, মডেল এবং প্রযোজ্য ক্ষেত্রে সকল অনুমান সমূহ সম্পর্কিত তথ্য কতটুকু সঠিক, স্বচ্ছ, পরিপূর্ণ[১], সামঞ্জস্যপূর্ণ তা দেখা, এবং নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা কি জাতীয় নাকি আঞ্চলিক তা দেখা;

(ঘ) সংশ্লিষ্ট নীতিমালা এবং পরিকল্পনার যথাযথ বর্ণনা দেওয়া হয়েছে কিনা;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, ধাপভিত্তিক পন্থাকে[২] বিবেচনায় নিয়ে পূর্ববর্তীতে উপস্থাপিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা পরিবর্তনের বর্ননা দেওয়া হয়েছে কিনা;

(চ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রায় অন্তর্ভুক্ত গ্যাস ও আধারসমূহ (pools and gases) এবং কার্যক্রমের তালিকা থেকে কোন আধার এবং/অথবা কার্যক্রম কেন বাদ দেওয়া হয়েছে বা গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনায় নেওয়া হয়নি তা দেখা;

(ছ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার প্রস্তুতিতে বনের যে সংজ্ঞা প্রদান করা হয়েছে পরবর্তীতে তাই ব্যবহৃত হয়েছে কিনা এবং যদি তা জাতীয় গ্রীনহাউজ গ্যাস জরিপে ব্যবহৃত সংজ্ঞা বা অন্য আন্তর্জাতিক সংস্থার নিকট প্রদত্ত সংজ্ঞা থেকে ভিন্ন হয়, তবে কেন এবং কিভাবে এই সংজ্ঞা বেছে নেওয়া হয়েছে।



মধুপুর জাতীয় উদ্যানের বানর।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

(জ) দেশের নীতিমালার ভবিষ্যৎ পরিবর্তন বিষয়ক কোন অনুমানকে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা;

(ঝ) দেশ প্রদত্ত তথ্য ও বর্ননার সঙ্গে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর মান কতখানি সামঞ্জস্যপূণ।

৩. কারিগরি সমীক্ষার অংশ হিসেবে ভবিষ্যৎ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর কৌশলগত উন্নয়নের ক্ষেত্রসমূহও সনাক্ত করা হতে পারে এবং সংশ্লিষ্ট দেশ এই সকল ক্ষেত্র এবং সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তার বিষয়টি আমলে নিতে পারে।

৪. নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর গঠন প্রক্রিয়াকে বিবেচনায় নিয়ে সমীক্ষা দলটি অভ্যন্তরীণ নীতিমালা বিষয়ে কোন মতামত (judgment) প্রদানে বিরত থাকবে।

## কারিগরি সমীক্ষার কার্যপ্রণালী (Procedures for Technical Assessment)

### সাধারণ কার্যপ্রণালী (General Procedures)

৫. এই নির্দেশিকায় লিখিত কার্যপ্রণালী এবং সময়সীমা অনুযায়ী প্রতিটি দেশের প্রস্তাবনার কারিগরি সমীক্ষা একটি বিশেষজ্ঞ দল দ্বারা যাচাই করা হবে।

৬. প্রতিটি সমীক্ষাকারী দল প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার পুর্ণাঙ্গ ও পুঙ্খানুপুঙ্খ সমীক্ষা চালাবে এবং তাদের উপর ন্যাস্ত দায়িত্বের ভিত্তিতে একটি প্রতিবেদন তৈরি করবে।

৭. সম্মেলনের সচিবালয় এই কারিগরি সমীক্ষার সমন্বয় করবে। UNFCCC'র বিশেষজ্ঞদের তালিকা থেকে "ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারের পরিবর্তন বনাঞ্চলসহ" (land use, land-use change and forestry-LULUCF) বিষয়ক বিশেষজ্ঞদের সমন্বয়ে এই সমীক্ষাকারী দল গঠিত হবে। অংশগ্রহণকারী বিশেষজ্ঞরা তাদের ব্যক্তিগত সামর্থ্যের ভিত্তিতে (personal capacity) কাজ করবে। বিশেষজ্ঞরা যে দেশে কারিগরি সমীক্ষা পরিচালিত হবে সেই দেশের নাগরিক হতে পারবে না বা সমীক্ষাধীন দেশের অর্থায়নেও এই সমীক্ষা পরিচালিত হতে পারবে না।

৮. সচিবালয়ের কাজকে সহজতর করার জন্য প্রতিটি দেশ সচিবালয়কে LULUCF বিশেষজ্ঞদের তালিকায় তাদের সক্রিয় বিশেষজ্ঞ কারা রয়েছেন এবং কারা এই নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর কারিগরি সমীক্ষা দলে অংশ নিতে পারবেন তা জানাবে।

### সমীক্ষা দলের গঠন (Composition of the Assessment Team)

৯. UNFCCC সচিবালয় উন্নয়নশীল এবং উন্নত দেশের LULUCF বিশেষজ্ঞদের ভারসাম্যপূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিত করবে। সমঝোতার (১৯৯২) অ্যানেক্স-১ বহির্ভুত দেশের 'গ্রীনহাউজ গ্যাস প্রতিবেদন' (National Communications) বিষয়ক বিশেষজ্ঞ পরামর্শক দল হতে উন্নয়নশীল দেশের প্রাসঙ্গিক অভিজ্ঞতা সম্পন্ন একজন বিশেষজ্ঞ মনোনীত করতে পারবে পর্যবেক্ষক হিসেবে কারিগরি সমীক্ষা দলে অংশ নেওয়ার জন্য। প্রতিটি প্রস্তাবনা (submission) UNFCCC এর বিশেষজ্ঞদের তালিকা হতে বাছাইকৃত দু'জন LULUCF বিশেষজ্ঞ দ্বারা কারিগরি মূল্যায়ন করা হবে যাদের একজনকে উন্নত দেশ ও অপরজনকে উন্নয়নশীল দেশসমূহের দল থেকে নেওয়া হবে।

## সময় নির্ধারণ (Timing)

১০. প্রতি বছর একবার এই সমীক্ষার অধিবেশন (Assessment sessions) অনুষ্ঠিত হবে। কোন অধিবেশনের কমপক্ষে ১০ সপ্তাহ আগের প্রস্তাবনা ঐ অধিবেশনে মূল্যায়িত হবে। এই অধিবেশন জার্মানীর বন শহরে অনুষ্ঠিত হবে।

১১. সমীক্ষার অধিবেশন শুরু হওয়ার কমপক্ষে আট সপ্তাহ পূর্বে সচিবালয় সমীক্ষা দলের নিকট প্রাসঙ্গিক সকল তথ্য প্রেরণ করবে।

১২. সমীক্ষা অধিবেশনের পূর্বে সমীক্ষা দল যথাযথ ক্ষেত্রে দেশের নিকট থেকে ব্যাখ্যার প্রয়োজন আছে এমন প্রস্তুতিমূলক বিষয়াদি সনাক্ত করবে।

১৩. যে দেশ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা উপস্থাপনা করেছে তারা সমীক্ষাকালীন সময়ে এ কার্যক্রম সহজতর করতে ব্যাখ্যা এবং অতিরিক্ত তথ্য প্রদানের জন্য সমীক্ষা দলের সঙ্গে কাজ করতে পারে।

১৪. সংশ্লিষ্ট দেশের কাছ থেকে সমীক্ষা দল অধিবেশন সমাপ্তির এক সপ্তাহের মধ্যে অতিরিক্ত ব্যাখ্যা চাইতে পারবে। এই ব্যাখ্যাসমূহ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনে দেশ সমূহের কারিগরি সহায়তা (technical inputs) প্রদানের সুযোগে পরিণত হতে পারে। ব্যাখ্যা চাইবার অনধিক আট সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট দেশকে সমীক্ষা দলের নিকট ব্যাখ্যা প্রদান করতে হবে। উপরোক্ত সহায়ক প্রক্রিয়ার ফলে সমীক্ষা দলের কারিগরি সহায়তা (technical inputs)'র পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট দেশ তার প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাতে পরিবর্তন আনতে পারে।

১৫. সমীক্ষা দলের কারিগরি সহায়তা (technical inputs) প্রদানের কারণে দেশ তার প্রস্তাবিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাতে পরিবর্তন আনলে সমীক্ষা দল উপস্থাপনের চার সপ্তাহের মধ্যে পরিবর্তিত (modified) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রাকে বিবেচনায় নেবে।

১৬. সমীক্ষা দল একটি খসড়া প্রতিবেদন প্রণয়ন করে সমীক্ষা সেশনের ১২ সপ্তাহের[৩] মধ্যে সংশ্লিষ্ট দেশের নিকট প্রেরণ করবে।

১৭. সমীক্ষাদলের খসড়া প্রতিবেদনের উপর প্রতিক্রিয়া জানানোর জন্য সংশ্লিষ্ট দেশ ১২ সপ্তাহ সময় পাবে।

১৮. সংশ্লিষ্ট দেশের প্রতিক্রিয়া পাওয়ার চার সপ্তাহের মধ্যে সমীক্ষা দল চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে এবং UNFCCC'র ওয়েবসাইটের[৪] ওয়েব প্লাটফর্মে প্রকাশের জন্য সচিবালয় বরাবরে প্রেরণ করবে। প্রতিবেদনে সমীক্ষাকৃত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা মাত্রা সহ ভবিষ্যৎ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা মাত্রার গঠনের জন্য কৌশলগত উন্নয়নের ক্ষেত্রসমূহ এবং সংশ্লিষ্ট দেশের সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তাও অন্তর্ভুক্ত হবে।

**১০ম পূর্ণাঙ্গ অধিবেশন । ২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

[১] পরিপূর্ণ শব্দটি দ্বারা প্রয়োজনীয় সমস্ত তথ্য এবং উপাত্তকে বোঝানো হচ্ছে যার মাধ্যমে যে কোন তৃতীয় ব্যক্তি নিঃসরণের মাত্রা অথবা নিঃসরণ/অপসারণের মাত্রা পুনরায় নিরূপন করতে পারে।

[২] সিদ্ধান্ত ১২/কপ.১৭, অনুচ্ছেদ ১০

[৩] যদি ১৫ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন দেশ তার দাখিলকৃত নিঃসরণ মাত্রা এবং নিঃসরণ/অপসারণ মাত্রাতে পরিবর্তন আনতে চায় তবে তাকে এ জন্য সর্বোচ্চ ১৬ সপ্তাহ সময় বরাদ্দ করা যেতে পারে।

[৪] <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১৪/কপ.১৯ "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে** (DECISION 14/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")

**শিরোনাম: পরিমাপ, প্রতিবেদন এবং যাচাইয়ের জন্য কার্যবিধিসমূহ।**

(Modalities for Measuring, Reporting and Verifying)

এই সিদ্ধান্ত অর্থায়ন বিষয়ে সিদ্ধান্ত ৯/কপ.১৯ এবং সুরক্ষা (safeguards) বিষয়ে সিদ্ধান্ত ১২/কপ.১৯ এর সঙ্গে মিলিতভাবে ফলাফলভিত্তিক অর্থায়ন বিষয়ে ব্যাখ্যা প্রদান করেছে। একই সঙ্গে এই সিদ্ধান্ত ফলাফলভিত্তিক অর্থ প্রত্যাশী দেশের নিকট থেকে কি ধরনের তথ্য প্রয়োজন, এজন্য কি ধরনের কারিগরি বিশ্লেষণ (technical analysis) করা প্রয়োজন এবং এই প্রক্রিয়া চলাকালীন সময়ে সংশ্লিষ্ট দেশ এবং বিশেষজ্ঞরা কিভাবে এক সঙ্গে কাজ করতে পারে সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করেছে।

যে সব দেশ ফলাফলভিত্তিক অর্থায়ন পেতে চাচ্ছে তাদের উচিত বনাঞ্চলের মানবসৃষ্ট নিঃসরণ এবং অপসারণ (emissions and removals) হিসাবে ব্যবহৃত উপাত্ত এবং তথ্য উপস্থাপন করা। এই তথ্য স্বচ্ছ, সময়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়ার পাশিপাশি প্রতিষ্ঠিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা সহ সিদ্ধান্ত ৪/কপ.১৫ এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে। আর এটি দ্বি-বার্ষিক হালনাগাদ প্রতিবেদন (biennial update reports -BUR) এর কারিগরি পরিশিষ্ট 'র (technical annex) মাধ্যমে জমা করতে হবে।

কারিগরি পরিশিষ্টের অন্তর্ভুক্ত হবে এমন তথ্যাবলী বিষয়ে নির্দেশনা এই সিদ্ধান্তের পরিশিষ্টতে প্রদান করা হয়েছে।

**এগুলো হচ্ছে:**

- নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা (FREL/FRL);
- কার্যক্রমের তালিকা এবং অন্তর্ভুক্ত এলাকা;
- নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা প্রস্তাবনার তারিখ এবং নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা গঠনে যে সময়কাল ব্যবহৃত হয়েছে;
- বছরে প্রতিটন কার্বন-ডাই-অক্সাইড সমতুল্য (tons $CO_{2eq}$ per year) পরিমাপকৃত ফলাফল এবং নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর সঙ্গে পদ্ধতিগত সামঞ্জস্যতা রক্ষা করা;
- জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি এবং পরিমাপ, প্রতিবেদন ও যাচাইয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের বর্ণনা;
- সিদ্ধান্ত ৪/কপ.১৫ এর কারিগরি বিষয়াদি কিভাবে বিবেচনায় নেওয়া হয়েছে তার বর্ণনা এবং
- অন্যান্য তথ্য যা ফলাফল পুনরায় নিরূপনে সহায়তা করবে এবং পরবর্তীতে কারিগরি বিশ্লেষণকে সহজসাধ্য করবে।

UNFCCC'র বিশেষজ্ঞদের তালিকা থেকে দুইজন LULUCF বিশেষজ্ঞ দ্বারা কারিগরি বিশ্লেষণ করানো হবে। বিশেষজ্ঞরা প্রদত্ত তথ্য নির্দেশিকার সঙ্গে কতোখানি সামঞ্জস্যপূর্ণ, স্বচ্ছ, সময়ান্তে সঙ্গতিপূর্ণ, সম্পূর্ণ এবং নির্ভুল তা বিশ্লেষণ করবেন। প্রদত্ত তথ্যাবলীকে আবার পদ্ধতিগতভাবে, সংজ্ঞা এবং সর্বাঙ্গীনভাবে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং তা সমীক্ষিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা ও বাস্তবায়িত কাজের ফলাফলের মধ্যকার অবস্থা তুলে ধরবে। সবশেষে প্রাপ্ত ফলাফল কতখানি নির্ভুল তা তারা খতিয়ে দেখবেন।

সংশ্লিষ্ট দেশ এবং LULUCF বিশেষজ্ঞরা বিশ্লেষণকালীন একত্রে কাজ করতে পারেন এবং সবশেষে LULUCF বিশেষজ্ঞরা UNFCCC ওয়েবসাইটে প্রকাশের জন্য কারিগরি প্রতিবেদন প্রণয়ন করবেন। প্রতিবেদনে কারিগরি পরিশিষ্ট এবং এর সম্ভাব্য উন্নতির পরামর্শ সহ সংশ্লিষ্ট দেশের মন্তব্য অন্তর্ভুক্ত থাকবে। এই সিদ্ধান্তে আরও বলা হয়েছে যে, জাতীয় প্রশমন কর্মকাণ্ডসমূহ (national appropriate mitigation actions-NAMA)'র পরিমাপ, প্রতিবেদন ও যাচাইয়ের (MRV) বিষয়ে গৃহীত সিদ্ধান্তের সঙ্গে এই পরিমাপ, প্রতিবেদন ও যাচাইয়ের (MRV) নির্দেশনা সামঞ্জস্যপূর্ণ হবে। এটিতে আরও বলা হয়েছে যে, যদি ফলাফল ভিত্তিক কার্যক্রমসমূহ বাজারভিত্তিক পন্থার উপযুক্ত হলে তবে UNFCCC'র সম্মতিক্রমে তা যাচাইয়ের জন্য সুনির্দিষ্ট কার্যবিধির প্রয়োজন হবে।

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ১৪/কপ.১৯** (DECISION 14/CP.19*)

**শিরোনাম: পরিমাপ, প্রতিবেদন এবং যাচাইয়ের জন্য কার্যবিধিসমূহ।**

(Modalities for measuring, reporting and verifying)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ২/কপ.১৩, ৪/কপ.১৫, ১/কপ.১৬, ২/কপ.১৭ এবং ১২/কপ.১৭ স্মরণ করছে, প্রতিবেদন প্রণয়নে সহায়তার বিধান বিষয়ক সিদ্ধান্ত ১৭/কপ.৮ এবং ২/কপ.১৭ এর প্রাসঙ্গিক বিধানসমূহ আবারও স্মরণ করছে,

১. সিদ্ধান্ত নিচ্ছে যে, ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের ফলে বনাঞ্চল সংশ্লিষ্ট উৎস থেকে মানবসৃষ্ট নিঃসরণ এবং জমাগার ভেদে অপসারণ, বনাঞ্চলের কার্বন মজুদ, এবং বনাঞ্চলের কার্বন মজুদ ও বন এলাকার পরিবর্তনের পরিমাপ, প্রতিবেদন এবং যাচাইকরণ, ঐ সিদ্ধান্তের প্যারা ৭১ এর (ক) এবং (খ) বিবেচনায় নিয়ে, সিদ্ধান্ত ৪/কপ.১৫ এ প্রদত্ত পদ্ধতিগত নির্দেশনার (methodological guidance) সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে, এবং জাতীয় প্রশমন কর্মকাণ্ডসমূহ (NAMA)'র পরিমাপ, প্রতিবেদন ও যাচাইকরণে যে কোন নির্দেশনা অনুযায়ী, এবং ভবিষ্যতে দেশসমূহের সম্মেলন কর্তৃক স্বীকৃত এবং দেশসমূহের সম্মেলন এর সংশ্লিষ্ট ভবিষ্যৎ সিদ্ধান্ত অনুযায়ী হতে হবে।

২. সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ বর্ণিত কার্যাবলী বাস্তবায়নের ফলে বনাঞ্চল সংশ্লিষ্ট উৎস থেকে মানবসৃষ্ট নিঃসরণ এবং জমাগার ভেদে অপসারণ, বনাঞ্চলের কার্বন মজুদ, এবং বনাঞ্চলের কার্বন মজুদ ও বন এলাকার পরিবর্তনের পরিমাপ, প্রতিবেদন এবং যাচাইয়ের জন্য সক্ষমতা তৈরির প্রয়োজনীয়তাকে স্বীকার করে।

৩. এই সম্মেলন সিদ্ধান্ত নিচ্ছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ বর্ণিত কার্যাবলীর ফলে বনাঞ্চল সংশ্লিষ্ট উৎস থেকে মানবসৃষ্ট নিঃসরণ এবং জমাগার ভেদে অপসারণ, বনাঞ্চলের কার্বন মজুদ, এবং বনাঞ্চলের কার্বন মজুদ, ও বন এলাকার পরিবর্তনের প্রাক্কলনে দেশ কর্তৃক ব্যবহৃত যথাযথ উপাত্ত বা তথ্যসমূহ সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭১ (খ) এবং (গ) এবং সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর অধ্যায় ২ অনুযাযী স্বচ্ছ, সময়ের পরিবর্তনের সঙ্গে এবং প্রতিষ্ঠিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে।

৪. এই সম্মেলন এই মর্মে সম্মত হচ্ছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭ এর প্যারা ৭ এর সঙ্গে সঙ্গতি রেখে সিদ্ধান্ত ১/কপ.১৬ এর ৭০ প্যারা বর্ণিত কার্যাবলীসমূহ নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর সাপেক্ষে পরিমাপকৃত ফলাফল প্রতিবছর প্রতিটন কার্বন ডাই অক্সাইড সমতুল্য (tons $CO_{2eq}$ per year) হিসেবে প্রকাশ করা হবে।

৫. সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭১ (খ) এবং (গ) অনুযায়ী প্রতিষ্ঠিত অথবা হালনাগাদ করা (যা সংশ্লিষ্ট দেশের জন্য উপযোগী হয়) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর সঙ্গে সঙ্গতি রেখে সময়ের সঙ্গে সঙ্গে পদ্ধতিগত এবং উপাত্ত উন্নয়নের জন্য দেশসমূহকে উৎসাহিত করছে।

৬. সিদ্ধান্ত ১/কপ.১৬ এবং সিদ্ধান্ত ২/কপ.১৭ এর পরিশিষ্ট ৩ এর সঙ্গে সঙ্গতি রেখে দেশসমূহকে তাদের দ্বি-বার্ষিক হালনাগাদ প্রতিবেদন মারফত উপরের অনুচ্ছেদ ৩ এ বর্ণিত উপাত্ত ও তথ্য প্রদান করতে এই সম্মেলন সিদ্ধান্ত গ্রহণ করছে; এবং এ ক্ষেত্রে স্বল্পোন্নত এবং উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রকে দেওয়া প্রতিবেদন সংক্রান্ত অতিরিক্ত নমনীয়তাকে বিবেচনায় নিবে।

৭. ফলাফল-ভিত্তিক কার্যক্রমের জন্য অর্থ অর্জন এবং প্রাপ্তিতে আগ্রহী উন্নয়নশীল রাষ্ট্রসমূহকে দ্বি-বার্ষিক হালনাগাদ প্রতিবেদন প্রেরণের সময় উপরের অনুচ্ছেদ ৩ এ বর্ণিত উপাত্ত এবং তথ্য উপস্থাপনের সময় সিদ্ধান্ত ২/কপ.১৭ এর সংযুক্তি ৩ এর প্যারা ১৯ অনুযায়ী একটি কারিগরি পরিশিষ্ট (technical annex) প্রেরণের অনুরোধ জানাচ্ছে।

৮. এই সভা বিশেষভাবে উল্লেখ করছে যে, ফলাফল-ভিত্তিক অর্থপ্রাপ্তির প্রেক্ষাপটে উপরের প্যারা ৭ এ উল্লিখিত কারিগরি পরিশিষ্ট স্বেচ্ছায় (voluntary) উপস্থাপিত হবে।

৯. এই সভা সিদ্ধান্ত নিচ্ছে যে, উপরোক্ত প্যারা ৭ এ উল্লিখিত কারিগরি পরিশিষ্ট প্রদত্ত উপাত্ত এবং তথ্যাবলী সিদ্ধান্ত ৪/কপ.১৫ এবং ১২/কপ.১৭ সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে এবং পরিশিষ্টে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করবে।

১০. এই সভা আরও সিদ্ধান্ত নিচ্ছে যে, ফলাফল-ভিত্তিক কার্যক্রমের জন্য অর্থ অর্জন এবং প্রাপ্তিতে আগ্রহী দেশগুলোর অনুরোধের ভিত্তিতে বিশেষজ্ঞদের কারিগরি দলে UNFCCC'র বিশেষজ্ঞদের তালিকা হতে উন্নয়নশীল এবং উন্নত রাষ্ট্রসমূহের গ্রুপ থেকে একজন করে ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারের পরিবর্তন বনাঞ্চলসহ' বিষয়ক বিশেষজ্ঞ (LULUCF) অন্তর্ভুক্ত করা হবে।

১১. এছাড়াও সিদ্ধান্ত নিচ্ছে যে, সিদ্ধান্ত ২/কপ.১৭ এর পরিশিষ্ট ৪ এর প্যারা ৪ এ উল্লিখিত কারিগরি বিশ্লেষণের (technical analysis) অংশ হিসেবে কারিগরি বিশেষজ্ঞদের দল যে বিষয়গুলো বিশ্লেষণ করবেন:



বন জরিপ কার্যক্রম।
ছবি: বাংলাদেশ বন বিভাগ



(ক) পদ্ধতি, সংজ্ঞা, সামগ্রিকতা ও প্রদেয় তথ্যে ক্ষেত্রে সমীক্ষাকৃত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এবং সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলীসমূহ বাস্তবায়নের মাধ্যমে প্রাপ্ত ফলাফলের মধ্যে সঙ্গতি;[১]
(খ) কারিগরি পরিশিষ্টে প্রদত্ত উপাত্ত এবং তথ্য স্বচ্ছ, সামঞ্জস্যপূর্ণ, সম্পূর্ণ[২] এবং সঠিক হয়েছে কিনা;
(গ) কারিগরি পরিশিষ্টে প্রদত্ত উপাত্ত এবং তথ্যাবলী উপরের প্যারা ৯ এ বর্ণিত নির্দেশনার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কিনা;
(ঘ) ফলাফলগুলো যতদূর সম্ভব সঠিক কিনা।

১২. এই সভা সিদ্ধান্ত নিচ্ছে যে, কোন দেশ কারিগরি পরিশিষ্ট দাখিলের পরে কারিগরি বিশেষজ্ঞ দলের বিশ্লেষণ সহজতর করার জন্য কারিগরি সংযুক্তি বিশ্লেষণকালীন প্রয়োজনীয় ব্যাখ্যা এবং অধিকতর তথ্য প্রদানের জন্য কারিগরি দলের সঙ্গে কাজ করতে পারবে।

১৩. আরো সিদ্ধান্ত নিচ্ছে যে, উপরোক্ত প্যারা ৭ এ বর্ণিত কারিগরি সংযুক্তি বিষয়ে প্যারা ১০ এ উল্লিখিত ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারের পরিবর্তন বনাঞ্চলসহ (LULUCF) বিষয়ক দুইজন বিশেষজ্ঞ দেশের কাছে ব্যাখ্যা চাইতে পারে এবং জাতীয় প্রেক্ষাপট অনুযায়ী এবং জাতীয় সামর্থ্য বিবেচনায় নিয়ে সে দেশ ব্যাখ্যা প্রদান করবে।

১৪. এই সভা এই মর্মে সম্মতি প্রকাশ করছে যে, উপরের প্যারা ১০ এ উল্লিখিত ভূমি ব্যবহার, ভূমি ব্যবহারের পরিবর্তন বনাঞ্চলসহ বিষয়ক বিশেষজ্ঞরা তাদের দায়িত্বে অনুযায়ী সচিবালয় কর্তৃক UNFCCC'র ওয়েব[৩] প্লাটফর্মের মাধ্যমে প্রকাশের জন্য একটি প্রতিবেদন প্রণয়ন করবেন যার অন্তর্ভুক্ত হবে:

(ক) উপরোক্ত প্যারা ৭ এ বর্ণিত কারিগরি পরিশিষ্ট;
(খ) উপরের প্যারা ৭ এ উল্লিখিত কারিগরি পরিশিষ্টের বিশ্লেষণ;
(গ) উপরের প্যারা ৫ এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কারিগরি উন্নয়নের জন্য চিহ্নিত ক্ষেত্রসমূহ;
(ঘ) আরও উন্নতি সাধন এবং সক্ষমতা বৃদ্ধির চাহিদাসহ সংশ্লিষ্ট দেশ কর্তৃক প্রদত্ত (উল্লিখিত যথাযথ বিষয়ে) যে কোন মন্তব্য এবং/বা জবাব।

১৫. এই সভা আরও সম্মত হচ্ছে যে, ফলাফল-ভিত্তিক কার্যাবলী যা সিদ্ধান্ত ২/কপ.১৭ এর প্যারা ৬৬ অনুযায়ী দেশসমূহের সম্মেলন কর্তৃক এমন যথাযথ বাজারভিত্তিক পন্থাসমূহ গড়ে তোলা যেতে পারে যা যাচাইয়ের জন্য দেশসমূহের সম্মেলন এর প্রাসঙ্গিক যে কোন সিদ্ধান্তের সাথে সামঞ্জস্যপূর্ণ বিশেষ কোন কার্যবিধির প্রয়োজন হবে।

১৫. এই সভা আরও সম্মত হচ্ছে যে, যে সকল ফলাফল-ভিত্তিক কার্যাবলীর জন্য যথাযথ বাজারভিত্তিক পন্থাসমূহ গড়ে তোলা যেতে পারে সিদ্ধান্ত ২/কপ.১৭ এর প্যারা ৬৬ অনুযায়ী দেশসমূহের সম্মেলন কর্তৃক, তা যাচাইয়ের জন্য প্রযোজ্য হবে যা দেশসমূহের সম্মেলনের সিদ্ধান্তের সাথে সামঞ্জস্যপূর্ণ।

## পরিশিষ্ট (ANNEX)

সিদ্ধান্ত ১৪/কপ.১৯ এর প্যারা ৭ এ উল্লিখিত কারিগরি পরিশিষ্টের উপাদানের নির্দেশিকা।

১. সমীক্ষাকৃত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার চূড়ান্ত প্রতিবেদন থেকে সারাংশ এবং:

(ক) প্রতিবছর প্রতিটন কার্বন ডাই অক্সাইড সমতুল্য হিসেবে ব্যক্ত সমীক্ষাকৃত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা;
(খ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর অন্তর্ভুক্ত সিদ্ধান্ত ১/কপ.১৬ এর প্যারা ৭০ এ উল্লিখিত কার্যসমূহ;
(গ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর অন্তর্ভুক্ত বনভূমির বিস্তৃতি;
(ঘ) নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা উপস্থাপনের তারিখ এবং চূড়ান্ত কারিগরি মূল্যায়ন প্রতিবেদনের তারিখ;
(ঙ) সমীক্ষিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রা এর পর্যায়কাল (বছরে)।

২. ফলাফল প্রতিবছর প্রতিটন কার্বন ডাই অক্সাইড (tonnes of $CO_{2eq}$ per year) সমতুল্য এর সঙ্গে নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার সামঞ্জস্যতা।

৩. উপরের প্যারা ২ এ উল্লিখিত ফলাফল প্রাপ্তিতে এবং সমীক্ষিত নিঃসরণ মাত্রা অথবা নিঃসরণ ও অপসারণ মাত্রার তৈরিতে ব্যবহৃত পদ্ধতিসমূহ কতোটা সামঞ্জস্যপূর্ণ তা তুলে ধরা।

৪ জাতীয় বন পরিবীক্ষণ ব্যবস্থা এবং পরিমাপ, প্রতিবেদন এবং ফলাফল যাচাইয়ে প্রাতিষ্ঠানিক ভূমিকা এবং দায়িত্বের বর্ণনা।

৫. ফলাফল পূণঃগঠনে সহায়ক প্রয়োজনীয় তথ্যাবলী।

৬. সিদ্ধান্ত ৪/কপ.১৫ এর প্যারা ১ (গ) এবং (ঘ) এর অন্তর্ভুক্ত উপাদানসমূহ কিভাবে বিবেচনায় নেওয়া হয়েছে তার বর্ণনা।

**১০ম পূর্ণাঙ্গ সভা । ২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

[১] সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ অনুযায়ী পার্টিসমূহ তাদের পারস্পরিক সক্ষমতা এবং জাতীয় পরিস্থিতির সঙ্গে মানানসই কার্যক্রমসমূহ গ্রহণ করবে এবং এ ক্ষেত্রে কোন গুরুত্বপূর্ণ আধার (pools) এবং/বা কার্যক্রমসমূহ বাদ পড়বে না।

[২] এখানে সম্পূর্ণ বলতে ফলাফল পূনঃগঠনে সহায়ক তথ্য প্রদানের সুযোগকে বুঝানো হয়েছে।

[৩] http://unfccc.int/redd

# সারসংক্ষেপ | Summary


**সিদ্ধান্ত ১৫/কপ.১৯ "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে**
(DECISION 15/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")

**শিরোনাম: বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থা।**

(Addressing the drivers of deforestation and forest degradation)

সিদ্ধান্তটি জাতীয় কৌশল বা কর্মপরিকল্পনা উন্নয়ন ও বাস্তবায়নের সময় বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থার জটিলতা ও প্রয়োজনীয়তাকে পুনঃনিশ্চিত করে এবং দেশ, আন্তর্জাতিক সংস্থা এবং বেসরকারি খাতকে এই কার্যক্রমসমূহে অব্যহত রাখতে এবং UNFCCC'র ওয়েব প্লাটফর্মের মাধ্যমে তথ্য প্রদানে উৎসাহিত করেছে।




সামাজিক বনায়নের আওতায় রোপণকৃত চারার রক্ষণাবেক্ষন করছে স্থানীয় সুবিধাভোগীরা।
ছবি: বাংলাদেশ বন বিভাগ

# বিশদ অনুবাদ | Decision

**সিদ্ধান্ত ১৫/কপ.১৯ "REDD+ বিষয়ক ওয়ারশো কাঠামো" থেকে**

(DECISION 15/CP.19 FROM THE "WARSAW FRAMEWORK FOR REDD+")

**শিরোনাম: বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থা।**

(Addressing the drivers of deforestation and forest degradation)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ২/কপ ১৩, ১/কপ ১৬ এবং ২/কপ ১৭ কে স্মরণ করছে, সমস্যার জটিলতা, বিভিন্ন জাতীয় পরিস্থিতি এবং বন উজাড় ও বন অবক্ষয়ের বহুবিধ চালিকাসমূহকে আমলে নিচ্ছে, এই সভা আরও আমলে নিচ্ছে যে, বন নির্ভরশীল জনগোষ্ঠীর জীবিকা বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকা হতে পারে এবং এই চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থার কারণে মূল্য দিতে হতে পারে এবং অভ্যন্তরীণ সম্পদের উপর অর্থনৈতিক প্রভাব ফেলতে পারে,



১. সিদ্ধান্ত ১/কপ ১৬, প্যারা ৭২ ও ৭৬ অনুযায়ী উন্নয়নশীল দেশগুলির উন্নয়ন এবং জাতীয় কৌশল ও কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের প্রেক্ষাপটকে বিবেচনায় রেখে বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকসমূহ নিয়ে কার্যক্রম পরিচালনার গুরুত্বকে এই সভা পুনঃনিশ্চিত করছে।

২. এই সভা স্বীকার করছে যে, বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকগুলোর (drivers) পেছনে অনেক কারণ রয়েছে, এবং এই চালিকাসমূহের উপর গৃহীত ব্যবস্থা বিভিন্ন দেশের অবস্থা, সক্ষমতা ও সামর্থ্য অনুযায়ী ভিন্ন ভিন্ন হবে।

৩. এই সভা বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকগুলো হ্রাসের পদক্ষেপ নিতে দেশ, সংস্থাসমূহ ও বেসরকারি খাতকে উৎসাহিত করছে।

৪. এছাড়াও এই সভা বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকগুলোকে মোকাবেলার জন্য কার্যক্রম অব্যহত রাখতে সকল দেশ, সংশ্লিষ্ট সংস্থাসমূহ ও বেসরকারি খাত এবং অন্যান্য পক্ষকে উৎসাহ দিচ্ছে, এবং এই বিষয়ে তাদের কাজের ফলাফল আদান প্রদান করতে, বিশেষ করে UNFCCC ওয়েবসাইটের[১] ওয়েব প্ল্যাটফর্ম ব্যবহার করতে উৎসাহিত করছে।

৫. এছাড়াও এই সভা উন্নয়নশীল দেশগুলিকে বন উজাড় ও বন অবক্ষয়ের চালিকগুলোকে মোকাবেলায় অন্যান্য উন্নয়নশীল দেশসমূহ এবং সংশ্লিষ্ট সংস্থা ও সংশ্লিষ্ট পক্ষগুলোর বিদ্যমান ও চলমান কার্যক্রমসমূহের তথ্য সংগ্রহ করাকে আমলে নিতে উৎসাহিত করছে।

**১০ম প্লানারি মিটিং ।২২ নভেম্বর ২০১৩**

**পাদটিকাঃ**

১ <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

**সিদ্ধান্ত ১৬/কপ. ২১ প্যারিস থেকে** (DECISION 16/CP.21 FROM PARIS)

**শিরোনাম: বিকল্প নীতি কৌশলসমূহ যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি।**

(Alternative policy approaches, such as joint mitigation and adaptation approaches for the integral and sustainable management of forests)

এই সিদ্ধান্তটি ২০০৯ সালে কোপেনহেগেনে গৃহীত সিদ্ধান্ত ৪/কপ.১৫ প্যারা ১ এ উল্লিখিত অনুরোধ অনুযায়ী বন উজাড় ও বন অবক্ষয়ের পেছনের চালিকাশক্তি চিহ্নিত করতে এবং তাদের মোকাবেলার ব্যবস্থাসমূহ নির্ধারণে, নিঃসরণ এবং অপসারণ প্রাক্কলনের জন্য IPCC'র নির্দেশিকা ব্যবহার করা ছাড়াও বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য বিকল্প নীতিপন্থা হিসেবে যৌথ প্রশমন ও অভিযোজন কৌশল প্রভৃতির সমন্বয়ে একটি শক্তিশালী ও স্বচ্ছ জাতীয় বন পরিবীক্ষণ ব্যবস্থা স্থাপনের প্রয়োজনীয়তার পাশাপাশি বনাঞ্চল সুরক্ষার উপায়সমূহের জন্য নির্দেশনা ও এ জন্য তথ্য ব্যবস্থা গড়ে তোলার বিষয়সমূহ আমলে নিয়েছে (notes that)।

সিদ্ধান্তটি আরও উল্লেখ করেছে যে, ঐ দেশগুলো যারা এ ধরনের পন্থা অনুসরণ করছে তারা একটি জাতীয় কৌশল বা কর্মপরিকল্পনা তৈরির বিষয়টি বিবেচনা করতে পারে, সহায়তার বিষয় গুলো (support needs) চিহ্নিত করতে পারে, এই সহায়তা কিভাবে পাঁচটি REDD+ কার্যক্রমে অবদান রাখতে পারে তা প্রদর্শন করতে পারে এবং UNFCCC ওয়েবসাইটের ওয়েবপ্ল্যাটফর্মের মাধ্যমে তথ্য আদান প্রদান করতে দেশসমূহকে উৎসাহিত করছে। এই সিদ্ধান্ত বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহ বিবেচনা করার বিষয়টি সমাপ্ত করছে ।



স্থানীয় জনগোষ্ঠীরা বন উজাড় ও অবক্ষয় বিষয়ে তাদের অভিজ্ঞতা বিনিময় করছেন।
ছবি: UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

## সিদ্ধান্ত ১৬/কপ. ২১ প্যারিস থেকে (DECISION 16/CP.21 FROM PARIS)

**শিরোনাম: বিকল্প নীতি কৌশলসমূহ যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি।**

(Alternative Policy Approaches, such as Joint Mitigation and Adaptation Approaches for the Integral and Sustainable Management of Forests)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ২/কপ ১৭, প্যারা ৬৭, এবং ১/কপ ১৮, প্যারা ৩৯, স্মরণ করে,

১. আমলে নিচ্ছে যে, সিদ্ধান্ত ১/কপ, প্যারা ৩৯ এ উল্লিখিত বাজার বহির্ভূত কৌশলগুলোর যে পদ্ধতিগত দিকসমূহ রয়েছে তা ৯/কপ ১৯ থেকে ১৫/কপ ১৯ এর সিদ্ধান্তের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হয়েছে।

২. এই সভা সিদ্ধান্ত ৯/কপ.১৯ এ উল্লিখিত বিকল্প নীতি কৌশলসমূহ যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের কৌশলসমূহের (references) এবং এই ধরনের পন্থাসমূহের বিষয়ে এই সিদ্ধান্ত অনুযায়ী ব্যাখা প্রদানের প্রয়োজনীয়তাকে আমলে নিচ্ছে।

৩. এই সভা স্বীকার করছে যে, বিকল্প নীতি কৌশলসমূহর যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতির প্রয়োজন পদ্ধতিগত নির্দেশনা সিদ্ধান্ত ৪/কপ১৫, প্যারা ১ অনুযায়ী, এছাড়া ও পদ্ধতিগত নির্দেশনা প্রয়োজন সুরক্ষার বিষয় সমূহের উপর এবং সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা ও মান্য করা হচ্ছে সে সম্পর্কে তথ্য প্রদান পদ্ধতি, যখন বন উজাড় ও বন অবক্ষয় রোধ করার বিষয়ে অথবা বনের টেকসই ব্যবস্থাপনা, কার্বন মজুদ বৃদ্ধি অথবা সংরক্ষণ কর্মসূচি নেওয়া হয় নিঃসরণ হ্রাস করার জন্য।

৪. এই সভা স্বীকার করছে যে, বিকল্প নীতি কৌশলসমূহর যেমন বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজনের পদ্ধতি ফলাফল ভিত্তিক অর্থপ্রাপ্তির একটি বিকল্প পন্থা, যা সিদ্ধান্ত ৯/কপ ১৯ এ উল্লিখিত আছে, এবং এগুলো সিদ্ধান্ত ১/কপ ১৬, প্যারা ৭০ এ উল্লিখিত দীর্ঘমেয়াদি টেকসই কার্যকলাপ সমূহ বাস্তবায়নে ভূমিকা রাখতে পারে।

৫. সিদ্ধান্ত গ্রহণ করছে যে, উন্নয়নশীল দেশসমূহের যারা বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে সহায়তা পেতে চান, সে সব দেশসমূহ নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নিতে পারেনঃ

(ক) সিদ্ধান্ত ১/কপ ১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যাবলী বাস্তবায়নের জন্য জাতীয় কৌশল বা কর্ম পরিকল্পনা তৈরি যা বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনায় সহায়তার করবে;

(খ) আর্থিক সম্পদ এবং কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতাসহ সহায়তার চাহিদাসমূহ সনাক্তকরণ;

(গ) বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনায় যৌথ প্রশমন ও অভিযোজন কৌশলের মতো বিকল্প নীতি কৌশলসমূহ কিভাবে সিদ্ধান্ত ১/কপ ১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যকলাপ সমূহে অবদান রাখতে পারে তা তুলে ধরতে একটি প্রস্তাবনা প্রণয়ন;

(ঘ) জাতীয় পরিস্থিতি অনুযায়ী ফলাফল ও উন্নতি করার সুযোগ গুলোকে বিবেচনায় নেওয়া, যথাযথ ক্ষেত্রে অভিযোজিত শিক্ষা ও অভিজ্ঞতা ব্যবহার করে আগাম অসম্পাদিত সংস্করণ (Advance unedited version) জমা দেওয়া যেতে পারে।

৬. বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহের জন্য সিদ্ধান্ত ২/কপ.১৭ এর ৬৫ নং প্যারা অনুযায়ী বহুবিধ উৎসসমূহ থেকে অর্থায়ন সহ সিদ্ধান্ত ৯/কপ.১৯, এর ৫ নং প্যারাতে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আর্থিক সহায়তা প্রদানে উৎসাহিত করার বিষয়টি এই সভা আমলে নিচ্ছে।

৭. এই সভা বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহ বাস্তবায়নে আগ্রহী এবং সিদ্ধান্ত ১/কপ ১৬, প্যারা ৭০ এর উল্লিখিত কার্যাবলী বাস্তবায়নে সহায়তাকারী দেশসমূহকে UNFCCC'র ওয়েবপ্লাটফর্মের ওয়েবসাইটের[১] মাধ্যমে তথ্য প্রদানে আহ্বান জানাচ্ছে।

৮. এই সভা সিদ্ধান্ত ১/কপ.১৮ এর প্যারা ৩৯ এর প্রেক্ষিতে বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহ বিবেচনা করার বিষয় সম্পর্কিত আলোচনা সমাপ্ত করছে।

**পাদটিকাঃ**

[১] <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

## প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১৭/কপ.২১ (DECISION 17/CP.21 FROM PARIS)

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদানকালে স্বচ্ছতা, ধারবাহিকতা,সামগ্রিকতা ও কার্যকারীতা নিশ্চিত করতে অধিকতর নির্দেশনা।**

(Further guidance on ensuring transparency, consistency, comprehensiveness and effectiveness when informing on how all the safeguards referred to in decision 1/CP.16, appendix I, are being addressed and respected.)

সুরক্ষা তথ্যব্যবস্থা এবং সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত সারসংক্ষেপ বিষয়ে পূর্ববর্তী সিদ্ধান্তসমূহের অতিরিক্ত হিসেবে এই সিদ্ধান্তে বনাঞ্চল সুরক্ষার সকল উপায়সমূহ কিভাবে বাস্তবায়িত ও মান্য করা হয়েছে সে সংক্রান্ত সারসংক্ষেপ তথ্যাবলীর মাধ্যমে কিভাবে পাঁচটি REDD+ কার্যক্রম সম্পন্ন হয়েছে সে সম্পর্কিত তথ্য প্রদানে রাষ্ট্রপক্ষসমূহকে অনুরোধ করা হয়েছে। এছাড়াও এই সিদ্ধান্ত রাষ্ট্রপক্ষসমূহকে নিম্নলিখিত ৪টি বিষয়ে তথ্য প্রদানের অনুরোধ জানিয়েছে:

১. সুরক্ষার বিষয়াদির সাথে সম্পর্কিত প্রাসঙ্গিক জাতীয় পরিস্থিতি সমূহের বর্ণনা;

২. জাতীয় পরিস্থিতি অনুযায়ী সুরক্ষার সাতটি বিষয়াদির বিবরণ ;

৩. সুরক্ষার উপর গৃহীত বিদ্যমান ব্যবস্থা ও প্রক্রিয়াসমূহ;

৪. জাতীয় পরিস্থিতি অনুযায়ী সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য।

এই 'উৎসাহীত করা হচ্ছে' (encourages) শব্দ ব্যবহারের মাধ্যমে এটি স্পষ্ট করা হয়েছে যে, সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদান বাধ্যতামূলক না হলেও তথ্যাবলীর সারসংক্ষেপ প্রণয়নের সময় এটিকে বিবেচনায় নেওয়া দেশগুলোর জন্য সহায়ক হবে। SBSTA'র অধীনে সুরক্ষার তথ্যব্যবস্থা (safeguards information systems) সম্পর্কিত নির্দেশনার বিষয়ে অতিরিক্ত আর কোন নির্দেশনার প্রয়োজন হবে না বলে এ বিষয়ক আলোচনার সমাপ্তি টানা হয়েছে।



জ্বালানী চাহিদা মেটানোর জন্য বন থেকে অল্পবয়স্ক গাছ কেটে নিয়ে যাচ্ছে স্থানীয় লোকজন।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

## প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১৭/কপ.২১ (DECISION17/CP.21 FROM PARIS)

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদানকালে স্বচ্ছতা, ধারবাহিকতা, সামগ্রিকতা ও কার্যকারীতা নিশ্চিত করতে অধিকতর নির্দেশনা।**

(Further guidance on ensuring transparency, consistency, comprehensiveness and effectiveness when informing on how all the safeguards referred to in decision 1/cp.16, Appendix i, are being addressed and respected.)

## জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ১/কপ.১৬, ১২/কপ.১৭, ৯/কপ.১৯, ১১/কপ.১৯ এবং ১২/কপ.১৯ কে স্মরণ করিয়ে দিচ্ছে, এবং

উল্লেখ করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষা পদ্ধতির বাস্তবায়ন এবং গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্যাবলীর ক্ষেত্রে জাতীয় পরিস্থিতি ও সক্ষমতাসমূহ, জাতীয় সার্বভৌমত্ব ও আইনকানুন এবং সংশ্লিষ্ট আন্তর্জাতিক বাধ্যবাধকতা এবং চুক্তিসমূহকে বিবেচনায় নিতে হবে,

এই সম্মেলন সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১ এ উল্লিখিত উপাদানসমূহের বিকাশের জন্য পর্যাপ্ত এবং অনুমানযোগ্য আর্থিক ও কারিগরি সহায়তার গুরুত্বের বিষয়টিকে স্মরণ করিয়ে দেওয়ার পাশাপাশি আরও স্মরণ করিয়ে দিচ্ছে যে, সম্মেলনের দেশসমূহ জাতীয় পর্যায়ে নিঃসরণের স্থানচ্যুতি পর্যবেক্ষণ এবং প্রতিবেদন প্রদানের বিষয়টি নিয়ে সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭১(গ) তে পৃথকভাবে সম্মত হয়েছে,

১. এই সম্মেলন পূনর্ব্যক্ত করছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭, প্যারা ১ এবং ৩ অনুসারে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এর মধ্যে উল্লিখিত কার্যক্রমের দায়িত্ব গ্রহণকারী উন্নয়নশীল দেশসমূহকে ঐ কার্যক্রমসমূহের বাস্তবায়নকালীন সময়ে সিদ্ধান্ত ১/কপ.১৬, পরিশিষ্ট ১ এ উল্লিখিত সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত একটি সারসংক্ষেপ প্রদান করতে হবে;

২. এই সভা আরও পুনর্ব্যক্ত করছে যে, সিদ্ধান্ত ১২/কপ.১৭ এবং ১২/কপ.১৯ অনুযায়ী উপরের প্যারা ১ এ উল্লিখিত তথ্যের সারসংক্ষেপ নির্দিষ্ট সময় পর পর প্রদান করতে হবে;

৩. এই সভা আমলে নিচ্ছে যে, সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদানকালে স্বচ্ছতা, ধারবাহিকতা, সামগ্রিকতা ও কার্যকারীতা নিশ্চিত করতে হবে;

৪. এই সভা এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করছে যে, উন্নয়নশীল দেশসমূহকে সিদ্ধান্ত ১২/কপ.১৭, প্যারা ১ ও ৩ এবং সিদ্ধান্ত ৯/কপ.১৯, প্যারা ৪ কে বিবেচনায় নিয়ে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত এক বা একাধিক কর্মকাণ্ড যা উপরের প্যারা ১ এ উল্লিখিত তথ্যের সারসংক্ষেপের মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদান করতে হবে;

৫. এই সভা উন্নয়নশীল দেশসমূহকে উপরের প্যারা ১ এ উল্লিখিত তথ্যাবলীর সারসংক্ষেপ প্রদানের সময়ে প্রযোজ্য ক্ষেত্রে নিম্নলিখিত উপাদানসমূহকে অন্তর্ভূক্ত করতে দৃঢ়ভাবে উৎসাহিত (Strongly encourages) করছে:

(ক) সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলার সাথে সংশ্লিষ্ট জাতীয় পরিস্থিতি সম্পর্কে তথ্য;
(খ) জাতীয় পরিস্থিতি অনুযায়ী সুরক্ষার সাতটি বিষয়াদির বিবরণ;
(গ) জাতীয় পরিস্থিতি অনুসারে সিদ্ধান্ত ১২/কপ.১৭ এ উল্লিখিত তথ্য ব্যবস্থা সহ বিদ্যমান সুরক্ষা ব্যবস্থা এবং মেনে চলার বিষয়ে সংশ্লিষ্ট পদ্ধতিসমূহের একটি বিবরণ; প্রযোজ্য ক্ষেত্রে অসম্পাদিত সংস্করণ (advance unedited version) জমা দেওয়া যেতে পারে;
(ঘ) জাতীয় পরিস্থিতিকে বিবেচনায় নিয়ে সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য।

৬. এই সভা উন্নয়নশীল দেশসমূহকে উপরের প্যারা ১ এ উল্লিখিত তথ্যের সারসংক্ষেপে সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদান করতে উৎসাহিত করছে;

৭. উন্নয়নশীল দেশসমূহকে পর্যায়ক্রমে উপরের প্যারা ১ এ উল্লিখিত তথ্যের সারসংক্ষেপে প্রদত্ত তথ্যাবলীকে আরও উন্নত করার জন্য আরও উৎসাহিত করছে;

৮. এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে, সুরক্ষার বিষয়াদির উপর গৃহীত ব্যবস্থা এবং মেনে চলা হয়েছে সে সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে সিদ্ধান্ত ১২/কপ.১৭, প্যারা ৬ অনুযায়ী স্বচ্ছতা, ধারাবাহিকতা, সামগ্রিকতা এবং কার্যকারিতা নিশ্চিত করতে আর কোন নির্দেশনার প্রয়োজন হবে না।

# সারসংক্ষেপ | Summary

**প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১৮/কপ.২১** (DECISION 18/CP.21 FROM PARIS)

**শিরনামঃ সিদ্ধান্ত ১/কপ ১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রাপ্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের পদ্ধতিগত বিষয়াবলী।**

(Methodological issues related to non-carbon benefits resulting from the implementation of the activities referred to in decision 1/CP.16, paragraph 70.)

সম্মেলন এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, ফলাফল ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহ কোন আবশ্যিক শর্ত হিসেবে বিবেচিত হবে না। কিন্তু এটি কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের (non carbon benefits) গুরুত্বকে স্বীকার করে নিচ্ছে এবং দেশসমূহকে UNFCCC'র ওয়েবসাইটের ওয়েব প্লাটফর্মের মাধ্যমে কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের ওপর তথ্যাবলী প্রদানের জন্য উৎসাহিত করছে।



বনে আগুন দিয়ে গাছ পুড়িয়ে কাঠ ও জ্বলানী সংগ্রহ করে অনেক স্থানীয় অধিবাসী।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

## প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১৮/কপ.২১ (DECISION 18/CP.21 FROM PARIS)

**শিরোনাম: সিদ্ধান্ত ১/কপ১৬, অনুচ্ছেদ ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রাপ্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহ সংশ্লিষ্ট পদ্ধতিগত বিষয়াবলী।**

(Methodological issues related to non-carbon benefits resulting from the implementation of the activities referred to in decision 1/cp.16, Paragraph 70.)



### জাতিসমূহের সম্মেলন,

সিদ্ধান্ত ১/কপ.১৬, ১/কপ.১৮ এবং ৯/কপ.১৯, প্যারা ২২ কে স্মরণ করিয়ে দিচ্ছে,

এই সভা সিদ্ধান্ত ৯/কপ.১৯, প্যারা ২২ দ্বারা স্বীকৃত সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রম সমূহের বাস্তবায়নে দীর্ঘমেয়াদি স্থায়িত্বের জন্য কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের (non carbon benefits) প্রণোদনার বিষয়টি গুরুত্বের সাথে পূণঃর্ব্যক্ত করছে,

একই সঙ্গে স্বীকৃতি প্রদান করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহের সাথে সম্পর্কিত কার্বন ব্যতীত অন্যান্য বহুবিধ সুবিধাসমূহ অভিযোজন প্রক্রিয়ায় অবদান রাখতে পারে;

১. এই সম্মেলন স্বীকৃতি প্রদান করছে যে, সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমের সঙ্গে যুক্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহ জাতীয় পরিস্থিতি, সার্বভৌমত্ব, আইনকানুন, নীতিমালা ভেদে ভিন্ন হবে।

২. এছাড়াও স্বীকার করছে যে, উন্নয়নশীল দেশগুলো তাদের জাতীয় পরিস্থিতি ও সক্ষমতা অনুযায়ী সিদ্ধান্ত ১ / কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কর্মকাণ্ডসমূহের দীর্ঘমেয়াদি টেকসই স্থায়িত্ব বৃদ্ধিতে কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের সঙ্গে সমন্বিত করতে সহায়তা চাচ্ছে তারা কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহের প্রকৃতি, মাত্রা এবং প্রয়োজনীয়তার তথ্যাবলী প্রেরণ করবে।

৩. উন্নয়নশীল দেশগুলোকে UNFCCC ওয়েববসাইটের ওয়েব প্লাটফর্মের মাধ্যমে উপরের প্যারা ২ এ উল্লিখিত তথ্যাবলী প্রদানে উৎসাহীত করছে[১]।

৪. আগ্রহী উন্নয়নশীল দেশগুলোকে উপরের প্যারা ২ এ উল্লিখিত তথ্যাবলী যথোপোযুক্ত ক্ষেত্রে আগ্রহী দেশ এবং সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান সমূহের (financing entities) সঙ্গে আদান প্রদান করতে আহ্বান করা হচ্ছে।

৫. সিদ্ধান্ত ১/কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কর্মকাণ্ড ও কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রাপ্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিদাধির সঙ্গে সম্পর্কিত পদ্ধতিগত বিষয়সমূহ (methodological issues) সিদ্ধান্ত ১/কপ.১৬ উল্লিখিত ফলাফল ভিত্তিক কার্যক্রমসমূহের অর্থ পরিশোধ সংক্রান্ত কার্যক্রম ও কর্মকাণ্ডসমূহ বাস্তবায়নে সিদ্ধান্ত ৯/কপ.১৯ অনুযায়ী উন্নয়নশীল দেশসমূহকে সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে কোন বিশেষ চাহিদা উত্থাপনের সুযোগ সৃষ্টি করবে না।

৬. এই সভা সিদ্ধান্ত ১ /কপ.১৬, প্যারা ৭০ এ উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ফলে প্রাপ্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিদাধির সঙ্গে সম্পর্কিত পদ্ধতিগত বিষয়সমূহ (methodological issues) নিয়ে আলোচনা এই অধিবেশনে সমাপ্ত করা হচ্ছে।

**১০ম পূর্ণাঙ্গ অধিবেশন । ১০ ডিসেম্বর ২০১৫**

**পাদটিকাঃ**

[১] <http://unfccc.int/redd>

# সারসংক্ষেপ | Summary

**প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১/কপ.২১** (DECISION 1/CP.21 FROM PARIS)

**শিরোনাম: গৃহীত প্যারিস চুক্তি।**

(Adoption of the Paris Agreement )

ডিসেম্বর ২০১৫ এ প্যারিস চুক্তি গৃহীত হওয়ার মধ্যে দিয়ে REDD+ এর গুরুত্ব এবং পর্যাপ্ত ও পূর্বানুমেয় আর্থিক সংস্থানের প্রয়োজনীয়তার বিষয়টিকে তুলে ধরেছে ।



মধুপুর জাতীয় উদ্যানের অংশ বিশেষ।
ছবি: মোঃ মনিরুজ্জামান/UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি

# বিশদ অনুবাদ | Decision

**প্যারিসে গৃহীত সিদ্ধান্ত ১/কপ.২১** (DECISION 1/CP.21 FROM PARIS)

**শিরোনামঃ গৃহীত প্যারিস চুক্তি।**

(Adoption of the Paris Agreement)

## অর্থ সম্মন্ধীয় অনুচ্ছেদ (FINANCE SECTION)

দেশসমূহের ২১তম সম্মেলনের সিদ্ধান্তবলীর ৫৪ নং ধারায় বন উজাড় ও অবক্ষয় রোধের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস ও বন সংরক্ষণের ভূমিকা, বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বনাঞ্চলের কার্বন মজুদের বৃদ্ধি সহ বনের সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন এবং অভিযোজন কার্যক্রমের মতো বিকল্প নীতি কৌশলসমূহ বাস্তবায়নের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ফলাফলভিত্তিক অর্থ প্রদানসহ পর্যাপ্ত এবং পূর্বানুমেয় আর্থিক সংস্থানের গুরুত্বের বিষয়টিকে স্বীকৃতি প্রদান করছে।



একই সময়ে এরকম কৌশলসমূহের সঙ্গে যুক্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহকে প্রযোজ্য ক্ষেত্রে প্রণোদনা দেওয়ার গুরুত্বের বিষয়টি পূণর্ব্যক্ত করছে; সহায়তার ধরন সরকারি বা বেসরকারি যাই হোক না কেন, সবুজ জলবায়ু তহবিলের (Green Climate Fund) মত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক উৎসসমূহ এবং দেশসমূহের সম্মেলন কর্তৃক সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ অনুযায়ী অর্থায়নের বিকল্প উৎসসমূহের সমন্বয়কে উৎসাহিত করছে।

## প্যারিস চুক্তি (PARIS AGREEMENT)

### অনুচ্ছেদ ৫ (Article 5)

১. সমঝোতার (১৯৯২) অনুচ্ছেদ ৪, প্যারা ১(ঘ) অনুযায়ী দেশসমূহ বনাঞ্চল সহ গ্রীনহাউজ গ্যাসসমূহের জমাগার (sinks) এবং আধারসমূহকে (reservoirs) যথাযথভাবে সংরক্ষণ এবং বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করবে।

দেশসমূহকে বন উজাড় ও বন অবক্ষয় রোধের মাধ্যমে নিঃসরণ হ্রাস এবং বন সংরক্ষণ, উন্নয়নশীল দেশসমূহে বনভূমির টেকসই ব্যবস্থাপনা এবং বন কার্বন মজুদ বৃদ্ধি করতে এবং বনভূমির সামগ্রিক ও টেকসই ব্যবস্থাপনার জন্য যৌথ প্রশমন ও অভিযোজনের মতো বিকল্প কৌশল গ্রহণের জন্য ফলাফল ভিত্তিক অর্থ প্রদানসহ সমঝোতার (১৯৯২) অধীনে নির্ধারিত বিদ্যমান কাঠামোর সঙ্গে সংশ্লিষ্ট নির্দেশাবলী এবং ইতোমধ্যে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও সহায়তা প্রদানে উৎসাহিত করা হচ্ছে; একই সময়ে এরকম কৌশলসমূহের সঙ্গে যুক্ত কার্বন ব্যতীত অন্যান্য সুবিধাসমূহকে প্রযোজ্য ক্ষেত্রে প্রণোদনা দেওয়ার বিষয়টি গুরুত্বের সাথে পুনর্ব্যক্ত করছে।



**মতামত ও পরামর্শের জন্য যোগাযোগের ঠিকানা**


UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি
রুম: ৫১৯, চতুর্থতলা, বন ভবন, প্লট: ই-৮, বি-২, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ
ইমেইল: pd-unredd@bforest.gov.bd
www.bforest.gov.bd


বন অধিদপ্তর